# Fishing Gears Diversity in Sunamganj

## Haor region within CBRMP's working area



**Community Based Resource Management Project**
**Local Government Engineering Department**
**WorldFish**

Fishing Gears Diversity in Sunamganj, Haor region within CBRMP's working area

# Fishing Gears Diversity in Sunamganj

Haor region within CBRMP's working area


Research and Text
WorldFish

Research Team:
WorldFish
Tarun Kumar Mustafy
A.K.M. Firoz Khan
M. G. Mustafa
Balaram Mahalder

Published by: Community Based Resource Management Project
LGED, Agargaon, Dhaka 1207, Bangladesh

First published:
Copyright: © 2013, CBRMP-LGED
Reproduction of this publication for education or other non-commercial purposes is permitted without special permission from the copyright holder provided the source is fully acknowledged. CBRMP-LGED would appreciate receiving a copy of any publication, which uses this document as a source. Reproduction of this publication for resale or other commercial purposes is strictly prohibited without prior written permission from the copyright owner.

Photography: Balaram Mahalder, Turun Kumar Mustafy, Md. Mizanur Rahman

Editing: Dr. M. Niamul Naser, Professor, Department of Zoology, University of Dhaka
A. K. M. Firoz Khan, Project Leader, WorldFish
M. G. Mustafa, Scientist, WorldFish

Design and layout: Masum Babu

Printing: Innovation

Contact: Sk. Md. Mohsin
Project Director
Community Based Resource Management Project
Local Government Engineering Department

A. K. M. Firoz Khan
Project Leader, FRSP
WorldFish, BANGLADESH



## Message

It is a pleasure for me to note that a book on research output on fishing gears using in the beels from Sunamganj Haor areas is going to be published under the initiative of the Community Based Resource Management Project (CBRMP) of LGED and WorldFish. The project is working on open water fisheries management in associations with a few reputed and specialized institutions for successful implementation of its intended objectives. The WorldFish is one of those institutions engaged in biodiversity monitoring to make the program effective.

CBRMP in its fisheries resource management attaches appropriate priority to fish habitat restoration and conservation and I am happy to learn that the project has largely impacted on increased fish production, biodiversity and species diversification.

This literature is a product of sincere and rigorous effort of WorldFish under the initiative and care of CBRMP-LGED. This document is expected to be fruitful and very effective not only for the purposes of CBRMP, but for the use of others are working in fisheries management in haor basin for fisheries development in a responsive manner.

I congratulate all associated with such a research-oriented effort, and hopeful in its future continuation with more worthy productions.



**Md. Wahidur Rahman**
Chief Engineer
Local Government Engineering Department



# Foreword

This book on fishing gears diversity of Sunamganj haor area is a product made in the view of present fishing gears use where CBRMP works. The documentation has been made by the WorldFish in close assistance of beel users' group members of CBRMP.

CBRMP is engaged to introduce community based fisheries management in Sunamganj haor region. The efforts include development of fish habitat through re-excavation, establishing fish sanctuary, promoting swamp forestry, initiating conservation campaign, and improving the connectivity of beels. Total of 235 beels have been come under fisher community management and has covered a total area of 4000 acres. The WorldFish, along with other few institutions, is assisting CBRMP to carry out monitoring the activities for a responsive fisheries management.

To prepare the book has taken more than four years that started in 2008. Identifications of the gears, a recognized and easy to understand method has been followed so that it becomes useful to a wide cross section of people.

Prior to finalize the book rigorous reviews have been carried out in participation of local fishers, scientists, officials from Department of Fisheries and Universities to make the book authentic in all aspects.

This is another one of the products of the CBRMP and WorldFish nexus. We have a plan to document more information for promoting conservation of beel fisheries resources. A close supervision and monitoring on fish biodiversity is being undertaken to collect data in a comprehensive manner towards that end.

I expect that this book would give the knowledge about available fishing gears use in Sunamganj haor area as a whole, and the people who are involved in fisheries management in haor region would be benefited with the information compiled in this book.

**Sk.Md. Mohsin**
Project Director
Community Based Resource Management Project - LGED



# Preface

This book is modest attempt at identifying fishing gears used in Sunamganj haor, especially in areas under Community Based Resource Management Project (CBRMP). The CBRMP has promoted community based resource management approaches that, along with their livelihoods components, have been helping to conserve and enhance natural fish stocks in the haor basin. The WorldFish support to LGED involves a number of areas including impact monitoring of CBRMP on fish catch, bio-diversity, and livelihoods.

It is worthy to mention, documentation of freshwater fishing instruments in Bangladesh is very limited, particularly of the haor area. The haor area comprised of over 500,000 ha seasonal of water resources was once endowed with enormous fisheries resources which are exploited with fishing gears. Various types of fishing gears (traps, nets and wounding) are used for collecting inland capture fishery in Bangladesh; and have diversification of its size, shape and operation procedures. Seine net, lift net, fixed engine/net, set bag net, cast net, push net, pull net, barrage net etc are widely used in Sunamganj haor basin. Apart from these, different types of traps and some wounding gears are used as commonly. There are couples of local names of a gear in different local area in haor makes us confusion, so it was a hard task to identify and collect proper information on these specific gears. To collect the data, information and still photography we have to reach the place where fishers operating the gears, sometimes we have to stay night in the village for photography and observe the operation techniques. The limited documentation fishing gear in haor area has led us to compile this book in order to make information available to fisher communities, other resource users and fisheries professionals in these areas. The book presents a collection of gears recorded in the CBRMP project area during monitoring conducted by the WorldFish from 2008 to 2012. The book contains a total of 63 gears found in Sunamganj haor area. I believe that the book will be of interest to wider audiences involved in fisheries management, research and study, and will help to support assessments of bio-diversity, usefulness or harmfulness of its operation and preserve the gears which are being lost from Sunamganj haor area.

Finally, I thank the researchers who contributed the compilation of this book for their hard work in preparing this informative resource on haor fisheries, and hope that it will be employed for fishing gear identification by scientists, researchers, students and field level workers involved in all types of fisheries research in Bangladesh.



**Dr. Craig A Meisner**

Director,

WorldFish, Bangladesh and South Asia

# Acknowledgement

We like to our deep appreciation to Dr. Craig A Meisner, Regional Director, WorldFish, Bangladesh and South Asia Office for his dedicated interest and extending support in this publication.

We are also thankful to Sk.Md. Mohsin, Project Director, Community Based Resource Management Project (CBRMP) for his cordial support for publishing this guide.

Our sincere gratitude goes to Dr. Niamul Naser, Professor, Department of Zoology, University of Dhaka for reviewing the manuscript and providing valuable suggestions to improve the book.

Our special thanks are due to Abdul Haye Chowdhuary, Fisheries Support Coordinator and his team of CBRMP as well as IFAD mission for their support towards the printing of this book and make it a valuable publication.

We are especially thankful to Md. Mizanur Rahman, Research Assistant; Md. Salim Reza Khan Research Assistant; and G.M. Saidur Rahman, Research Assistant for their cordial support and inspiration to prepare this book.

We are particularly thankful to Subol Chandra Das, Sunil Chadra Barman and other Community Enumerators who helped us to take photography.

Finally we like to express our gratefulness to all the CBRMP staff, Beel User Group (BUG) members, fishermen and Community Enumerators, who helped us to take the gears photographs and information.

**Research Team**

# Contents

**Page**


| | |
|---|---|
| Methodology | |
| Section - 1 | |
| Fishing Trap | 1 |
| A(1) Kuti Chai/ Echa Chai | 3 |
| A(2) Icha Chai | 4 |
| A(3) Banjali/ Tin Muikha, Trap Bair | 5 |
| A(4) Sat Muikkha | 6 |
| A(5) Mochna Chai | 7 |
| A(6) Bang Chai/Ghuni Chai | 8 |
| A(7) Duri/Echar Duri | 9 |
| A(8) Balish Chai/Koiya Chai | 10 |
| A(9) Gui/Kun | 11 |
| A(10) Ronga | 12 |
| A(11) Baim Ronga | 13 |
| A(12) Tubular Kuichcha Chai | 14 |
| A(13) Box shaped Kuichcha Chai | 15 |
| FAD (Fish Aggregating Device) or Open Trap | 16 |
| B(1) Dal or Katha | 16 |
| B(2) Deaoa Jal | 17 |
| B(3) Chai Ban or Pati Ban | 18 |
| B(4) Light Trap | 19 |
| B(5) Hogra | 20 |
| B(6) Chonga | 21 |
| B(7) Gata/Doba/Gara | 22 |
| B(8) Vira or Ghuitta for catching Icha | 23 |
| B(9) Polo | 24 |
| B(10) Naia Ocha | 25 |
| B(11) Kura Ocha | 26 |
| Hook | 27 |
| 1. Boal Hook/Pocha Hook | 28 |
| 2. Tanga Hook | 29 |
| 3. Daitta Borshi | 30 |
| 4. Laar Borshi | 31 |
| 5. Chip Borshi | 32 |
| 6. Khili Daitta | 33 |

# Contents


| | Page |
|---|---|
| Wounding gears | 34 |
| 1. Thuri cocha or caicha cocha | 34 |
| 2. Cocha or Chol | 35 |
| 3. Aittor | 36 |
| 4. Gash Coch or Jogorr | 37 |
| 5. Cuchiar Kali | 38 |
| 6. Ring | 39 |
| Other fishing instruments | 40 |
| Hand | 40 |
| Section - 2 | 41 |
| 1(1) Push Net/Thela Jal | 41 |
| 1(2) Push Net/Ochu Jal | 42 |
| 2(1) Seine Net/Kona Jal | 43 |
| 2(2) Seine Net/Gon Jal | 44 |
| 2(3) Seine Net/Gorgori Jal | 45 |
| 3(1) Lift Net/ Dharma Jal | 46 |
| 3(2) Lift Net/ Veshal Jal | 47 |
| 3(3) Lift Net/ Chata Jal | 48 |
| 4(1) Gill Net/ Current Jal | 49 |
| 4(2) Gill Net/ Koi Jal | 50 |
| 4(3) Gill Net/ Chela Jal | 51 |
| 4(4) Gill Net/ Bata Jal | 52 |
| 4(5) Gill Net/ Suti Jal | 53 |
| 5(1) Cast Net/ Jhaki Jal | 54 |
| 5(2) Cast Net/ Bachuri Jal | 55 |
| 5(3) Cast Net/ Utar Jal | 56 |
| 6. Lantern Net/ Chabi Jal | 57 |
| 7(1) Drag Net/ Tana Jal | 58 |
| 7(2) Drag Net/ Ichar Jal | 59 |
| 7(3) Drag Net/ Para Jal | 60 |
| 8(1) Set Bag Net/ Bhar Jal | 61 |
| 8(2) Set Bag Net/ Gor Jal | 62 |
| 8(3) Set Bag Net/ Bandor Jal | 63 |
| 8(4) Set Bag Net/ Basta Jal | 64 |
| 8(5) Set Bag Net/ Dera Jal | 65 |
| 9. Skimming Net/ Lewa Jal | 66 |
| Building material of fishing gear, trap etc: | 67 |
| References | 68 |

# Methodology

A checklist of gear identification was used to collect information from the individual fisher and through group discussion interviews and observation. Information was collected from the fishing spot during fishing was being done in the haors, beels, haor connected canals and rivers. Most of the photographs were taken during operation of gear. Data was colleted from the areas of Community Based Resource Management Project area implemented by the Local Government and Engineering Division (CBRMP-LGED). The project is implemented in all the 11 Upazilas in Sunamganj District. The Upazilas are namely Sunamganj Sadar, South Sunamganj, Derai Upazila, Jogonnathpur Upazila, Biswamberpur Upazila, Jamalgonj Upazila, Tahirpur Upazila, Sulla Upazila, Doara Bazar Upazila, Dharmapasha Upazila and Chatok Upazila (figure 1).

The gear indentification Book of Das and Aparesh (2000) was used to categories gears, and local name of gears was collected from local fishers' community, DoF Sunamganj and CBRMP-LGED office. The measurement (height, breadth, wide and mesh size) of gears is used in this book is based on field experience and observations.





Figure 1. Data collection sites of CBRM project.

# Section - 1

## Fishing Trap

In Bangladesh people used to capture fish by traps from the ancient times. Different kinds of traps are used in fishing and this are varies from region to region. Fishing traps are using to trap fish. Traps are little different from other gears and used to lock fish inside in a tricky way and then traps are hold up for collecting the fishes. Capturing fish by using trap needs some special methods and movement of fish is disturbed to make the fish get trapped. Sometime fish are lured with food to get inside and an undisturbed habitat to get fish attracted into the trap. Fish enter into the trap by entrance door but traps are made in such a way that the fish can't get out from the trap.

Traps are divided into two types structurally and functionally:

1. Closed trap
2. Open trap

### 1) Closed trap

In closed trapping, once the fish enter into the trap, cannot get out of it. There are various sizes and shapes of these traps in most cases traps are medium in size. Generally free movement of fish is prevented by dams of grasses, soil, fence (bana) and by nets. Naturally fish trapped inside the trap during movement. These type of traps are use to capture small fish in the haor areas of Sunamganj. Bamboo sticks and threads are used as components of these traps. Closed traps are used in this area for maintaining the livelihood of fishermen. These are box trap, tube trap, angular trap etc. All these are explained below: One or more entrances are there.

### Box trap

Different kinds of box traps are used in Sunamganj haor area. Box traps are generally rectangular or square in shape, made of thin bamboo sticks, thread, kata (coconut scales) etc. In Sunamganj area bamboo, plastic sticks or nylon threads, kot threads are used. There is a distinct path for entering into the trap. Another path is also in the trap to get the fish out of it. Number of entrance path can differ on the basis of trap size. Then traps are lifted up from the water to collect the trapped fish. Different box traps of Sunamganj haor are described below:

# মাছ ধরার ফাঁদ

বাংলাদেশে প্রাচীনকাল থেকেই মানুষ ফাঁদের সাহায্যে মাছ ধরে আসছে। অঞ্চলভেদে ও মাছের আবাসস্থলের উপর ভিত্তি করে দেশের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ধরনের ফাঁদ দেখতে পাওয়া যায়। মাছ ধরার ফাঁদ বলতে আমরা সাধারণত সেইসব সরঞ্জামকে বুঝি যার সাহায্যে মাছকে বিশেষ উপায়ে আটকে রাখা হয় এবং পরে সেই সরঞ্জাম হতে মাছ সংগ্রহ করা হয়। অন্যান্য সরঞ্জাম হতে ইহার কিছুটা তফাৎ রয়েছে। ফাঁদের সাহায্যে সাধারণত মাছকে কৌশলে আটকে রাখা হয় ও পরে ফাঁদ পানি থেকে তুলে মাছ সংগ্রহ করা হয়। ফাঁদের সাহায্যে মাছ ধরার ক্ষেত্রে সাধারণত যেসব কৌশল প্রয়োগ করা হয় তার মধ্যে মাছের চলাচলের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে মাছকে ফাঁদের অভ্যন্তরে প্রবেশ করানো, খাবারের দ্বারা প্রলুব্ধ করে মাছকে ফাঁদের মধ্যে আকৃষ্ট করা এবং নির্বিঘ্ন আবাসস্থল তৈরী করে সেখানে মাছকে আশ্রয় নিতে আকৃষ্ট করা। বেশীর ভাগ ফাঁদের প্রবেশ পথ দিয়ে মাছ ফাঁদের মধ্যে প্রবেশ করে কিন্তু প্রবেশ পথটি এমনভাবে নির্মাণ করা হয় যে মাছ সেই পথে পুনরায় বের হয়ে আসতে পারে না।

বাংলাদেশে প্রচলিত মাছ ধরার ফাঁদগুলোকে এর গঠনগত ও প্রকৃতিগত দিক থেকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়ঃ

ক) বদ্ধ ফাঁদ

খ) মুক্ত ফাঁদ

## ক) বদ্ধ ফাঁদ

বদ্ধ ফাঁদে সাধারণত মাছ ফাঁদের ভিতর ঢুকে পুনরায় বের হতে পারে না। এতে এক বা একাধিক প্রবেশ পথ থাকে। এই ফাঁদ বিভিন্ন আকার ও আকৃতির হতে দেখা যায় তবে অধিকাংশ ক্ষেত্রেই এগুলি মধ্যম আকারের হয়ে থাকে। সাধারণত মাছের মুক্ত চলাচলের পথে মাটি বা ঘাসের সাহায্যে বাঁধ দিয়ে, বানা ও জাল দিয়ে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়। স্বভাবতই মাছ চলাচলের পথ হিসেবে ফাঁদে প্রবেশ করে এবং ফাঁদের মধ্যে আটকা পড়ে। এছাড়া কিছু কিছু বদ্ধ ফাঁদে খাবার দিয়েও মাছকে ভেতরে প্রবেশে আকৃষ্ট করা হয়। সুনামগঞ্জ হাওড় অঞ্চলে এই জাতীয় ফাঁদ সাধারণত ছোট মাছ ধরার কাজে ব্যবহৃত হয়। এই ফাঁদ তৈরিতে উপকরণ হিসেবে সাধারণত বাঁশের শলাকা/বেতী, সুতা প্রভৃতি ব্যবহৃত হয়। জীবিকা নির্বাহের তাগিদে এই অঞ্চলে বদ্ধ ফাঁদ ব্যবহৃত হতে দেখা যায়।

সুনামগঞ্জ হাওড় অঞ্চলে বিভিন্ন ধরনের বদ্ধ ফাঁদ ব্যবহৃত হতে দেখা যায়, যেমন- বাক্স ফাঁদ, নলাকার ফাঁদ, ত্রিকোনাকার ফাঁদ ইত্যাদি। নীচে সেগুলো সম্বন্ধে ধারাবাহিকভাবে আলোচনা করা হলঃ

### বাক্স ফাঁদ

বাক্স ফাঁদ আকৃতিতে সাধারণত আয়তাকার বা বর্গাকার হয়ে থাকে। অঞ্চলভেদে তৈরির উপকরণ হিসেবে বাঁশের সরু শলাকা, সূতা, কাতা (নারকেলের ছোবড়ার আঁইশ) ইত্যাদি ব্যবহার করা হয়। তবে সুনামগঞ্জ অঞ্চলে বাঁশের শলাকা, প্লাস্টিক বা নাইলন সুতা, কট সুতা ব্যবহার করা হয়। এই ফাঁদে মাছ ঢোকার জন্য নির্দিষ্ট পথ থাকে। মাছ বের করার জন্যও থাকে আলাদা পথ। মাছ ঢোকার পথের সংখ্যা ফাঁদের আয়তন অনুযায়ী ভিন্ন হয়ে থাকে। মাছ ঢোকার পথ দিয়ে ফাঁদে মাছ একবার প্রবেশ করলে আর বের হতে পারে না। অতপর পানি থেকে ফাঁদ তুলে মাছ সংগ্রহ করা হয়। সুনামগঞ্জ হাওড় অঞ্চলে ব্যবহৃত বিভিন্ন বাক্স ফাঁদ সম্পর্কে নীচে আলোচনা করা হলঃ

## ক (১) কুটি চাই/ইচা চাই

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** দোয়াইর, বাইর।



## A(1) Kuti Chai/ Echa Chai

**English name:** Box Trap.

**Local name:** Doair, Bair.

### বর্ণনাঃ

কুটি চাই আকৃতিতে প্রায় বর্গাকার ও অপেক্ষাকৃত ছোট। এর দৈর্ঘ্য ৯-১০ ইঞ্চি, উচ্চতা ৮-৯ ইঞ্চি ও বেধ ৬-৭ ইঞ্চি হয়ে থাকে। এই চাই তৈরিতে বাঁশের সরু শলাকা ও প্লাস্টিকের সুতা ব্যবহার করা হয়। এই চাইয়ের এক পাশে একটি ভাল্বযুক্ত মাছ ঢোকার লম্বা পথ থাকে, সুনামগঞ্জের আঞ্চলিক ভাষায় যাকে বলে "বানা"। এই পথ দিয়ে মাছ ভেতরে ঢুকতে পারে কিন্তু আর বের হতে পারে না। মাছ বের করার জন্য চাইয়ের উপরের কোনায় আলাদা পথ রাখা হয়। খালে-বিলে কিংবা নালায় ঘাস, বানা বা মাটি দিয়ে বাঁধ দিয়ে বাঁধের মাঝে বেশ কয়েকটি চাই এক সাথে পাশাপাশি বসিয়ে মাছ ধরা হয়। বসানোর সময় এর কিছু অংশ পানির উপরে রাখা হয় এবং জলজ শ্যাওলা বা ঘাস দিয়ে ঢেকে দেওয়া হয়। কুটি চাই বসানোর ৮-১০ ঘন্টা পর পানি থেকে তুলে মাছ সংগ্রহ করা হয়। কুটি চাই এর সাহায্যে প্রায় সারা বছরই মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত গুঁড়া ইচা ধরা হয়ে থাকে। এছাড়া এতে লাল খলিশা, গুতুম, গুচি বাইম, তারা বাইম, তিত পুঁটি, গিলি পুঁটি, কই মাছের বাচ্চা, মলা, বজুরি টেংরা, চান্দা, জাত পুঁটি প্রভৃতি ধরা পড়ে।

### Description:

Kuti chai is square  in size & comparatively small. Its length 9-10 inch, height 8-9 inch & breadth 6-7 inch. Thin bamboo sticks and plastic thread are used to prepare this trap. There is an entrance in one side of the trap with valve for the entrance of fish. In Sunamganj, locally it is called "Bana". Fish can enter through the path but can't return back. There is a small place in the upper corner of the trap for holding out the fish. Dams are prepared with mud; grass etc. and traps are placed side by side within the dams in the khal-beel and canals. During placement some portion of the trap are kept over water and this part is kept concealed with grass, plants etc. After 8-10 hours of placement of the trap, fish are collected from it. Fish can be captured with the trap throughout the year.

**Captured fish:** Small prawns are captured with this trap. Besides, Dwarf gourami, loach, barred spiny eel, lesser spiny eel, ticto barb, golden barb, small size of climbing perch, mola carplet, stripped dwarf cat fish, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, pool barb etc. are captured with this.

## ক(২) ইচা চাই

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** দোয়াইর, বাইর।

## A(2) Icha Chai

**English name:** Box Trap.

**Local name:** Doair.



### বর্ণনাঃ

ইচা চাই সাধারণত আকৃতিতে আয়তাকার ও ছোট। লম্বায় ১-১.৫ ফুট, উচ্চতায় ৮-৯ ইঞ্চি ও বেধ ৬-৭ ইঞ্চি হয়ে থাকে। বাঁশের সরু শলাকা ও প্লাস্টিকের সুতা দিয়ে এটা তৈরি করা হয়। এই চাইয়ে দুইটি প্রবেশ পথ থাকে। এর উপরে এক কোনায় মাছ বের করার পথ থাকে। বিল কিংবা হাওড়ের অল্প পানিতে ঘাস বা জলজ শ্যাওলা দিয়ে বাঁধ দিয়ে বাঁধের মাঝে মাঝে এই চাই এমনভাবে বসানো হয় যেন কিছু অংশ পানির উপরে থাকে। বসানোর ৮-১০ ঘন্টা পর এই চাই উঠানো হয় এবং মাছ সংগ্রহ করা হয়। বর্ষাকাল কিংবা শুষ্ক মৌসুমে এর সাহায্যে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত গুঁড়া ইচা, চান্দা, পটকা, জাত পুঁটি, তিত পুঁটি, গুচি বাইম, গুতুম, বজুরি টেংরা, শিং, রানী টেংরা, বেলে, লাল খলিশা প্রভৃতি মাছ ধরা পড়ে।

### Description:

Generally Echa chai is rectangular and small in size. Its length 1-1.5 feet, height 8-9 inch & breadth 6-7 inch. Thin bamboo sticks and plastic thread are used to prepare this trap. There are two entrances. There is a small place in the upper corner of the trap for holding out the fish. These traps are placed within the dams in the shallow water of lakes and haors. During placement a portion of the trap is kept over water and kept concealed with grass, plants etc. After 8-10 hours of placement of the trap, fish are collected from the trap. Fish can be captured in rainy as well as in winter season by it.

**Captured fish:** Small prawns, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, ocellated pufferfish, pool barb, ticto barb, barred spiny eel, loach, stripped dwarf cat fish, stinging catfish, stripped cat fish, tank goby, dwarf gourami etc. are captured with this.

## ক(৩) বাঞ্জালি/তিন মুইখ্যা, ট্র্যাপ বাইর

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** দোয়াইর, পুঁটি চাই, বাইর।

## A(3) Banjali/ Tin Muikha, Trap Bair

**English name:** Box Trap.

**Local name:** Doair, Puti Chai, Bair.



### বর্ণনাঃ

বাঞ্জালি বা তিনমুইখ্যা আকৃতিতে আয়তাকার হয়ে থাকে। সাধারনত লম্বায় ১.৫ ফুট, উচ্চতায় ১ ফুট ও বেধ ৫-৭ ইঞ্চির মত হয়। সাধারণত বাঁশের সরু শলাকা ও প্লাস্টিকের সুতা দিয়ে এটা তৈরি করা হয়। এই চাইয়ের এক পাশে একটি ও অপর পাশে দুইটি ভাল্বযুক্ত প্রবেশ পথ বা বানা থাকে। এর উপরে এক কোনায় মাছ বের করার পথ থাকে। বিল কিংবা হাওড়ের অল্প পানিতে এটি পাতা হয়। ঘাস বা জলজ শ্যাওলা দিয়ে বাঁধ দিয়ে বাঁধের মাঝে মাঝে এই চাই বসানো হয়। এই চাই এমনভাবে বসানো হয় যেন কিছু অংশ পানির উপরে থাকে এবং এটিকে ঘাস, চারাগাছ দিয়ে ঢেকে দেওয়া হয়। ৮-১০ ঘন্টা পর চাই উঠানো হয় এবং মাছ সংগ্রহ করা হয়। এপ্রিল, মে, জুন এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর পর্যন্ত্ম এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত চান্দা, পটকা, জাত পুঁটি, তিত পুঁটি, গুচি বাইম, গুতুম, বেলে, রানী টেংরা, তারা বাইম, লাল খলিশা প্রভৃতি মাছ ধরা পড়ে।

### Description:

Banjali is rectangular in shape. Its length is 1.5 feet, height is 1 foot & breadth is 5-7 inch. Generally thin bamboo sticks and plastic thread are use for production. There is one entrance in one side & two entrances in the opposite side with valves. There is a hole in the corner above, for taking out the fish. These traps are placed within the dams in the shallow water of lakes and haors. During placement a portion of the trap is kept over water and kept concealed with grass, plants etc. After 8-10 hours of placement of the trap, fish are collected from the trap. Fish are captured by this trap in April, May, June and also continues September through November.

**Captured fish:** Mainly highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, ocellated pufferfish, pool barb, ticto barb, barred spiny eel, loach, tank goby, stripped cat fish, lesser spiny eel, dwarf gourami etc. are captured with this.

## ক(৪) সাত মুইখ্যা

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** দোয়াইর, বাইর।



## A(4) Sat Muikkha

**English name:** Box Trap.

**Local name:** Doair.

### বর্ণনাঃ

এই চাই আকৃতিতে আয়তাকার হয়ে থাকে। লম্বায় ৩-৫ ফুট, উচ্চতায় ১.৫-২ ফুট ও বেধ ৪-৬ ইঞ্চি হয়। সাধারনত বাঁশের সরু শলাকা ও প্লাস্টিকের সুতা দিয়ে এটি তৈরি করা হয়। এই চাইয়ের এক পাশে ৩ টি ও অন্য পাশে ৪ টি ভাল্বযুক্ত প্রবেশ পথ থাকে। মোট ৭ টি ভাল্ব যুক্ত থাকায় এর নাম সাত মুইখ্যা। প্রবেশ পথগুলো সাধারণত চাইয়ের নীচের দিকে তৈরি করা হয় এবং এর উপরে এক কোনায় মাছ বের করার পথ থাকে। বিল কিংবা হাওড়ের অল্প পানিতে ঘাস বা জলজ শ্যাওলার সাহায্যে বাঁধ দিয়ে এই চাই বসানো হয়। এই চাই এমনভাবে বসানো হয় যেন কিছু অংশ পানির উপরে থাকে এবং এটিকে ঘাস, চারাগাছ দিয়ে ঢেকে দেওয়া হয়। কখনো কখনো নদীর কিনারায় বা প্রবাহমান নালায় বাঁশের খুঁটির সাহায্যে এই চাই বসিয়ে মাছ ধরা হয়। প্রতিদিন একবার এই চাই উঠানো হয় এবং মাছ সংগ্রহ করা হয়। এপ্রিল, মে, জুন এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর পর্যন্ত্ম এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** চান্দা, পটকা, জাত পুঁটি, তিত পুঁটি, গুচি বাইম, গুতুম, বেলে, রানী টেংরা, বাতাসী, লাল খলিশা, শাল বাইম, গুঁড়া ইচা, গুলসা, প্রভৃতি মাছ ধরা পড়ে।

### Description:

It is rectangular in shape. Its length 3-5 feet, height 1.5-2 feet & breadth 4-6 inch. Generally thin bamboo sticks and plastic thread are use for production. There are 3 entrances in one side & are 4 entrances in the opposite side with valves. Total 7 valves are there, hence is the name "Sat muikkha". These entrances are on footer edge and there is a hole in the corner above for taking out the fish. These traps are placed within the dams in the shallow water of lakes and haors. During placement a portion of the trap is kept over water and kept concealed with grass, plants etc. Sometimes this trap is used for catching fish along with bamboo pole in the corners of rivers or flowing canals. Fish are collected from the trap once in a day. Fish are collected by it in April, May, June and continues September through November.

**Captured fish:** Highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, ocellated pufferfish, pool barb, ticto barb, barred spiny eel, loach, tank goby, stripped cat fish, indian potasi, dwarf gourami, zig-zag eel, small prawn, day's mystus etc. are captured with this.

## ক(৫) মোচনা চাই

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** দোয়াইর, বাইর।



## A(5) Mochna Chai

**English name:** Box Trap.

**Local name:** Doair, Bair.

### বর্ণনাঃ

মোচনা আয়তাকার হলেও মাঝের দিকটা কিছুটা ফোলানো ও উপর দিকটা চাপা। লম্বায় এই চাই ২.৫-৩ ফুট, উচ্চতায় ১.৫ ফুট ও বেধ ৭-৯ ইঞ্চির মত হয়ে থাকে। এর এক পাশে ৩টি ও অন্য পাশে ২টি ভাল্বযুক্ত মাছ ঢোকার পথ থাকে। এটি বাঁশের সরু শলাকা ও প্লাস্টিকের সুতা দিয়ে তৈরি করা হয়। এর উপরের দিকে এক কোনায় মাছ বের করার একটি পথ থাকে। সাধারনত খাল-বিলে এই চাই বসানো/পাতা হয়। এই চাই বসানোর সময় এর কিছু অংশ পানির উপরে থাকে এবং এটিকে ঘাস, চারাগাছ/শ্যাওলা দিয়ে ঢেকে দেওয়া হয়। এপ্রিল, মে, জুন এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত জাত পুঁটি, তিত পুঁটি, চান্দা, গুঁড়া ইচা, পটকা, তারা বাইম, টেংরা, লাল খলিশা, পাটা খলিশা, গুচি বাইম প্রভৃতি মাছ ধরা পড়ে।

### Description:

Though mochna is rectangular in shape but it is somewhat fluffy & compressed above. It is generally 2.5-3 feet in length, 1.5 feet in height & breadth is 7-9 inch. It has 3 entrances in one side & 2 in the opposite side along with valves. Generally thin bamboo sticks and plastic thread are use for production. There is a hole in the corner above for taking out the fish. These traps are placed within the dams in the shallow water of lakes and haors. During placement a portion of the trap is kept over water and kept concealed with grass, plants etc. Fish are collected by it in April, May, June and continues September through November.

**Captured fish:** Generally pool barb, ticto barb, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, small prawn (gura icha), ocellated pufferfish, lesser spiny eel, kerala mystus, dwarf gourami, banded gourami, barred spiny eel etc are captured.

## ক(৬) ব্যাঙ চাই/ঘুনি চাই

**ইংরেজি নামঃ** ড্রাম শেইপ্ বক্স ট্র্যাপ, বাস্কেট ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** দিয়েল, চান্দি বাইর।



## A(6) Bang Chai/Ghuni Chai

**English name:** Drum Shaped Box Trap, Basket Trap.

**Local name:** Diyel, Chandi Bair.

### বর্ণনাঃ

গঠনগত দিক দিয়ে ব্যাঙ চাই অনেকটা ড্রামের মত। উচ্চতায় ১ ফুট বা এর চেয়ে সামান্য বেশী হয়ে থাকে এবং চওড়া/ব্যাসও ১ ফুট বা এর চেয়ে বেশী হয়। বাঁশের সরু শলাকা, চটা, সুতা কিংবা লোহার তার দিয়ে এই চাই তৈরি করা হয়। চাইয়ের তলা ও উপর অংশে বাঁশের চ্যাপ্টা শলাকা ব্যবহার করা হয়। এই চাইয়ের সামনের দিকে মাছের প্রবেশ পথ ও উপরের দিকে মাছ বের করার পথ থাকে। দেখতে খানিকটা ব্যাঙের মত বলেই একে ব্যাঙ চাই বলা হয়ে থাকে। সাধারনত প্রবাহমান নালায় বা অল্প পানিতে জলজ আগাছা এবং ঘাস দিয়ে বাঁধ তৈরি করে এই চাই বসানো হয়। বসানোর পর এটিকে আগাছা দিয়ে ঢেকে দেওয়া হয়। সাধারনত প্রতিদিন ১-২ বার এই চাই হতে মাছ সংগ্রহ করা হয়। এপ্রিল, মে, জুন এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত জাত পুঁটি, তিত পুঁটি, চান্দা, গুঁড়া ইচা, পটকা, তারা বাইম, টেংরা, লাল খলিশা, পাটা খলিশা, কাকিলা, গুচি বাইম, বেলে প্রভৃতি মাছ ধরা পড়ে।

### Description:

Structurally Bang Chai is drum shaped. Height is 1 foot or more & width is also 1 foot or more. Thin bamboo sticks, jute or iron threads are used to make this. Flat bamboo sticks are used to make the upper and lower portions of the trap. There is a path in front for the entrance of the fish & another is above to collect the fish from the trap. It seems like a frog structurally, hence is called "Bang Chai". It is placed in the shallow water of canals by constructing dams with grass and aquatic plants. After placing the trap it is covered with weeds. Generally fish are collected 1 or 2 times daily. Fish are collected by it in April, May, June and continues September through November.

**Captured fish:** Generally pool barb, ticto barb, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, small prawn (gura icha), ocellated pufferfish, lesser spiny eel, kerala mystus, dwarf gourami, banded gourami, freshwater garfish, barred spiny eel, tank goby etc are captured.

## ক(৭) ডুরি/ইচার ডুরি

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** দোয়াইর।



## A(7) Duri/Echar Duri

**English name:** Box Trap.

**Local name:** Doair.

### বর্ণনাঃ

ডুরি দেখতে খানিকটা ড্রামের মত। এটি উচ্চতায় ২-২.৫ ফুট, প্রস্থে ১৫-২০ ইঞ্চি ও বেধ ১-১.৫ ফুটের মত হয় হয়ে থাকে। বাঁশের সরু শলাকা দিয়ে ডুরি তৈরি করা হয়। মজবুত করার জন্য এটিকে বাঁশের চটা দিয়ে কাঠামোর ন্যায় বাঁধা হয়। এর সম্মুখ ভাগের পুরো অংশই মাছ ঢোকার পথ হিসেবে রাখা হয় যা ভেতরের দিকে ক্রমশ সরু হয়ে প্রায় ০.৫ ইঞ্চির মত ফাঁকা থাকে। এর উপরের দিকটা সম্পূর্ণই খোলা থাকে। সাধারণত খাল-বিল বা স্রোতশীল নালায় বানা দিয়ে ডুরি বসনো হয়। সাধারণত মাটি ও ঘাসের বাঁধ দিয়ে এটি বসানো হয়ে থাকে। বসানোর পর এর উপরের দিকটা পাটের বস্তা দিয়ে ঢেকে দেওয়া হয়। সাধারণত দিনে ১ বার ভোরের দিকে ডুরি থেকে মাছ সংগ্রহ করা হয়। এপ্রিল, মে, জুন এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত জাত পুঁটি, তিত পুঁটি, চান্দা, গুঁড়া ইচা, টেপা, তারা বাইম, গুতুম, গুচি বাইম (চিকরা), বজুরি টেংরা, রানী টেংরা, লাল খলিশা, পাটা খলিশা, বিচি গুইঙ্গা, লাল চান্দা, বাতাসী, বেলে, প্রভৃতি ছোট মাছ ধরা হয়ে থাকে।

### Description:


Duri looks like a drum. Its height is 2-2.5 feet, width is 15-20 inch & breadth is 1-1.5 feet. Thin bamboo sticks are used to make duri. Bamboo sheets are used to make it sustainable. Whole front side is used as an entrance for fish but it becomes narrower (0.5 inch) as it proceeds. Upper portion remains open. It is placed in the canals-beels or flowing channels by constructing dams. Mostly mud & grass dams are used. After placing the trap, upper portion is covered with jute bags. Generally fish are collected from the duri once in a day. Fish are collected by it in April, May, June and continues September through November.

**Captured fish:** Generally pool barb, ticto barb, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, small prawn (gura icha), ocellated pufferfish, lesser spiny eel, loach, barred spiny eel (chikra), stripped dwarf cat fish, stripped cat fish, dwarf gourami, banded gourami, asian cori, indian potasi, tank goby etc are captured.

## ক(৮) বালিশ চাই/কইয়া চাই

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** বালিশ চাই।



## A(8) Balish Chai/ Koiya Chai

**English name:** Box Trap.

**Local name:** Balish Chai.

### বর্ণনাঃ

বালিশ চাই দেখতে খানিকটা বালিশের মতই। বালিশ চাইয়ের দুই প্রান্ত্ম চাপা ও মাঝের অংশ ফুলানো যার বেধ ৬-১০ ইঞ্চি। বালিশ চাইয়ের মাঝখানে তিনটি বাঁশের চাকতি দিয়ে একে মজবুত করার জন্য বাঁধা হয়। এই চাই তৈরির জন্য বাঁশের সরু শলাকা, প্লাস্টিকের সুতা ও নাইলন সুতা ব্যবহার করা হয়। এর এক পাশে মাছ ঢোকার ভাল্বযুক্ত পথ তৈরি করা হয়, যেটা দিয়ে মাছ ভেতরে ঢুকে আর বের হতে পারেনা। অন্যপাশে মাছ বের করার পথ তৈরি করা হয়। সাধারণত হাওড়ে ঘাসযুক্ত স্থানে এই চাই বসানো হয়। মাছকে আকৃষ্ট করার জন্য এই চাইয়ের মধ্যে শামুকের মাংস বা ঘাস ফড়িং রাখা হয়। সাধারণত এক স্থানে এই চাই ১-২ দিন রাখা হয়। পরে অন্য স্থানে স্থানান্ত্মর করা হয়। সাধারণত প্রতিদিন সকালের দিকে এই চাই হতে মাছ সংগ্রহ করা হয়। এপ্রিল, মে, জুন এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর পর্যন্ত এই চাই দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত কই, পাবদা, গুলসা, শাল বাইম, তারা বাইম, রানী টেংরা প্রভৃতি মাছ ধরা হয়।

### Description:

Balish chai looks like a pillow. Two sides of the chai are compressed but middle is expended, breadth 6-10 inch. Three bamboo circles are used in the middle of the chai to make it more sustainable. Thin bamboo sticks, plastic threads & nylon threads are used to make it. There is an entrance with valve for fish in one side of the trap, hence fish cannot return back. The Opposite side contains a hole for collecting the fish. Generally this trap is used in grassy haor areas. Snail muscles or grasshoppers are kept there to attract the fish. Generally it is kept for 1 or 2 days in one place. Then it is placed in another place. Fish are collected early in the morning daily. Fish are collected in April, May, June, September, October and November by it.

**Captured fish:** Climbing perch, pabo catfish, day's mystus, zig-zag eel, lesser spiny eel, stripped cat fish etc. are captured by this.

## ক(৯) গুই/কুন

**ইংরেজি নামঃ** কনিক্যাল ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** গুঁই, কুন।

## A(9) Gui/Kun

**English name:** Conical Trap.

**Local name:** Gui/Kun.



### বর্ণনাঃ

গুই সাধারণত আকারে খুব ছোট হয়ে থাকে। প্লাস্টিকের সুতা ও বাঁশের সরু শলাকা দিয়ে গুই তেরি করা হয়। হাওড় অঞ্চলে সাধারণত দুই ধরনের গুই ব্যবহৃত হয়ে থাকে। একটি তৈরি হয় বাঁশের সরু শলাকা দিয়ে, অন্যটি অপেক্ষাকৃত মোটা সামান্য চ্যাপ্টা শলাকা দিয়ে। এর উচ্চতা ১ ফুট বা তার চেয়ে সামান্য বেশী হয়ে থাকে। এর নিচের প্রান্তের ব্যাস ৬-৭ ইঞ্চি হয়। নিচের প্রান্তে ভাল্বযুক্ত মাছ ঢোকার একটি পথ তৈরি করা হয়। গুই এর অভ্যন্তরে মাঝখানে আরেকটি ভাল্ব বসানো হয় যা মাছকে সামনের দিকে ঢুকতে দেয় এবং আর নিচে আসতে দেয় না। গুইয়ের উপরের প্রান্ত সুতা দিয়ে পেঁচিয়ে একত্রে বাঁধা হয়, এটি খুলে মাছ বের করা হয়। গুই সাধারণত বেশী পানিতে মাছ ধরার জন্য ব্যবহার করা হয়। ২-৬ ফুট পানিতে মাছ ধরার জন্য গুই উপযোগী। মাছ ধরার জন্য এর মধ্যে শামুকের মাংস খাবার হিসেবে রাখা হয়। ঘাসযুক্ত স্থানে গুই বসালে অবস্থান ঠিক রাখার জন্য বিশেষ চিহ্ন ব্যবহার করা হয়। তবে হাওড়ের বিস্তীর্ণ আগাছামুক্ত জলাভূমি গুই ব্যবহারের উপযোগী। দুই বা ততোধিক গুই একটি লম্বা সুতায় নির্দিষ্ট দূরত্বে বেঁধে দুই পাশে খুঁটির সাহায্যে পানির নিচে খাড়াভাবে সেট করা হয় এবং পরে সুতা ধরে তুলে মাছ আহরণ করা হয়। জুলাই থেকে অক্টোবর পর্যন্ত গুই দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** সাধারণত জাত পুঁটি, তিত পুঁটি, গুঁড়া ইচা, তারা বাইম, শাল বাইম, বজুরি টেংরা, রানী টেংরা, শিং প্রভৃতি ধরা পড়ে।

### Description:


Gui is generally very small. Plastic thread & thin bamboo sticks are used to make it. Two types of gui are used in the haor areas. One is prepared with thin sticks & another is with flat sticks. Height is 1 foot or more. Diameter of the lower portion is 6-7 inch. There is an entrance in the lower portion of the trap with valves. Another innermost valve helps the fish to proceed forward but it prevents the fish to return downwards. Thread is used to whirl the upper portion and then thread is removed to collect the fish. It is used where water depth is high. 2-6 feet water depth is appropriate for the gui. Snail's flesh is kept as food for fish. Special signs are used when it is placed in the grassy area. But generally weed free areas of the haor are suitable for the use of the gui. Two or more gui are attached with threads collectively and place under water with sticks such a way so that these remain in vertical direction and during fish collection the thread is pulled up. Fish are collected from July to October.

**Captured fish:** Generally pool barb, ticto barb, small prawn (gura icha), lesser spiny eel, zig-zag eel, stripped dwarf cat fish, stripped cat fish, stinging catfish etc are captured.

## ক(১০) রোঙ্গা

ইংরেজি নামঃ কনিক্যাল ট্র্যাপ।

আঞ্চলিক নামঃ রোঙ্গা।



## A(10) Ronga

**English name:** Conical Trap.

**Local name:** Ronga.

বর্ণনাঃ

রোঙ্গা দেখতে খানিকটা লম্বা কলসির মত। এটি লম্বায় ১.৫-২ ফুট হয়ে থাকে, নিচ প্রান্তের ব্যাস ৬-৭ ইঞ্চি ও মাঝের ব্যাস প্রায় ১-১.৫ ফুট। বাঁশের সরু ও পাতলা শলাকা দিয়ে রোঙ্গা তৈরি করা হয়। এর পেছনের দিকে মাছ প্রবেশের একটি ছিদ্র থাকে। সামনের দিকে মাছ বের করার পথ থাকে। সাধারণত শীতকালে স্বল্প পানিতে ঘাস, জলজ আগাছা দিয়ে বাঁধ তৈরী করে তার মাঝে রোঙ্গা বসিয়ে মাছ ধরা হয়। সাধারণত মাছ সংগ্রহের জন্য দিনে ১-২ বার রোঙ্গা পানি থেকে উত্তোলন করা হয়।

যা ধরা পড়েঃ সাধারণত জাত পুঁটি, তিত পুঁটি, চান্দা, গুঁড়া ইচা, তারা বাইম, টেংরা, লাল খলিসা, পাটা খলিসা, গুচি বাইম প্রভৃতি ধরা হয়।

### Description:

Ronga is somewhat jar like. Its length is 1.5-2 feet, footer width 6-7 inch & middle width near 1-1.5 feet. Thin and narrow bamboo sticks are used to make the ronga. In the backside of the ronga there is an entrance for fish. There is a hole in the front side for collecting fish. It is used during winter season in shallow waterbody by constructing dams with grass, aquatic weeds etc. It is lift up from the water 1 or 2 times daily for collecting fish.

**Captured fish:** Generally pool barb, ticto barb, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, small prawn (gura icha), lesser spiny eel, kerala mystus, dwarf gourami, banded gourami, barred spiny eel etc. are captured.

## ক(১১) বাইম রোঙ্গা

**ইংরেজি নামঃ** কনিক্যাল ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** বাইম রোঙ্গা।



## A(11) Baim Ronga

**English name:** Conical Trap.

**Local name:** Baim Ronga.

### বর্ণনাঃ

বাইম রোঙ্গার আকার অনেকটা রোঙ্গার মতই, তবে আকারে এটি কিছুটা বড়। এটি লম্বায় ৩.৭৫ ফুট হয়ে থাকে এবং এর মোটা প্রান্তের ব্যাস ৯ ইঞ্চি হয়। বাঁশের সরু শলাকা দিয়ে বাইম রোঙ্গা তৈরি করা হয়। এর একপ্রান্তে ভাল্বযুক্ত মাছ ঢোকার পথ থাকে এবং অপর প্রান্ত সুতা দিয়ে বাঁধা থাকে। ৬-৭টি গোল বাঁশের চটার রিং দিয়ে এটাকে বেঁধে মজবুত করা হয়। এর পরিচালনা পদ্ধতি রোঙ্গার থেকে আলাদা। সাধারণত নদী পাড়ের গর্ত থেকে এর সাহায্যে শাল বাইম ধরা হয়। মাছ ধরার জন্য একজন মৎস্যজীবি এটিকে নদীর পাড়ে পানির মধ্যস্থিত কোন গর্তের মুখে খাড়াভাবে স্থাপন করে এক হাত দিয়ে ধরে রাখে এবং অন্য হাতে একটি বাঁশের লাঠির সাহায্যে গর্তের ভিতর খোঁচাতে থাকে। গর্তের মধ্যে শাল বাইম থাকলে তা বের হয়ে গর্তের মুখে স্থাপিত রোঙ্গার ভিতরে প্রবেশ করে। তখন রোঙ্গা পানির উপরে তুলে তা হতে মাছ সংগ্রহ করা হয়। ফেব্রুয়ারী থেকে এপ্রিল পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** সাধারণত শাল বাইম।

### Description:

Baim ronga is like the normal ronga but larger. Its length is 3.75 feet and the diameter of the wider end is 9 inch. Thin bamboo sticks are used to make it. One side of the ronga possesses entrance for fish along with valve, other side tied with threads. 6-7 bamboo circles are used to make it strong. But its usefulness is different from ronga. Zig-zag eel (shal baim) is captured from the hole of the rivers with this trap. It is placed near the mouth of a hole vertically by a fisherman with one hand & another hand is used to disturb the hole with bamboo pole. If there stays any zig-zag eel (shal baim) it gets out from the hole and enters into the ronga. Then fish is collected from ronga lifting it up from water. Fish are collected from February to April.

**Captured fish:** Generally zig-zag eel.

## ক(১২) নলাকার কুইচ্চা চাই

**ইংরেজি নামঃ** টিউবুলার ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** কুইচ্চা চাই।

## A(12) Tubular Kuichcha Chai

**English name:** Tubular Trap.

**Local name:** Kuichcha Chai.



### বর্ণনাঃ

কুচিয়া ধরার জন্য এই ফাঁদ ব্যবহার করা হয় বলে এর নাম কুইচ্চা চাই। কুচিয়া ধরার জন্য সুনামগঞ্জ হাওড় অঞ্চলে প্রধানত দুই ধরনের ফাঁদ ব্যবহৃত হতে দেখা যায়; যথা- ক) নলাকার চাই; খ) বাক্স চাই।

**নলাকার চাইঃ** নলাকার চাই দেখতে নলের মতই। এটি লম্বায় ২-২.৫ ফুট হয়ে থাকে। এর ব্যাস/চওড়া ৫-৬ ইঞ্চি হয়। বাঁশের পাতলা ও চ্যাপ্টা শলাকা দিয়ে এই ফাঁদ তৈরি করা হয়। এর এক দিকে কুচিয়া ঢোকার ছিদ্র থাকে যার মুখ ভিতরের দিকে ঢোকানো, দেখতে খানিকটা ভাল্বের মত। অন্য প্রান্ত সুতা দিয়ে চেপে বাঁধা হয় এবং এর কিছু অংশ খুলে কুচিয়া বের করা হয়। কুচিয়া প্রধানত নিশাচর হওয়ায় এই চাই রাতে ব্যবহার করা হয়। বিকাল বা সন্ধ্যার দিকে সাধারণত কচুরিপানার মধ্যে এই চাই বসানো হয়। চাই বসানোর সময় এর কিছু অংশ পানির উপরে রাখা হয় যাতে এর মধ্যে কুচিয়া ঢোকার পর শ্বাস-প্রশ্বাস নিতে পারে। এই চাইয়ে খাবার হিসেবে কেঁচো ব্যবহার করা হয়। বাঁশের শলাকার মধ্যে কেঁচো ঢুকিয়ে তা চাইয়ের মধ্যে ঢুকিয়ে রাখা হয়। সকালে চাই তুলে তা হতে কুচিয়া সংগ্রহ করা হয়। জুলাই থেকে অক্টোবর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** একমাত্র কুচিয়া।

### Description:

Used to catch cuchia, that's why known as cuchia chai. Two types of trap are used in Sunamganj haor for cuchia fishing. They are: a) tubular trap and b) box trap.

**Tubular trap:** It looks like a tube. 2-2.5 feet long. 5-6 inch wide. Thin and wide Bamboo slices are used to make this trap. A valve like whole present in this trap which is bent inward for the entry of cuchia. Opposite edge is bent with twine and cuchia is taken out by opening some part of it. This trap is used at night as cuchia is nocturnal .The trap is placed in water hyacinth at evening. It is placed in such a way that some part of it remains out of water so that the captured cuchia can breath. Earthworm is used as bait. Earthworm is placed in trap by hooking them with bamboo sticks. Cuchia is collected from this chai at morning. Fish are caught from July to October by it.

**Captured fish:** Only cuchia.

## ক(১৩) বক্স আকৃতির কুইচ্চা চাই

**ইংরেজি নামঃ** বক্স ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ কুইচ্চা চাই।**



## A(13) Box shaped Kuichcha Chai

**English name:** Box Trap.

**Local name:** Kuichcha Chai.

### বর্ণনাঃ

এই চাই আকৃতিতে আয়তাকার। এটি সাধারণত লম্বায় ১৫ ইঞ্চি, উচ্চতায় ১০ ইঞ্চি ও বেধ ৮-১০ ইঞ্চি। বাঁশের চিকন শলাকা ও প্লাস্টিকের সুতা দিয়ে এটি তৈরি করা হয়। এক পাশে ২টি ও অন্য পাশে ১টি লম্বা ভাল্বযুক্ত প্রবেশ পথ থাকে। চাইয়ের উপরের দিকে কুচিয়া বের করার পথ থাকে যা সাধারণত সুতা দিয়ে বাঁধা থাকে, এই সুতা খুলে কুচিয়া বের করা হয়। নলাকার চাইয়ের ন্যায় এর মধ্যেও খাবার হিসেবে বাঁশের শলাকায় কেঁচো গেঁথে দেওয়া হয়। এই চাই সন্ধ্যার দিকে কচুরিপানার মধ্যে বসানো হয় এবং সকালে তোলা হয়। এপ্রিল, মে, জুন এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** একমাত্র কুচিয়া।

### Description:

Rectangular in shape. 15 inch long, 10 inch in height and breadth is 8-10 inch. Bamboo sticks and plastic twines are used as building material. At one side 2 and at another side 1 valve like entrance present. Cuchia collecting hole is present at the upper side of the trap which is bent with twines. Cuchia is collected by opening it. Like tubular trap earthworm is used as bait by hooking them with bamboo sticks. Trap is placed in water hyacinth at dusk and lift up at morning. Fish are caught by it in April, May, June and September through November.

**Captured fish:** Only cuchia.

## FAD (Fish Aggregating Device) or Open Trap

These types of traps or devices have no obstacle to prevent fish movement, fish can move in and out easily and independently. Different types of open trap are used in sunamganj haor area. These are described bellow.

**খ. মুক্ত ফাঁদ**

মুক্ত ফাঁদে মাছের প্রবেশ পথে কোন বাঁধা থাকেনা। স্বাধীনভাবে মাছ এই ফাঁদের ভিতর প্রবেশ করতে ও বের হতে পারে। সুনামগঞ্জ হাওড় অঞ্চলে মাছ ধরার জন্য বিভিন্ন ধরনের মুক্ত ফাঁদের ব্যবহার পরিলক্ষিত হয়। নিচে এগুলো সম্বন্ধে আলোচনা করা হলঃ

### খ(১) দল/কাঠা

**ইংরেজি নামঃ** বুশ্ ট্র্যাপ/ ফিস এগ্রিগেটিং ডিভাইস (ফাড)।

**আঞ্চলিক নামঃ** জঙ্গল ফাঁদ, কোমর, কাঠা।

### B(1) Dal or Katha

**English name:** Bush Trap or Fish Aggregating Device (FAD).

**Local name:** Jangle Trap, Komor, Katha.



**বর্ণনাঃ**

দল/কাঠার সাহায্যে মুলত আশ্রয়স্থল হিসাবে মাছকে আকৃষ্ট করা হয় এবং মাছ ধরা হয়। কাঠা তৈরীতে বিভিন্ন গাছের ডাল-পালা, শিকড়সহ গাছের গোড়া, বাঁশ, ঘাস, কচুরিপানা, বাঁশের কঞ্চি প্রভৃতি ব্যবহৃত হয়। বিভিন্ন বিল, খাল বা নদীর অপেক্ষাকৃত নিচু স্থানে গাছের ডাল-পালা ফেলে ও বাঁশ পুঁতে এই ফাঁদ তৈরি করা হয়। ফাঁদ তৈরির পর এর মধ্যে ঘাস ও কচুরিপানা রাখা হয়। সুনামগঞ্জ হাওড় অঞ্চলে দল তৈরিতে মূলত হিজল, করচ, জারুল, শ্যাওড়া, আম, জাম, বাঁশ প্রভৃতি গাছের শাখা ও শিকড়সহ গাছের গোড়া ব্যবহার করা হয়। প্রধানত সেপ্টেম্বর ও অক্টোবর (ভাদ্র-আশ্বিণ-কার্ত্তিক) মাসের দিকে বিল, হাওড়, খাল ও নদীতে অপেক্ষাকৃত গভীর অংশে দল তৈরি করে রাখা হয় এবং জানুয়ারী-ফেব্রুয়ারী (পৌষ-মাঘ-ফাল্গুন) মাসের দিকে দল থেকে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** দল বা কাঠায় ছোট-বড় প্রায় সব প্রজাতির মাছই ধরা পড়ে। তবে ফাঁদের অবস্থান ও জলাশয়ের প্রকৃতি অনুযায়ী মাছের প্রজাতির বিভিন্নতা লক্ষ্য করা যায়। খাল-বিলে স্থাপিত কাটায় শোল, গজার, বোয়াল, রুই, কাতলা, ঘনিয়া প্রভৃতি বড় মাছ ও টাকি, কই, খলিশা, ভেদা, পুঁটি, চান্দা, প্রভৃতি ছোট মাছ ধরা পড়ে। নদীতে স্থাপিত কাঠায় বোয়াল, চিতল, রুই, কাতলা, কালিবাউশ, ঘনিয়া, গুঁজি আইড়, আইড়, পাবদা, গলদা ইচা, রায়েক প্রভৃতি বড় মাছ ও গুলসা, বাচা, চেলা, চাপিলা, মলা, বাতাসী, চান্দা, ঘাউড়া প্রভৃতি ছোট মাছ ধরা পড়ে।

**Description:**

Dal or katha is normally used to attract fish as a habitat, different types of tree branches, tree stem with root, bamboo, grass, water hyacinth, bamboo sticks are used to made katha. The trap is made at the lower basin of river and in beel, khal etc by dumping tree branches and bamboo. Grass and water hyacinth are kept on to the trap after it set up. Sunamganj haor area hijol, koroch, jarul, shaowra, mango, blackberry, bamboo tree, their branches and roots are used to make the katha. Normally katha set up in September, October at the lower basin of beel, haor, canal and river, and pulled out in the month of January, February.

**Species Caught:** Small and large all types of fish species are caught from katha, species varied with the placement of the katha and types of water body. Snakehead murrel, great snakehead, wallago, rohu, catla, kuria labeo these type of large fish and spotted snakehead, climbing perch, banded gourami, gangetic leaffish, barb, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet this type of small fish are trapped in katha placed in canal, beel etc. Wallago, clown knifefish, rohu, catla, orange fin labeo, kuria labeo, giant river-catfish, long-whiskered catfish, pabo catfish, prawn, reba these types of large fish and day's mystus, river catfish, large razorbelly minnow, indian river shad, mola carplet, indian potasi, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, garua bachcha fish are trapped in katha placed in river.

## খ(২) ডেওয়া জাল

**ইংরেজি নামঃ** ব্যারেজ ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** প্রতিবন্ধক বানা, উড়ো জাল।

## B(2) Deaoa Jal

**English name:** Barrage Trap.

**Local name:** Obstacle Bana, Flying Net.



### বর্ণনাঃ

এই পদ্ধতিতে সাধারণত মাছের চলাচলের পথে ঘন ফাঁসের জাল কিংবা বাঁশের বানা দিয়ে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়। ইহার উচ্চতা ৬-৯ ফুট ও লম্বায় ৩০-৭৫ ফুট। প্রতিবন্ধক জাল বা বানার সমান্তরালে পানির সামান্য উপরে আলাদা জাল দিয়ে পকেটের মতো তৈরি করা হয়। শুষ্ক মৌসুমের শুরুতে হাওড় বা বিলের পানি যখন বের হতে থাকে তখন নালা বা খালের মধ্যে এই ফাঁদ বা জাল স্থাপন করা হয়। মাছ পানির স্রোতের অনুকূলে চলতে গিয়ে প্রতিবন্ধক জাল বা বানায় বাঁধা পেয়ে লাফ দিয়ে পার হতে গিয়ে উপরের জালের পকেটে আটকা পড়ে। তাছাড়া কাঠা বা দল থেকে মাছ আহরণের সময়ও এই ফাঁদ ব্যহৃত হয়ে থাকে।

**যা ধরা পড়েঃ** এই ফাঁদ বা জালে সাধারণত পুঁটি, কাকিলা, শোল, গজার, রুই, বোয়াল প্রভৃতি মাছ ধরা পড়ে।

### Description:

In this method obstacle are placed in the way of fish made of small mesh sized net or bana. Height 6-9 feet & length 30-75 feet. A pocket is made by using another net parallel with obstacle net or bana. The trap is placed into channel or canal in the beginning of dry season when water starts to move out from haor or beel. When fish swims with the current it got stopped by obstacle net or bana and then it tries to jump and then get trapped into the pocket of the upper net. The trap is also used in case of fishing from katha or dol.

**Species Caught:** Pool barb, ticto barb, freshwater garfish, snakehead murrel, great snakehead, rohu, wallago are normally trapped by this net.

## খ(৩) চাই বান/পাটি বান

**ইংরেজি নামঃ** ফেন্স, ফিশ বেরিয়ার।

**আঞ্চলিক নামঃ** পাটা, বানা।

## B(3) Chai Ban or Pati Ban

**English name:** Fence, Fish Barrier.

**Local name:** Pata, Bana.



**বর্ণনাঃ**

দেশের বিভিন্ন অঞ্চলের মতো সুনামগঞ্জ হাওড় অঞ্চলেও মাছ ধরার ফাঁদ হিসাবে বানার ব্যবহার পরিলক্ষিত হয়। বানা তৈরি হয় প্রধানত বাঁশ দিয়ে। নির্দিষ্ট মাপে বাঁশ কেটে তা থেকে প্রায় ০.২ ইঞ্চি (২ মি.মি.) পুরুত্বের অসংখ্য পাতলা শলাকা তৈরি করা হয়। পরে এই শলাকা কট সুতা বা প্লাস্টিকের সুতা দিয়ে একটির পর একটি বেঁধে বানা তৈরি করা হয়। তবে অঞ্চলভেদে বানা তৈরির উপকরণ ভিন্নতর হতে পারে। বানার উচ্চতা ৬-৭.৫ ফুট ও লম্বায় ১২-১৬ ফুট বা আরো বেশী হতে পারে। প্রধানত সরু নদী, হাওড়, নালা, খাল, বিলে বানার ব্যবহার পরিলক্ষিত হয়। মাছ চলাচলের পথ সম্পূর্ণ কিংবা কিয়দংশ বানা দিয়ে আটকানো হয়। বানা খাড়াভাবে মাটিতে পুঁতে বাঁশের খুঁটির সাহায্যে বেঁধে দেওয়া হয়। একাধিক বানার মাঝে বাঁশের চাই স্থাপনের জায়গা রাখা হয়। মাছ চলার সময় বানায় বাঁধা পেয়ে চাইয়ের মধ্যে প্রবেশ করে। পরে চাই থেকে মাছ সংগ্রহ করা হয়। তবে বর্তমানে সুনামগঞ্জ হাওড় অঞ্চলে বাঁশের বানার পরিবর্তে মশারি জাল, পলিথিন, চাটাই বা পলিস্টার কাপড়ের ব্যবহার লক্ষ্য করা যায়। এপ্রিল, মে, জুন এবং অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসে এটি দিয়ে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** জলাশয়ের প্রকৃতি ও বানায় স্থাপিত চাইয়ের ধরন অনুযায়ী ধরা পড়া মাছের প্রজাতি বিভিন্ন রকম হয়ে থাকে। সাধারণত বিল, খাল বা হাওড়ে বানায় ছোট মাছ ধরার জন্য চাই ব্যবহার করা হয়। এতে বিভিন্ন প্রজাতির মাছ, যেমন- পুঁটি, গুঁড়া ইচা, গুচি বাইম, পটকা, খলিশা, টেংরা, চান্দা প্রভৃতি ধরা পড়ে। তবে বানায় বড় মাছ ধরার চাইও ব্যবহার করা হয় এবং এতে রুই, আইড়, বোয়াল, কালিবাউশ, ফলি, ঘনিয়া প্রভৃতি ধরা পড়ে।

### Description:

This trap is commonly use in Sunamganj like other places of Bangladesh. Fence/fish barrier (bana) is made of bamboo, 0.2 inch (2 mm) depth bamboo sticks are made from bamboo. Sticks are bent with normal or plastic twine to make fence/fish barrier (bana) but materials of fence/fish barrier (bana) varies with area. Normally bana of 6-7.5 feet height & 12-16 feet long or more. Fence/fish barrier (bana) used in narrow river, haor, channel, canal, beel and pathway of fish. It is placed in soil horizontally with the help of bamboo pole. Spaces are made within fence/fish barrier (bana) to place bamboo chai (trap). Fish migration is obstructed by fence/fish barrier (bana) to provide pass into the chai. Fish accumulated into chai and fisher harvest fish from chai twice in a day. Nowdays instead of bamboo fence/fish barrier (bana) mosquito net, polythene, mat or polyester fabric is used in Sunamganj haor area. Normal fishing period by fence/fish barrier (bana) from April to December of a year.

**Species caught:** Trapped fish species varied with the type of water body and chai placed in fence (bana). Generally small fish is caught with fence/fish barrier (bana) in beel, canal and haor. Different types of fish like barb, small prawn, barred spiny eel, ocellated pufferfish, dwarf gourami, banded gourami, kerala mystus, highfin glassy perchlet, indian glassy fish and elongate glass-perchlet are trapped in bana. Chai also used in bana to catch large fish and rohu, long-whiskered catfish, giant river-catfish, wallago, orange fin labeo, bronze featherback, kuria labeo is trapped.

## খ(৪) আলোর ফাঁদ

**ইংরেজি নামঃ** লাইট ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** আলোর ফাঁদ।



## B(4) Light Trap

**English name:** Light Trap.

**Local name:** Alor Fad.

**বর্ণনাঃ**

আলোর ফাঁদ দিয়ে চিংড়ি বা ইচা ধরা হয়ে থাকে। সাধারণত গুঁড়া ইচা ধরার জন্য রাতের বেলা এই ফাঁদ ব্যবহৃত হয়ে থাকে। এই ফাঁদ দিয়ে চিংড়ি ধরার জন্য একটি হ্যাজাগ লাইট জ্বালিয়ে একটি বাঁশের খুঁটির সাহায্যে তা খাল, বিল কিংবা নদীর কিনারে পানি থেকে সামান্য উপরে ঝুলিয়ে রাখা হয়। আলো দেখে চিংড়ি আকৃষ্ট হয়ে তা আলোর উৎসের কাছে চলে আসে এবং চারিদিকে ঘুরতে থাকে। এভাবে যখন অনেক চিংড়ি আলোর উৎস হ্যাজাগ লাইটের কাছে জমা হয় তখন ঠেলা জাল দিয়ে চিংড়ি ধরা হয়। কখনো কখনো এই পদ্ধতিতে হ্যাজাগ লাইটের পরিবর্তে বৈদ্যুতিক বাল্বও ব্যবহার করা হয়। সাধারণত বর্ষাকালে এই পদ্ধতির সাহায্যে চিংড়ি ধরা হয়ে থাকে। এই পদ্ধতির সাহায্যে কয়েক ঘন্টার মধ্যে ৪-৫ কেজি চিংড়ি ধরা সম্ভব হয়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** গুড়া ইছা।

**Description:**

Light trap is used to catch small prawn. Normally this trap is use at night to catch small prawn. For prawn fishing by using this trap a flash light is hanged out with the help of a bamboo pole, and the pole is placed on the water adjacent to bank of river, beel, canal etc. Prawn attracted by the light and comes close to the surface of water and starts to circulate. When many prawns are gathered near the light source, fisher use push net to catch fish. Sometimes electric bulb is used instead of flash light. Generally in rainy season prawn fishing is done by this method. By using this method 4-5 kg of fish can be caught within some hours. Fish are caught from July to November.

**Species Caught:** Small prawn.

## খ(৫) হোগরা

**ইংরেজি নামঃ** ট্রাইয়্যাংগুলার ট্র্যাপ।
**আঞ্চলিক নামঃ** ঢাক ফাঁদ, হোগরা, ঝালই, খাগরা।

## B(5) Hogra

**English name:** Triangular Trap.
**Local name:** Dhak Trap, Hogra, Jahali, Khagra.



**বর্ণনাঃ**

হোগরা একটি ত্রিকোনাকার ফাঁদ। বাঁশের চাটাই দিয়ে এটা তৈরী করা হয়। এর মুখের দিকটা ৪.৫-৬ ফুট হাত প্রশস্ত। বাঁশের চটা দিয়ে চতুর্দিকে ফ্রেমের ন্যায় বেঁধে একে শক্ত করা হয়। এর ভেতরে গাছের ডালপালা ঢুকিয়ে সামনের দিকে কয়েকটা বাঁশের চটা দিয়ে এমনভাবে বাঁধা হয় যাতে গাছের ডালপালাগুলো ভিতর থেকে বের হয়ে যেতে না পারে। মাছ বের করার জন্য এর পেছন দিকে একটি দরজা তৈরি করা হয়। এটি সুতো দিয়ে বেঁধে আটকানো থাকে এবং তা খুলে মাছ বের করা হয়। এর সামনের দিকে নিচের কিনারায় একটি বাঁশ বাঁধা থাকে এবং এর দুই পাশে দুটি মোটা রশি বাঁধা হয় যা ধরে এটিকে পানি থেকে টেনে তোলা হয়। হোগরা সাধারণত নদীতে ১০.৫-১২ ফুট পানিতে পেতে রাখা হয়। ৩-৭ দিন পর ২-৪ জন মিলে এটাকে পানি থেকে দ্রুত টেনে তোলা হয়। জুলাই থেকে নভেম্বর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** এ ধরনের ফাঁদে সাধারণত শাল বাইম, গুলসা টেংরা, কালিবাউশ, চিংড়ি, শিং, বোয়াল, আইড় বেশী ধরা পড়ে।

**Description:**

Hogra is a triangular trap. It is made with bamboo mat. It is 4.5-6 feet wide at mouth. Bamboo sticks are used as frame and tied allover to strengthen the trap. Some tree branches are tied with bamboo sticks in the trap is such a way so that they cannot came out. A door is made at the back side to collect fish. The door is sewed with twine and fish are collected by opening it. A bamboo is tied at the front side lower edge, and two ropes are used to lift it up. Hogra generally set in river at 10.5-12 feet depth. 2-4 people lift it up from water quickly after 3-7 days. Fish are caught from July to November by it.

**Species caught:** Zig-zag eel, day's mystus, orange fin labeo, prawn, stinging catfish, wallago, long-whiskered catfish, giant river-catfish these fish are normally caught by this trap.

## খ(৬) চোঙ্গা

**ইংরেজি নামঃ** টিউবুলার ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** চুঙ্গা, চুমো।



## B(6) Chonga

**English name:** Tubular Trap.

**Local name:** Chunga, Chumo.

### বর্ণনাঃ

চোঙ্গা সাধারণত মোটা বাঁশ দিয়ে তৈরি করা হয়। চোঙ্গা তৈরিতে ৩.৪-৪ ইঞ্চি ব্যাস বিশিষ্ট ৩-৪.৫ ফুট লম্বা মোটা বাঁশের খন্ড কেটে নেওয়া হয়, বাঁশের খন্ডটি চিরে দুই ভাগ করে এর ভিতরের গিট কেটে সরিয়ে ফেলা হয় এবং পুনরায় বাঁশের ফালি দুটিকে সুতো দিয়ে একত্রে বাঁধা হয়। ফলে এটি পাইপের মত দেখতে হয়। এর দুই প্রান্তে দুটি সরু কাঠি বাঁধা হয়। চোঙ্গাটিকে নদী বা খালের তলদেশে ৩-৬ ফুট পানিতে ডুবিয়ে রাখা হয়। দুই প্রান্তের সরু কাঠি দুটি পানির তলদেশের মাটিতে পুঁতে রাখা হয় যাতে এটি অন্যত্র সরে না যায়। পানির তলদেশে বসবাসকারী বিভিন্ন মাছ আশ্রয়স্থল হিসেবে এর ভিতর অবস্থান নেয়। সাধারণত ২-৩ দিন পর চোঙ্গাটি পানি থেকে তোলা হয়। দুই হাত দিয়ে চুঙ্গার দুই প্রান্ত আটকিয়ে পানির উপরে উঠিয়ে আনা হয় এবং এসময় আস্তে আস্তে পানি বের করে দেয়া হয়। বাঁশের ফাঁটা অংশ দিয়েও পানি বের হয়ে যায়। কখনো কখনো পানি বের করার জন্য বাঁশে ছিদ্রও করা হয়। ১৫ নভেম্বর থেকে জানুয়ারী পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** সুনামগঞ্জ হাওড় অঞ্চলে চোঙ্গার সাহায্যে সাধারণত শাল বাইম ধরা হয়। তাছাড়া এতে কখনো কখনো বেলে, গুলসা, টেংরা, শিং ইত্যাদি মাছ ধরা পড়তে দেখা যায়।

### Description:

Chunga is a typical type of bamboo trap is use to catch eel. At first the bamboo sticks are cut open to remove the joint and then tied again with twine which is 3-4.5 feet long and width 3.4-4 inch. As a result it looks like a tube. The chunga is submersed 3-6 feet depth at the benthic zone of river or canal. Two sticks of the both side set into the bottom water soil so that it can't be displaced. Fishes living in the bottom water takes place in the chunga. After 2-3 days it is lift up. At the time of lifting it up two edges of the chunga is keep closed with hands and slowly the water is flowed out. Sometimes water is also leaked out. Sometimes holes are made to push away the water. Fish are caught from 15th November to January by it.

**Species Caught:** Zig-zag eel fishing is done in Sunamganj area with this trap. Sometimes tank goby, day's mystus, kerala mystus, stinging catfish is also trapped.

## খ(৭) গোতা/ডোবা/গাড়া

**ইংরেজি নামঃ** ডিচ্।

**আঞ্চলিক নামঃ** কুয়া, কুপো, আড়া, পাগাড়।

## B(7) Gata/Doba/Gara

**English name:** Ditch.

**Local name:** Kua, Kupo, Aara, Pagar.



### বর্ণনাঃ

গাতা বা ডোবা মাছ ধরার বেশ পুরাতন পদ্ধতি। সাধারণত দুই ধরনের ডোবা দেখা যায়। এক ধরনের ডোবা থেকে বছরে একবারই মাছ ধরা হয়। অন্য ধরনের ডোবা থেকে কিছুদিন পর পর মাছ ধরা হয়ে থাকে। তবে উভয় প্রকার ডোবাই সেচে তা থেকে মাছ ধরা হয়ে থাকে। ডোবা সাধারণত ছোট গর্ত যেখানে গাছের ডালপালা দিয়ে মাছের আবাসস্থল তৈরি করা হয়। সাধারণত শীতকালে বা শুষ্ক মৌসুমে যখন চারিদিকের পানি কমে আসে তখন মাছ ঐসব ডোবায় আশ্রয় নেয়। ডোবার চারিদিকের পাড় জেগে উঠলে তখন সেচে মাছ ধরা হয়। তবে নদী বা খালের পাশে নির্মিত ডোবা ছোট বাঁধ দিয়ে চারিদিক ঘেরা থাকে এবং এর একটি অংশ ভেতরে মাছ ঢোকার জন্য খোলা রাখা হয়। ২-১ সপ্তাহ পর পর তা সেচে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** ডোবায় প্রায় সব ধরনের মাছই ধরা পড়তে দেখা যায়।

### Description:

Gata or Doba is a very old method for fishing. Usually there are two types of Doba. Fish are caught for 1 time from 1 kind of Doba in each year. Fish is caught from another type of Doba sometimes. But by bailing out of water from both kind of Doba fish is caught. Usually ditch is a small dig where fish habitat is built by branches of trees. Generally in winter or dry season when there is less water everywhere then fish take shelter in that Ditches. When dyke rises around the ditch fish are caught from there by bailing out of water. But the Ditches built near the river or canal is surrounded by small dams and 1 inner part is kept open for the entrance of fishes. Fish are caught from there by bailing out of water per 2-1 week.

**Species caught:** Almost all types of fish are caught from ditches.

## খ(৮) ইচা ধরার ভিড়া/ঘুইট্টা

**ইংরেজি নামঃ** ফিস এগ্রিগেটিং ডিভাইস (ফাড)।

**আঞ্চলিক নামঃ** ইচা ধরার ভিড়া, ঘুইট্টা।

## B(8) Vira or Ghuitta for catching Icha

**English name:** Fish Aggregating Device (FAD).

**Local name:** Ichar Vira or Ghuitta.



**বর্ণনাঃ**

ভিড়া বা ঘুইট্টা এক ধরনের জঙ্গল ফাঁদ। সাধারণত পরিস্কার পানিতে অন্য জায়গা হতে জলজ শ্যাওলা (প্রধানত হাইড্রিলা), ঘাস বা আগাছা বা ধানের খড় যোগাড় করে তা স্তুপাকারে ভাসিয়ে রাখা হয় এবং একটি লাঠির সাহায্যে শ্যাওলার স্তুপটি আটকে রাখা হয় যেন তা অন্য জায়গায় ভেসে বা ছড়িয়ে না যায়। মৎস্যজীবিরা খালে বা বিলের পরিস্কার পানিতে নির্দিষ্ট দূরত্বে শ্যাওলার এরকম ৫০-৬০টি স্তুপ তৈরি করে রাখে। সাধারণত গুঁড়া ইচা কিংবা অন্য কিছু কিছু ছোট প্রজাতির মাছ এতে সাময়িকভাবে আশ্রয় নেয়। প্রতিদিন একবার, সাধারণত সকালে বা সন্ধ্যার দিকে ঠেলা জালের সাহায্যে এইসব শ্যাওলার স্তুপ উঠানো হয় এবং এতে আশ্রয় নেয়া গুঁড়া ইচা ও ছোট মাছ ধরা পড়ে। এর সাহায্যে সাধারণত ২-৩ জন মৎস্যজীবি একত্রে মাছ ধরে থাকে। মাছ সংগ্রহের পর শ্যাওলাগুলো পুনরায় একইভাবে স্তুপাকারে পানিতে ভাসিয়ে রাখা হয় পরের দিন ওটা থেকে মাছ সংগ্রহের জন্য। এভাবে একই স্থানে দেওয়া ভিড়া বা ঘুইট্টা থেকে ৩-৪ দিন পর্যন্ত মাছ ধরে পরে তা অন্য স্থানে স্থানান্তর করা হয়। এই কৌশল ব্যবহার করে জুন, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত গুঁড়া ইচা ধরা হয়ে থাকে। তবে কই, চান্দা, খলিশা প্রভৃতি ছোট মাছও সামান্য পরিমানে ধরা পড়তে দেখা যায়।

**Description:**

Vira or Ghuitta is one kind of jungle trap. Usually in clean water aquatic algae like hydrilla, grass or weeds or straw collected from the other places are floated in a heap and the algae heap is bonded by a stick so that it cannot be floated or spread out. Like this 50-60 heaps are built by fishermen at a constant distance in clean water of canal or beel. Generally tiny prawn or some other small species of fish take shelter here for a while. Once in a day, generally in the morning or evening by dip net these algae heaps are pulled up and sheltered tiny prawn and small fish are captured. By this generally 2-3 fishermen catch fish together. After collecting fish, algae are kept floated again as heap and fish are collected again from it next day. Fish catch by Vira or Ghuitta in the same place like this same way is done up to 3-4 days then is replaced to another place. This device is used in June and September through November.

**Species Caught:** Mainly tiny prawns are caught by this. But climbing perch, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, dwarf gourami, banded gourami etc such small fish are also caught in small amount.

### খ(৯) পলো

ইংরেজি নামঃ বেল শেইপ্ ট্র্যাপ।

আঞ্চলিক নামঃ পলো।



### B(9) Polo

**English name:** Bell shaped trap.

**Local name:** Polo.

বর্ণনাঃ

পলো দেখতে অনেকটা ঘন্টার মত। এর দুই প্রান্তই খোলা, উপরের দিকটা সরু এবং নিচের দিকটা স্ফীত। বাঁশের সরু শলাকা ও বেত দিয়ে পলো তৈরি করা হয়ে থাকে। তবে বর্তমানে বেতের পরিবর্তে পাস্টিকের এক ধরনের সরু ফিতা ব্যবহৃত হতে দেখা যায়। গঠন মজবুত করার জন্য ৫-৭টি বাঁশের চটা দিয়ে তৈরি চাকতি ব্যবহার করা হয়। পলো উচ্চতায় ২-২.৫ ফুট হয়ে থাকে। এর নিচের প্রান্তের ব্যাস ২-২.৫ ফুট ও মুখের ব্যাস ৪-৫ ইঞ্চি হয়ে থাকে। একজন ব্যক্তি একটি পলো দিয়েই মাছ ধরে থাকে। তবে কোন কোন সময় মৎস্যজীবিরা দলবেঁধে স্বতন্ত্র পলো দিয়ে মাছ ধরে থাকে। মাছ ধরার জন্য হাঁটু বা কোমর পানিতে নেমে পানির তলদেশের মাটিতে চাপ প্রয়োগ করতে করতে সামনের দিকে অগ্রসর হতে হয়। এর ভিতর কোন মাছ আটকা পড়লে তা পলোর ভিতরের দেয়ালে আঘাত করে এবং মৎস্যজীবি তা টের পান। তখন উপরের প্রান্ত দিয়ে হাত ঢুকিয়ে সে মাছ সংগ্রহ করে। ফেব্রুয়ারী থেকে মার্চ পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

যে মাছ ধরা পড়েঃ পলো দিয়ে সাধারণত টাকি, শোল, গজার, বোয়াল, মাগুর, রুই, কালিবাউশ, আইড়, ঘনিয়া প্রভৃতি অপেক্ষাকৃত বড় আকারের মাছ ধরা হয়ে থাকে।

**Description:**

It looks like a bell. Both of the edges are open. Upper edge is narrow but the lower edge is broad. Narrow bamboo sticks and cane are used to make polo. But nowadays instead of bamboo sticks plastic lace is used. 5-7 bamboo sticks are used to make rings which structurally strengthen the trap. It is 2-2.5 feet long. Lower edge is 2-2.5 feet wide and mouth is 4-5 inch wide. One person uses one polo for fishing. Sometimes a group of fishermen uses several polos for fishing. The polo is immersed into knee or hip depth water and then pushed up to the bottom and this action continues forward. When fish trapped into the polo it gives pressure against the trap wall and fisherman get notices it. Then he collects the fish through the upper opening. Fish are caught from February to March by it.

**Species caught:** Spotted snakehead, snakehead murrel, great snakehead, wallago, walking catfish, rohu, orange fin labeo, long-whiskered catfish, giant river-catfish, kuria labeo these types of large fish get caught by this trap.

## খ(১০) নাইয়া ওচা

**ইংরেজি নামঃ** ট্রাইয়্যাংগুলার ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** ওচা, হেচা।

## B(10) Naia Ocha

**English name:** Triangular Trap.

**Local name:** Ocha, Hecha.



### বর্ণনাঃ

নাইয়া ওচা দেখতে ত্রিকোনাকার। উচ্চতা ৪-১০ ফুট ও নিচ পার্শ্বের চওড়া ২.৫-৪ ফুট। বাঁশের পাতলা শলাকার সাহায্যে ছোট ছোট ছিদ্রযুক্ত চাটাইয়ের মত তৈরি করে তা ত্রিকোনাকার ফ্রেমের সাথে আটকিয়ে ইহা তৈরি করা হয়। এর সামনের দিকে সমতল থাকে কিন্তু পেছনের দিকের চাটাইয়ের প্রান্ত বেঁধে কোনাকৃতি গহ্বরের ন্যায় তৈরি করা হয়। সামনের দিকে ঠেলে এটা দিয়ে মাছ ধরা হয়। ওচার পেছনের দিকের গহ্বরে জড়ো হওয়া মাছ সংগ্রহ করা হয়। সাধারণত বর্ষাকালের শুরুতে অল্প পানিতে নাইয়া ওচা দিয়ে মাছ ধরা হয়। বিভিন্ন মাছের পোনা বা ছোট প্রজাতির মাছ ধরার জন্য নাইয়া ওচা ব্যবহৃত হয়। নির্দিষ্ট দূরত্বে ঠেলার পর এটা উঁচু করে তা হতে মাছ সংগ্রহ করা হয়। কখনো কখনো এটাকে লাঠির সাহায্যে পানিতে বসিয়ে মোটা রশির সাহায্যে দুইজনে দুই পাশ থেকে আস্তে আস্তে টানতে থাকে। রশি যখন কাছাকাছি চলে আসে তখন মাছ দৌড়ে ওচার মধ্যে আশ্রয় নেয় এবং এটা উঁচু করে মাছ সংগ্রহ করা হয়। তাছাড়া সেচে মাছ ধরার সময় কিংবা প্রবাহমান নালার মুখে স্থাপন করে এটা দিয়ে মাছ ধরা হয়। বর্তমানে সুনামগঞ্জ অঞ্চলে এর ব্যবহার কম পরিলক্ষিত হয়। মশারি জাল বাজারে সহজলভ্য ও সস্তা হওয়ায় এর সাহায্যে তৈরি ঠেলা জাল বর্তমানে নাইয়া ওচার বিকল্প হিসেবে ব্যবহৃত হয়। জুলাই থেকে নভেম্বর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** নাইয়া ওচা দিয়ে সাধারণত বিভিন্ন ধরনের ছোট মাছ; যেমন- গুঁড়া ইচা, চান্দা, পুঁটি, গুতুম, গুচি বাইম, পটকা প্রভৃতি ধরা হয়ে থাকে। তাছাড়া মার্চ-এপ্রিল মাসে টাকি মাছের পোনা ধরার জন্য ছোট আকারের নাইয়া ওচু ব্যবহার করতে দেখা যায়।

### Description:

It's a triangular trap. Its height 4-10 feet and footer edge width 2.5-4 feet. By using bamboo slices mat is made and then it's attached with triangular frame to make naia ocha. Front side of this trap is flat but in the back side by tying the edges a groove is formed. Fishing is done by pushing the trap forward. Caught fishes are collected from the groove on the back side of the trap. Naia ochu used in shallow water and in the early monsoon. Naia ochu used to fish small fish or fry. After pushing a certain distance fish are collected by lifting the trap. Sometimes it is set in the water by the help of sticks and two people drag the trap from two sides using rope. When the ropes come closer fish run into the trap and then fish are collected. It is also used in irrigation fishing and flowing water channel. Now it is less available in sunamganj area. Thela jal which is made with mosquito net is available and cheap and it's used as the alternative of naia ocha. Fish are caught from July to November by it.

**Species Caught:** Different types of small fish like small prawn, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, barb, loach, barred spiny eel, ocellated pufferfish fishing is done by this trap. Small size naia ochu is used to catch fry of spotted snakehead in March-April.

## খ(১১) কুড়া ওচু

**ইংরেজি নামঃ** ট্রাইয়্যাংগুলার ট্র্যাপ।

**আঞ্চলিক নামঃ** ওচা।

## B(11) Kura Ocha

**English name:** Triangular Trap.

**Local name:** Ocha.



### বর্ণনাঃ

কুড়া ওচু দেখতে ত্রিকোনাকার, তবে এর গঠন নাইয়া ওচার থেকে কিছুটা আলাদা। উচ্চতা ৪-৮ ফুট ও নিচ পার্শ্বের চওড়া ২.৫-৫ ফুট। বাঁশের পাতলা ফলা দিয়ে ছোট ছিদ্রযুক্ত চাটাইয়ের ন্যায় বুনে বাঁশের চটা দিয়ে বেঁধে একে ত্রিকোনাকার আকৃতি দেওয়া হয়। একটি ছোট আকারের বাঁশের লাঠি এর ত্রিকোনাকার মুখে বাঁধা হয়। বাঁশের এই লাঠি ধরে এটিকে পরিচালনা করে মাছ ধরা হয়। সাধারণত খাল বা বিলের কিনারায় কিংবা পানির মধ্যে দাঁড়িয়ে বাঁশের লাঠি ধরে কিছুটা বাইরের দিক থেকে ডুবিয়ে কোলের দিকে টেনে তোলা হয়। কখনো কখনো এটিকে লাঠির সাহায্যে পানিতে বসিয়ে মোটা রশির সাহায্যে দুইজনে দুই পাশ থেকে আস্তে আস্তে টানতে থাকে। রশি যখন কাছাকাছি চলে আসে তখন মাছ দৌড়ে ওচুর মধ্যে আশ্রয় নেয় এবং তখন এটা উঁচু করে মাছ সংগ্রহ করা হয়। তাছাড়া সেচে মাছ ধরার সময় এবং প্রবাহমান নালার মুখে স্থাপন করেও এটা দিয়ে মাছ ধরা হয়। সুনামগঞ্জ অঞ্চলে কুড়া ওচুর ব্যবহার বর্তমানে খুব কম পরিলক্ষিত হয়। বাজারে সহজলভ্য এবং সাস্তা মশারি জাল দিয়ে তৈরি ঠেলা জাল কিংবা লাঠি জাল কুড়া ওচুর বিকল্প হিসেবে ব্যবহৃত হয়। জুলাই থেকে নভেম্বর পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** কুড়া ওচু দিয়ে বিভিন্ন ধরনের ছোট মাছ; যেমন- বজুরি টেংরা, গুলসা টেংরা, গুচি বাইম, তারা বাইম, গুতুম, ভেদা, টাকি মাছের পোনা, তিত পুঁটি, চান্দা, লাল খলিশা, চুনা খলিশা, খলিশা, পটকা প্রভৃতি ধরা হয়ে থাকে।

### Description:

Kura ocha is triangular but little different in structure from naia ocha. Height 4-8 feet and footer edge width 2.5-5 feet. Thin Bamboo slices are used to make mat and then triangular shape is given by using bamboo sticks. A small bamboo stick is tied with the mouth of the triangular trap. By holding this stick fishing is done with the trap. Generally the trap is used at the edges of canal or beel and the trap is immersed into the water and then lifting is done from outwards to inwards. Sometimes it is set in the water by the help of sticks and two people drag the trap from two sides using rope. When the ropes come closer fish runs into the trap and then fish are collected. It is also used in irrigation fishing and also in flowing water channel. Now it is less available in Sunamganj area. Thela jal, lathi jal which are made with mosquito net are available and cheap and they are used as the alternatives of kura ochu. Fish are caught from July to November by it.

**Species caught:** Different types of small fish like stripped dwarf cat fish, day's mystus, barred spiny eel, lesser spiny eel, loach, gangetic leaffish, fry of spotted snakehead, ticto barb, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, dwarf gourami, banded gouami, ocellated pufferfish all these fish are caught with  kura trap.

## Hook

Hook is a major gear at Sunamganj haor area. There are different types of hook used for catching different species of fish. There are different types of hooks at different prices of different brand at different markets at Sunamganj haor area. Wallago hook, snakehead murrel hook, angling hook, daitta hook, hook & line (laar) hook, climbing perch hook, barb hook etc. are very usable hook in this area. Fish catching method for different hooks are different. For catching fish by hook there is use of baits. There are also some varieties in the bait which is used in hooks in this area. Earthworms (locally called "JHIR"), small frogs, crabs, rats, flour, dragon flies, spiders, larvae of bolta, red ants egg in tree, tiny prawns, different types of small fish species such as pool barb, ticto barb, guchi baim, loach, spotted snakehead, dwarf gourami, blue perch, rotten barb etc. are used as bait in different hooks, description of these baits and their uses are as follows:

### বড়শি

সুনামগঞ্জ হাওড় অঞ্চলে ব্যবহৃত মাছ ধরার সরঞ্জামের মধ্যে বড়শি অন্যতম। এখানে বিভিন্ন প্রজাতির মাছ ধরার জন্য বিভিন্ন ধরনের বড়শি ব্যবহৃত হতে দেখা যায়। সুনামগঞ্জ হাওড় অঞ্চলের বিভিন্ন বাজারে বিভিন্ন ব্রান্ডের বিভিন্ন দামের বড়শি বিক্রি হতে দেখা যায়। বোয়ালে বড়শি, শোলে বড়শি, ছিপ বড়শি, ডাইট্টা বড়শি, লাড় বড়শি, কই বড়শি, পুঁটি বড়শি প্রভৃতি এই অঞ্চলে ব্যবহৃত বড়শির মধ্যে অন্যতম। বিভিন্ন ধরনের বড়শি দিয়ে মাছ ধরার পদ্ধতিও বিভিন্ন। বড়শি দিয়ে মাছ ধরার জন্য টোপ ব্যবহার করা হয়। এই অঞ্চলে বড়শিতে ব্যবহৃত টোপেও রয়েছে অনেক বৈচিত্র্য। কেঁচো (আঞ্চলিক শব্দ “ঝির”), ছোট ব্যাঙ, কাঁকড়া, ইঁদুর, আটা, ফড়িং, মাকড়সা, বোলতার শুককীট, গাছের লাল পিপড়ার ডিম, গুঁড়া ইচা, বিভিন্ন ধরনের ছোট মাছ; যেমন- পুঁটি, তিত পুঁটি, গুচি বাইম, গুতুম, টাকি, লাল খলিসা (বৈচা), নাপতে কই, পঁচা পুঁটি প্রভৃতি বড়শির টোপ হিসেবে ব্যবহৃত হতে দেখা যায়। নিচে বিভিন্ন ধরনের বড়শি, এতে ব্যবহৃত টোপ ও এর ব্যবহার পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হলঃ



**Figure:** Hook for wallago, major carp, snakehead murrel, great snakehead, zig-zag eel.



**Figure:** Hook for wallago, major carp, snakehead murrel, great snakehead, zig-zag eel.



**Figure:** Hook for barb, climcing perch.



**Figure:** Hook for spotted snakehead, stinging catfish, walking catfish, zig-zag eel.



**Figure:** Hook for spotted snakehead, stinging catfish, walking catfish, zig-zag eel.



**Figure:** Hook for barb.

## ১. বোয়ালে বড়শি/পঁচা বড়শি

**ইংরেজি নামঃ** হুক ফর হ্যান্ডলিং।
**আঞ্চলিক নামঃ** বড়শি।

## 1. Boal Hook/Pocha Hook

**English name:** Hook for Handling.
**Local name:** Borshi.



### বর্ণনাঃ

বোয়ালে বড়শি দিয়ে প্রধানত বোয়াল মাছ ধরা হয়ে থাকে। এই বড়শির আকার বেশ বড় (২-২.৫ইঞ্চি) হয়ে থাকে। টোপ হিসেবে সাধারনত বড়শিতে পঁচা পুঁটি মাছ গাঁথা হয়। পঁচা পুঁটি মাছের গন্ধ বোয়াল মাছকে আকৃষ্ট করে। নাইলনের সুতা বা প্লাস্টিকের লম্বা সুতার এক প্রান্তে এই বড়শি বেঁধে এর অপর প্রান্ত একটি খাট কাঠিতে বাঁধা হয়। বড়শির কাছে লোহার ডুবক বাঁধা হয়। সুতা লম্বায় সাধারণত ৩০-৬০ ফুট হয়ে থাকে। সাধারণত সন্ধ্যা বা রাতের বেলায় নদীতে বা খালে এই বড়শি পাতা হয়। মৎস্যজীবিরা বড়শি নদীতে ফেলে হাতে সুতা ধরে বসে থাকে। বোয়াল মাছে বড়শি গিললে যখন সুতায় টান পড়ে তখন মাছ টেনে তোলা হয়। কখনো কখনো পানি থেকে মাছ তোলার জন্য স্কুপ নেট ব্যবহার করা হয়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এই বড়শি দিয়ে বোয়াল ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** প্রধানত বোয়াল মাছ ধরা হয়। তবে কখনো কখনো এতে গুঁজি আইড়, আইড় ও বামস মাছ ধরা পড়ে।

### Description:

Mainly Boal fish are caught by boal hook. Size of this hook is very large (2-2.5 inch). Rotten barb is generally used in this hook as bait. Boal fish is attracted by smell of this rotten barb. Hook is tied with one side of the nylon thread or long plastic thread and another side is tied with a short stick. An iron sinker is tied near the hook. Usually length of the thread can be 30-60 feet. Normally in the evening or in the night the hook is fixed in the river or canal. Fishermen sit near the bank of the river holding the thread and throw the hook in the river. When wallago (boal) fish swallows the hook, threads are jerked then the hooked fish is pulled up. Sometimes scoop nets are used for pulling up fish from water. Fish are caught from July to November by it.

**Species caught:** Mainly wallago fish is caught by this hook. But sometimes giant river-catfish, long-whiskered catfish and indian mottled eel are also entrapped.

## ২. টাঙ্গা বড়শি

**ইংরেজি নামঃ** লং লাইন।

**আঞ্চলিক নামঃ** টুনি বড়শি।



## 2. Tanga Hook:

**English name:** Long Line.

**Local name:** Tuni Borshi.

### বর্ণনাঃ

এই বড়শি দিয়ে বোয়াল, শোল, গজার মাছ ধরা হয়ে থাকে। এই বড়শির আকার ১-১.৫ ইঞ্চি হয়ে থাকে। প্রতিটি বড়শির গোড়ায় ১২-১৫ ইঞ্চি সুতা বেঁধে ২ বা ততোধিক বড়শি আরেকটি লম্বা ও অপেক্ষাকৃত মোটা সুতায় ঝুলিয়ে দেওয়া হয়। দুই পার্শ্বে দুটি খুঁটির সাহায্যে সুতাটি টান টান করে বেঁধে বড়শিগুলোকে এমনভাবে পানির উপর ঝুলিয়ে রাখা হয় যাতে বড়শি সামান্য পানিতে ডুবে থাকে। এই বড়শিতে টোপ হিসেবে ছোট ব্যাঙ, বিভিন্ন ধরনের ছোট মাছ যেমন- তারা বাইম, গুতুম, পুঁটি, বৈচা, কাঁকড়া প্রভৃতি ব্যবহার করা হয়। সাধারণত বিকালে বড়শিতে টোপ গাঁথা হয়। বড়শিতে গাথা টোপ সর্বদাই নাড়াচাড়া করতে থাকে এবং বোয়াল, শোল বা গজার মাছ এতে আকৃষ্ট হয়ে টোপ গিলে ফেলে এবং বড়শিতে আটকে যায়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এই বড়শি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** প্রধানত শোল, গজার ও বোয়াল ধরা হয়।

### Description:

Wallago (boal), snakehead murrel (shol), great snakehead (gojar) fish are caught by this hook. Size of this hook is 1-1.5 inch. At the base of this hook 12-15 inch thread is tied with 2 or more hooks and hangs with another long and thicker thread. Hooks hang with thread over water as if it is sunk slightly which is tied tightly with 2 sticks on both sides. Small frogs, various types of small fish such as lesser spiny eel, loach, barb, dwarf gourami, crab etc are used as bait in the hook. Generally bait is placed in the hook in the afternoon. Baits are always moving and wallago, snakehead murrel or great snakehead fish are attracted by this bait and then adhered with the hook. Fish are caught from July to November by it.

**Species Caught:** Mainly snakehead murrel, great snakehead and wallago are captured by this hook.

## ৩. ডাইট্টা বড়শি

**ইংরেজি নামঃ** ফ্লোটিং হুক।
**আঞ্চলিক নামঃ** ডাটি বড়শি, ডাটে বড়শি, বশা।



## 3. Daitta Borshi

**English name:** Floating Hook.
**Local name:** Dati Borshi, Date Borshi, Bokha.

**বর্ণনাঃ**

কচুরিপানার (সুনামগঞ্জের স্থানীয় শব্দ "জার্মনি") ডগা বা ডাটি এই বড়শির ভাসক হিসেবে ব্যবহৃত হয় বলে এর নাম ডাইট্টা বড়শি। ডাইট্টা বড়শির ডাইট্টা সাধারণত ৮-১০ ইঞ্চি লম্বা হয়ে থাকে। বড়শির আকৃতি ০.৪-০.৮ ইঞ্চি (১-২ সে.মি.) হয়ে থাকে। বড়শিতে ৩-৬ ফুট লম্বা নাইলনের সুতা বা সরু কট সুতা বেঁধে সুতার অপর প্রান্ত কচুরিপানার ডগায় বাঁধা হয় এবং সুতা কচুরিপানার ডগায় পেঁচিয়ে রাখা হয়। টোপ হিসেবে বড়শিতে সাধারণত কেঁচো, ঘাস ফড়িং বা গুঁড়া ইচা, বৈচা, কইবাদি ব্যবহার করা হয়। মৎস্যজীবিরা বড়শিতে টোপ গেঁথে ঝুড়িতে সাজিয়ে রাখে। এক একজন মৎস্যজীবি ২০০-৪০০ বা আরো বেশী সংখ্যক বড়শি ব্যবহার করে। দিনের বেলা বা রাতে এই বড়শি ব্যবহার করতে দেখা যায়। বিলের ঘাস বা আগাছাযুক্ত জলাশয়ে, ধানক্ষেতে বা খালে বড়শি ফেলে যায়। দিনের বেলায় ২-৪ ঘন্টা পর এই বড়শি তুলে মাছ সংগ্রহ করা হয়। সন্ধ্যায় এই বড়শি পাতা হলে তা সকালে তুলে মাছ সংগ্রহ করা হয়। টোপ হিসেবে কইবাদি/কালি কই ব্যবহার করলে ফলি মাছ, বৈচা ব্যবহার করলে শোল ও ফলি মাছ, ঘাস ফড়িং ব্যবহার করলে পাবদা, কই, কেঁচো ব্যবহার করলে শিং, মাগুর, টাকি মাছ ধরা পড়ে। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এই বড়শি দিয়ে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** প্রধানত টাকি, শিং, কই, শোল, গজার, মাগুর, ফলি, শাল বাইম, তারা বাইম, টেংরা, পাবদা প্রভৃতি মাছ ধরা হয়।

**Description:**

It is called Daitta Borshi because of using water hyacinth (locally called "Germoni" at Sunamganj) as a float. Daitta of the Daitta Borshi is usually 8-10inch long. Size of this hook is 0.4-0.8 inch (1-2 cm). In the hook 3-6 feet long nylon thread or narrow kot thread is tied and another side of the thread is tied with the tip of the water hyacinth and which keeps it with the water hyacinth. As bait earthworm, grasshopper or tiny prawn, dwarf gourami, blue perch etc in the hook are used. Fishermen keep the hook in a basket with bait. Each fisherman use 200-400 or more number of hooks. It's operated at day or night. It is placed in the vegetated beel, paddy fields or canals. Fish are collected after 2-4 hours at day. If it is placed in the afternoon then fish are collected in the next morning. Blue perch are used to catch bronze featherback, dwarf gourami are used to catch snakehead murrel and bronze featherback, grasshoppers are used for pabo catfish, earthworm are used for stinging catfish, walking catfish, spotted snakehead. Fish are caught from July to November by it.

**Species caught:** Mainly spotted snakehead, stinging catfish, climbing perch, snakehead murrel, great snakehead, walking catfish, bronze featherback, zig-zag eel, lesser spiny eel, kerala mystus, pabo catfish etc are caught by this hook.

## ৪. লাড় বড়শি

**ইংরেজি নামঃ** লং লাইন।

**আঞ্চলিক নামঃ** দড়ি বড়শি।



## 4. Laar Borshi

**English name:** Long Line.

**Local name:** Dori Borshi.

### বর্ণনাঃ

মাছ ধরার জন্য সুনামগঞ্জ হাওড় অঞ্চলে ব্যবহৃত লাড় বড়শি নদী এবং হাওড়ে বেশী ব্যবহৃত হয়। লম্বায় লাড় বড়শি ১৫০০ ফুট থেকে ৭৫০০ ফুট বা আরো বেশী হতে পারে। বড়শির সাথে প্রায় ১ ফুট লম্বা সুতা বেঁধে তা আরেকটি লম্বা মোটা সুতা বা পাটের সুতার সাথে ৪.৫-৭.৫ ফুট অন্তর বাঁধা হয়। কখনো কখনো ডুবক হিসেবে বড়শির সুতার সাথে কন্‌ক্রিট টুকরো ঝুলিয়ে দেওয়া হয়। টোপ হিসেবে বড়শিতে সাধারণত কেঁচো, ঝিনুক (আঞ্চলিক- চিনাই বা কাফনা) মাংস, গুঁড়া ইচা, ঘাস ফড়িং, তিতপুঁটি, গুচি বাইম, গুতুম বা আটা ব্যবহার হতে দেখা যায়। এই বড়শি ব্যবহারের জন্য সাধারণত ২ জন লোকের দরকার হয়। একজন নৌকা চালানোর জন্য এবং অন্যজন লাড় বড়শি পরিচালনার জন্য। কখনো কখনো ৩-৪ জনের গ্রুপেও এই বড়শি দিয়ে মাছ ধরে, এক্ষেত্রে তাদের অপেক্ষাকৃত বড় নৌকার প্রয়োজন হয়। লাড় বড়শি সাধারণত দিনে ৮-৯ ঘন্টা ধরে ব্যবহার করা হয় এবং প্রতি ২-৩ ঘন্টা অন্তর তা হতে মাছ সংগ্রহ করা হয়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এই বড়শি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** বড়শি ব্যবহারের স্থানের উপর ভিত্তি করে এতে ধৃত মাছের প্রজাতিও ভিন্ন রকমের হয়। যেমন, নদীতে কালিবাউশ, গুলসা, শাল বাইম, কয়তর পোয়া, বোয়াল, রিটা, ঘাগর, পাবদা, গলদা চিংড়ি প্রভৃতি বেশী ধরা পড়ে। আবার হাওড়ে টাকি, শোল, গজার, কাকিলা, শালবাইম, তারা বাইম, বোয়াল, টেংরা, ফলি, ভেদা, গুলসা, কালিবাউশ প্রভৃতি মাছ ধরা পড়ে।

### Description:

Laar borshi is a very important hook in the Sunamganj, used mainly in the river and haor. Length of the Laar Borshi is about 1500 to 7500 feet or more. Almost 1feet long thread is tied with hook that is again tied with another thick thread or jute fibre per 4.5-7.5 feet. During the use of the hook each hook is detached from the basket and is thrown in the water body by attaching bait and proceeds forward with boat. Sometimes concrete pieces are used as sinkers with the hooks. Earthworm, mussels flesh, tiny prawn, grasshoppers, ticto barb, barred spiny eel, loach or flour bait are used as well. Generally 2 people are needed for the use of this hook. One is propelling the boat and another is for performing the laar borshi. But sometimes 3-4 people are included in the group. In this case larger boat is used for performing this hook. Laar borshi generally is used 8-9hrs in a day and fish are collected with an interval of 2-3hrs. Fish are caught from July to November by it.

**Species Caught:** Catching fish species depends on the area where the hooks are being used. Orange fin labeo, day's mystus, zig-zag eel, coitor croaker, wallago, rita, menoda catfish, pabdah catfish, pabo catfish, butter catfish, prawn etc are caught in the river. But spotted snakehead, snakehed murrel, great snakehead, freshwater garfish, zig-zag eel, lesser spiny eel, wallago, kerala mystus, bronze featherback, gangetic leaffish, day's mystus, orange fin labeo etc are caught in the haor area.

## ৫. ছিপ বড়শি

**ইংরেজি নামঃ** হুক ফর হ্যান্ডলিং।

**আঞ্চলিক নামঃ** ছিপ বড়শি।

## 5. Chip Borshi

**English name:** Hook for Handling.

**Local name:** Chip Borshi.



**বর্ণনাঃ**

ছিপ বা লম্বা কাঠির মাথায় এই বড়শি আটকানো থাকে বলে এর নাম ছিপ বড়শি। সুনামগঞ্জ হাওড় অঞ্চলের বিভিন্ন ধরনের ছিপ বড়শি ব্যবহৃত হতে দেখা যায়, মাছের ধরণ অনুযায়ী বড়শির আকার বিভিন্ন হয়। যেমন- নদীতে কালিবাউশ কিংবা শাল বাইম ধরার জন্য ব্যবহৃত হয় এক ধরনের বড়শি, আবার খাল-বিলে পুঁটি কিংবা কই মাছ ধরার জন্য ব্যবহৃত হয় অন্য ধরনের বড়শি। ছিপের আকার সাধারণত ৬-৯ ফুট লম্বা হয়, ছিপের মাথায় সাধারণত ৭.৫-১৫ ফুট সুতা বাঁধা হয়। তবে নদীতে ব্যবহৃত ছিপ বড়শিতে ৩০-৬০ ফুট সুতা ব্যবহার করতেও দেখা যায়। বড়শির ডুবক হিসেবে সীসা বা লোহার টুকরা ব্যবহার করা হয়। ছিপ বড়শিতে বিভিন্ন ধরনের টোপ ব্যবহার করা হয়, যেমন- কেঁচো, শামুক, ঝিনুক, ফড়িং, বোলতার শুককীট, মাকড়সা, পাউরুটি, পিপড়ার ডিম, কেঁচো প্রভৃতি। একজন মৎস্যজীবি ১টি থেকে ৭-৮টি পর্যন্ত ছিপ বড়শি একসাথে ব্যবহার করে থাকেন। ছিপ বড়শিতে একটি ভাসক (আঞ্চলিক "ফাৎনা" বা "চোখকাঠি") ব্যবহার করা হয়। বড় মাছ পানি থেকে তোলার জন্য একটি স্কুপ নেট ব্যবহার করা হয়। অনেক সময় ছিপ বড়শিতে ভাসক ব্যবহার করা হয়না, সেক্ষেত্রে মাছে টোপ গিলে ফেলার পর সুতায় টান অনুভব করে মৎস্যজীবি সজোরে ছিপ টেনে মাছ উপরে তুলে আনেন। ছিপ বড়শির সাহায্যে মহিলারাও বাড়ির কাছে খাল বা নদীতে মাছ ধরে থাকে। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এই বড়শি দিয়ে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** টাকি, পুঁটি, কই, টেংরা, শোল, শাল বাইম, কালিবাউশ, রুই, মৃগেল প্রভৃতি মাছ ধরা হয়।

**Description:**


Hook is used at the top of the long sticks that's why it is called chip borshi (hook for handling). Different types of chip borshi are used in Sunamganj haor region. Size of the hook varies according to the types of the fish intended to catch. For example, one type of hooks is used for capturing orange fin labeo or zig-zag eel in the river where another type of hooks are used for capturing barb or climbing perch in the lakes. Size of hook of the chip borshi is generally 6-9 feet long. Generally 7.5-15 feet long thread is used at the top of the hook. But 30-60 feet long thread is used for the chip borshi in the river. Led or iron pieces are used as sinkers for this hook. Different types of bait are used, for example earthworm, snail, mussel, grasshopper, caterpillar, spiders, bread, eggs of ant, etc. One fisherman can use 7-8 chip borshi at a time. Generally a float is used in the chip borshi. A scoop net is used for pulling up large fish. Sometimes floats are not used in the chip borshi, when fish swallows the bait jerking is observed and fishermen strongly pull up the fish by chip. Women catch fish by chip borshi near the canal or river. Fish are caught from July to November by it.

**Species caught:** Spotted snakehead, barb, climbing perch, kerala mystus, snakehead murrel, zig-zag eel, orange fin labeo, rohu, mrigal etc are caught by this hook.

## ৬. খিলি ডাইট্টা

**ইংরেজি নামঃ** ফ্লোটিং হুক।

**আঞ্চলিক নামঃ** ফল।



## 6. Khili Daitta

**English name:** Floating Hook.

**Local name:** Fol.

**বর্ণনাঃ**

খিলি ডাইট্টা বাঁশের শলাকা দিয়ে তৈরি বড়শি বিশেষ। তবে সাধারণ বড়শির চেয়ে এর মাছ ধরার কৌশল কিছুটা আলাদা। একটি ২ ইঞ্চি সরু বাঁশের শলাকার দুই প্রান্ত্ম সুঁচালো করা হয়। এটিকে বলে খিলি। খিলির মাঝখানে ৩-৪.৫ ফুট লম্বা সুতা বাঁধা হয়। সুতার অপর প্রান্ত ৭-৮ ইঞ্চি লম্বা কচুরিপানার ডগার সাথে বাঁধা হয় যাকে বলা হয় ডাইট্টা। ডাইট্টা মুলত ভাসক হিসেবে কাজ করে। ডাইট্টার সাথে সুতা পেঁচিয়ে রাখা হয়। খিলি ডাইট্টা খাল, বিল বা ধানক্ষেতে ব্যবহার করা হয়। একজন মৎস্যজীবি ১০০-২০০ বা আরো বেশী সংখ্যক খিলি ডাইট্টা ব্যবহার করে থাকে। এতে টোপ হিসেবে ঘাস ফড়িং এর মাথা/বক্ষ ব্যবহার করা হয়। শলাকার দুই প্রান্ত একত্রে চেপে ঘাস ফড়িংয়ের মাথা/বক্ষ এর মধ্যে ঢুকিয়ে দেয়া হয়। এরপর কচুরিপানার ডগায় পেঁচানো সুতা পানিতে ফেলে রাখা হয়। কই মাছ যখন টোপ গিলে ফেলে তখন খিলি থেকে ফড়িংয়ের মাথা/বক্ষ বের হয়ে যায় এবং এটা সোজা হয়ে যায় ও কই মাছের দুই কানকো দিয়ে বের হয়ে যায় এবং মাছের মুখের মধ্যে এটা আটকে যায়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** খিলি ডাইট্টা মূলত কই মাছ ধরার জন্য ব্যবহার করা হয়। তবে এতে কখনো কখনো টাকি বা শোলও ধরা পড়তে দেখা যায়।

**Description:**

It is a hook made of bamboo sticks. But its fishing method is a little different from other hooks. The edge of a two inch narrow bamboo sticks is made pointed at both edges. It is called khili. 3-4.5 feet long twine is bound at the middle of the khili. Other edge of the twine which is 7-8 inch long is tied with tip of water hyacinth, known as daitta. Daitta works as floats. Twine is tied with daitta. Khili daitta normally used in beel, canal or paddy field. A fisherman can use 100-200 or more khili daitta. Grass hoppers head/chest used as bait. Two edges of the sticks is pressed along and hooked with bait. Then twine tied with the tip of water hyacinth immersed into water. When climbing perch swallows the bait, the bait is released from the khili, becomes straight and comes out through the operculum and gets attached within the fish mouth. Fish are caught from July to November by it.

**Species Caught:** Khili daitta mainly used to catch climbing perch. Sometimes spotted snakehead, snakehead murrel also get caught.

## Wounding gears

### Coch (spear)

Different types of gears are used in Sunamganj haor; fish are caught with gears by wounding them. A pointed gear with long handle by the help of which fisherman wound the fish and gear is stapled in fish body. Different types wounding gears are found like caicha cocha, cocha, aittor, gash cocha etc. continous description of these gears is given bellow:

### কোচ

সুনামগঞ্জ হাওড় অঞ্চলে মাছ ধরার জন্য বিভিন্ন ধরনের হাতিয়ারের সাহায্যে মাছকে আহত করে ধরা হয়। সুঁচালো হাতিয়ারে একটি লম্বা হাতল লাগানো থাকে যার সাহায্যে মৎস্যজীবিরা মাছকে আঘাত করে এবং হাতিয়ার মাছের গায়ে বিঁধে যায়। যেসব হাতিয়ার দেখতে পাওয়া যায় তার মধ্যে থুড়ি বা কাইক্কা কোচা, কোচা, আইত্তর, গাছ কোচা প্রভৃতি উল্লেখযোগ্য। নিচে ধারাবাহিকভাবে এসব হাতিয়ারের বর্ণনা দেওয়া হল।

### ১. থুড়ি কোচা/কাইক্কা কোচা

**ইংরেজি নামঃ** স্পেয়ার।

**আঞ্চলিক নামঃ** কোচ, ফুল কোচ, ঝুপি।

### 1. Thuri cocha or caicha cocha

**English name:** Spear.
**Local name:** Coch, Ful Coch, Juphi.



**বর্ণনাঃ**

থুড়ি কোচা লোহার শলাকা দিয়ে তৈরি মাছ ধরার হাতিয়ার, এটা তৈরির জন্য সাধারণত সাইকেলের স্পোক বা ছাতার শলাকা ব্যবহার করা হয়। সাধারনতঃ ৮-১০ ইঞ্চি লম্বা ১৫-২০টি লোহার শলাকার একপ্রান্ত সুঁচালো করা হয় এবং অন্য প্রান্তগুলো একত্রে সুতা দিয়ে শক্ত করে বাঁধা হয়। শলাকাগুলো একত্রে বাঁধার জন্য কখনো কখনো লোহার তার ব্যবহার করা হয়। এরপর শলাকাগুলো টেনে কিছুটা ফাঁকা করা হয়। সুতা দিয়ে বাঁধা প্রান্তটি একটি ৭.৫-১০.৫০ ফুট লম্বা সরু বাঁশের সাথে আটকানো হয়। বাঁশের এই হাতলটি ধরেই থুড়ি কোচা পরিচালনা করা হয়। মৎস্যজীবি পানিতে মাছ দেখে তাকে লক্ষ্য করে কোচা নিক্ষেপ করে এবং কোচা মাছের গায়ে বিঁধে যায়। পরে পানি থেকে কোচা তুলে মাছ সংগ্রহ করা হয়। এই কোচা সাধারণত দিনের বেলায় ব্যবহার করা হয়। তবে রাতের বেলায় টর্চ কিংবা হ্যাজাগ লাইট ব্যবহার করেও থুড়ি কোচার সাহায্যে মাছ ধরা হয়ে থাকে। মৎস্যজীবিরা সাধারণত বাড়িতে নিজেরা এই কোচা তৈরি করে থাকে। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** থুড়ি কোচার সাহায্যে বিভিন্ন ধরনের ছোট প্রজাতির মাছ, যেমন- টাকি, শোল, কই, কাকিলা, টেংরা, শিং, মাগুর প্রভৃতি মাছ ধরা হয়ে থাকে।

### Description:

Thuri cocha is a wounding gear made of iron sticks like cycle spoke, umbrella sticks etc. Generally 8-10 inch long 15-20 iron sticks are tied with twine at one edge and iron coil the other edge remains pointed. Then the sticks are made loose. Then the twine tied edge is attached with 7.5-10.50 feet long narrow bamboo sticks to hold and through it. Fisherman aims the gear at fish on water and throws it to wounds the fish. Later fish is collected from water by lifting up the cocha. Normally cocha is used at day Sometimes cocha is also used at night to catch fish with the help of torch or flash light. Fisherman normally makes this at home. Smith makes cocha which is also sold in different markets. Fish are caught from July to November by it.

**Species Caught:** Spotted snakehead, snakehead murrel, climbing perch, freshwater garfish, kerala mystus, stinging catfish, walking catfish these types of fish is caught by thuri cocha.

## ২ কোচা/চল


**ইংরেজি নামঃ** স্পেয়ার।

**আঞ্চলিক নামঃ** কোচ, ঝুপি।

## 2. Cocha or Chol

**English name:** Spear.

**Local name:** Coch, Juphi.



### বর্ণনাঃ

কোচা বা চল দেখতে অনেকটা থুড়ি কোচা বা কাইক্কা কোচার মতই তবে আকারে কিছুটা বড়। এটি লম্বায় ১০-১২ ইঞ্চি ও এর শলাকাগুলো কিছুটা মোটা। এর শলাকার সংখ্যাও থুড়ি কোচার চেয়ে কিছু কম এবং সাধারণত ৮-১২টি। এর শলাকাগুলোর একপ্রান্ত সুঁচালো ও অন্য প্রান্তগুলো চ্যাপ্ট্যা লোহার পাত দিয়ে একত্রে বাঁধা থাকে। সাধারণত কামারশালায় এই কোচা তৈরি হয় ও বাজারে বিক্রি হয়। মৎস্যজীবিরা বাজার থেকে এটা কিনে থাকে। এর সাথে ১০.৫-১২ ফুট লম্বা একটি বাঁশের হাতল আটকানো হয় যেটা ধরে কোচা পরিচালনা করা হয়। মৎস্যজীবি পানিতে মাছকে লক্ষ্য করে কোচা নিক্ষেপ করে এবং কোচা মাছের গায়ে বিঁধে যায়। পরে পানি থেকে কোচা তুলে মাছ সংগ্রহ করা হয়। তবে কখনো কখনো পানির নিচে হাত ডুবিয়ে কোচা থেকে মাছ সংগ্রহ করা হয়। সাধারণত দিনের বেলা এই কোচা ব্যবহৃত হয়। কখনো কখনো রাতের বেলা টর্চ কিংবা হ্যাজাগ লাইট ব্যবহার করেও এর সাহায্যে মাছ ধরা হয়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** কোচা ব্যবহার করে টাকি, শোল, গজার, রুই, কালিবাউশ, মাগুর, বোয়াল, ঘনিয়া, প্রভৃতি আপেক্ষাকৃত বড় আকারের মাছ ধরা হয়ে থাকে।

### Description:


Coch or chol looks moreover like thuri cocha or caicha cocha but a little large in size. It is 10-12 inch long and its sticks are large. No. of sticks are 8-12 which is less than thuri coch. One edge of the sticks is pointed and another edge is made flat and tied together. It is made in smith house and sold in market. Fisherman buys this from the market. 10.5-12 feet long bamboo made handle is attached with the spear and the spear is used by holding this handle. Fisherman aims the gear at fish under water and throws it by holding the handle. Then the gear wounds the fish. Later fish is collected from water by lifting up the cocha. Sometimes fish is collected from the cocha by using hand under water. Normally cocha is used at day. Sometimes cocha is also used at night to catch fish with the help of torch or flash light. Fish are caught from July to November by it.

**Species Caught:** Spotted snakehead, snakehead murrel, giant snakehead, rohu, orange fin labeo, walking catfish, wallago, kuria labeo and other large fish is caught by using cocha.

## ৩. আইত্তর

**ইংরেজি নামঃ** স্পেয়ার।

**আঞ্চলিক নামঃ** এড়ো।



## 3. Aittor

**English name:** Spear.

**Local name:** Aero.

### বর্ণনাঃ

আইত্তর দেখতে অনেকটা কোচ বা চল'র মতই। এর গঠনও প্রায় একই রকম। তফাৎ হল আইত্তরের সুঁচালো শলাকার মাথায় উল্টাদিকে ফেরানো নাল থাকে যা এতে বিদ্ধ মাছকে বের হতে দেয় না। আইত্তর ৩-৭ টি অপেক্ষাকৃত মোটা ও শক্ত লোহার শলাকা দিয়ে তৈরি করা হয়। এটি লম্বায় ৮-১০ ইঞ্চি হয় এবং এর সাথে ১০.৫০-১২ ফুট লম্বা একটি বাঁশের হাতল আটকানো থাকে যা ধরে এটি পরিচালনা করা হয়। আইত্তর দিনের বেলা ও রাতে মাছ ধরতে ব্যবহৃত হয়ে থাকে। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** এর সাহায্যে অপেক্ষাকৃত বড় আকৃতির মাছ; যেমন- শোল, গজার, বোয়াল, রুই, ঘনিয়া প্রভৃতি মাছ ধরা হয়ে থাকে।

### Description:

Aittor looks like coch or chola. Structurally it is almost the same. The only difference is aittor has backwardly pointed sticks which keep the fish hooked. 3-7 large and strong iron sticks are used to make it. It is 8-10 inch long 10.50-12 feet long bamboo made handle is attached with the spear which helps to use it. Aittor is used both in day and night for fishing. Fish are caught from July to November by it.

**Species caught:** Comparatively larger fish like snakehead murrel, giant snakehead, wallago, rohu, kuria labeo are caught by this gear.

## ৪. গাছ কোচ/জগর

**ইংরেজি নামঃ** স্পেয়ার।

**আঞ্চলিক নামঃ** কোচ।

## 4. Gash Coch or Jogorr

**English name:** Spear.

**Local name:** Coch.




### বর্ণনাঃ

সুনামগঞ্জ অঞ্চলে দুই ধরনের গাছ কোচ দেখতে পাওয়া যায়। একটি অপেক্ষাকৃত খাট যার সাথে একটি বাঁশের হাতল লাগিয়ে তৈরী করা হয়। অন্যটি অপেক্ষাকৃত লম্বা এবং এতে বাঁশের হাতল থাকেনা। গাছ কোচ তৈরি করা হয় বাঁশের শলাকা বা স্থানীয় চাউর গাছের শলাকা দিয়ে। খাট গাছ কোচ তৈরির ক্ষেত্রে ৩-৪.৫ ফুট লম্বা ৬-১০টি বাঁশের শলাকার এক প্রান্ত সরু করে কেটে তা একত্রে বাঁধা হয় এবং একটি ৪.৫-৬ ফুট লম্বা বাঁশের সাথে আটকানো হয়। এই বাঁশের হাতল ধরে এটি পরিচালনা করা হয়। লম্বা গাছ কোচের ক্ষেত্রে শলাকার দৈর্ঘ্য ৪.৫-৬ ফুট হয় এবং শলাকার এক প্রান্ত সরু করে কেটে একত্রে মজবুত করে বাঁধা হয়। এতে বাঁশের কোন হাতল থাকে না এবং এই বাঁধা প্রান্ত ধরে এটি পরিচালনা করা হয়। গাছ কোচের প্রতিটি শলাকার অপর প্রান্তে লোহার তৈরি সুঁচালো নাল পরানো হয়। সাধারণত পানিতে মাছ দেখে কিংবা মাছের দ্বারা পানিতে জলজ আগাছা কিংবা ঘাসের নাড়াচাড়া দেখে সেখানে সজোরে কোচ নিক্ষেপ করা হয়। তখন এটি মাছের গায়ে গিয়ে বিঁধে। অতপর পানি থেকে কোচ তুলে এনে মাছ সংগ্রহ করা হয়। এই কোচ দিয়ে দিনের বেলায় মাছ ধরা হয়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যা ধরা পড়েঃ** গাছ কোচ দিয়ে অপেক্ষাকৃত বড় মাছ, যেমন- শোল, গজার, রুই, বোয়াল, ঘনিয়া প্রভৃতি মাছ ধরা হয়।

### Description:

Two types of gash coch are found in Sunamganj area. One is comparatively short and made attached with a bamboo handle. Another one is long and has no handle. Gash Koch is made with bamboo sticks or local chaur tree sticks. Short gash Koch is made with 3-4.5 feet long 6-10 bamboo sticks which are made by narrowing one edge and tied together. This is then made attached with a 4.5-6 feet long bamboo handle. It is used in action by holding the handle. In case of long gash coch length of sticks is 4.5-6 feet and bamboo sticks are cut narrow and then tied together. It has no bamboo handle. It is used in action by holding the tied part. Every sticks of the gash cocha have an iron made pointed frame. Fisherman aims the gear at fish when he sees the fish under water or feels moving or by the movement of aquatic grass or weed under water and throw it by holding the handle. Then the gear wounds the fish. Later fish is collected from water by lifting up the cocha. It is used at day for fishing. Fish are caught from July to November by it.

**Species Caught:** Snakehead murrel, giant snakehead, rohu, wallago, kuria labeo this type of large fish is caught.

## ৫. কুইচ্চার কালি

**ইংরেজি নামঃ** স্পেয়ার।

**আঞ্চলিক নামঃ** কুইচ্চার কালি।

## 5. Cuchiar Kali

**English name:** Spear.
**Local name:** Cuchiar Kali.



**বর্ণনাঃ**

কুইচ্চার কালি দিয়ে প্রধানত কুচিয়া ধরা হয়। এটি ২০-২৪ ইঞ্চি লম্বা একটি লোহার সুঁচালো শিক (কালি/কালা) যা ৩ ফুট লম্বা একটি বাঁশের কাঠির সাথে আটকানো থাকে। সুনামগঞ্জ হাওড় অঞ্চলে এর ব্যবহার খুব বেশী দেখা যায় না। এই অঞ্চলে বসবাসরত কিছু উপজাতিরাই প্রধানত এর সাহায্যে কুচিয়া ধরে থাকে। সাধারণত খাল, বিল, নদী বা কুয়ার পাড়ে গর্ত দেখে তার মধ্যে এটি দিয়ে খোঁচানো হয়। গর্তে কুচিয়া থাকলে তা লোহার শিকে বিঁধে যায়। তখন শিকারী গর্ত হতে শিক-বিদ্ধ কুচিয়া ধরে বের করে আনে। এর সাহায্যে একজন শিকারী প্রতিদিন গড়ে ৩-৪ কেজি কুচিয়া শিকার করে থাকে। নভেম্বর থেকে এপ্রিল মাস পর্যন্ত এটি দিয়ে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** কুইচ্চার কালি দিয়ে সাধারণত কুচিয়াই ধরা হয়ে থাকে।

**Description:**


Cuchiar kali is used to catch cuchia. It is a 20-24 inch long iron stick which is made attached with a 3 feet long bamboo stick. It is not very commonly used in Sunamganj haor area. Some native people only use this for catching cuchia. Normally it is used by probing it into hole visible near the canal, beel, river and well. If cuchia present in the hole then it gets hooked with the iron sticks. Then the fisherman pulls away the spear hooked cuchia. A fisherman collects 3-4 kg cuchia every day by using this spear. It is used November to April for fishing.

**Species caught:** Cuchiar kali used to catch cuchia.

## ৬. রিং

**ইংরেজি নামঃ** হুক।

**আঞ্চলিক নামঃ** রিং, আচড়া।



## 6. Ring

**English name:** Hook.

**Local name:** Ring, Achra.

**বর্ণনাঃ**

রিং দেখতে অনেকটা বড়শির ন্যায়। একটি সুঁচালো লোহার তার বাঁকিয়ে খানিকটা বড়শির আকার দেওয়া হয় এবং এটিকে ৬-৭.৫ ফুট লম্বা বাঁশের লাঠির এক প্রান্তে শক্ত করে বাঁধা হয়। রিং এর সাহায্যে মাছ ধরার জন্য মৎস্যজীবি পানিতে নেমে বাঁশের লাঠির রিং বাঁধা প্রান্তটি পানির তলদেশের কাদার মধ্যে দ্রুত টানতে থাকে। এতে কাদার মধ্যে অবস্থিত মাছ রিংয়ে আটকে বা গেঁথে যায়। তখন মৎস্যজীবি তা পানি হতে উপরে তুলে আনে এবং মাছ সংগ্রহ করে। সাধারণত শুষ্ক মৌসুমে অল্প পানিতে বা কাদার মধ্যে এর সাহায্যে মাছ ধরা হয়ে থাকে।

**যা ধরা পড়েঃ** রিং দিয়ে প্রধানত তারা বাইম ও শাল বাইম ধরা হয়। তবে এতে কখনো কখনো শিং মাছও ধরা পড়ে।

**Description:**

Ring looks like a hook. A pointed iron wire is bent to give the hook shape and then it is made attached with 6-7.5 feet long bamboo sticks tied strongly at one edge. To catch fish by ring, fisherman comes into water and drags the ring hooked edge in to the mud quickly. As a result fish in the mud gets hooked with the ring. Then fisherman takes out the ring and collects fish. Normally fishing is done with this during dry season or in shallow water or in mud.

**Species Caught:** Lesser spiny eel and zig-zag eel is caught by ring. Sometimes stinging catfish is also getting caught.

## Other fishing instruments

### হাত

**ইংরেজি নামঃ** হ্যান্ড।

**আঞ্চলিক নামঃ** হাত।



### Hand

**English name:** Hand

**Local name:** Hath.

**বর্ণনাঃ**

হাতও মাছ ধরার সরঞ্জামের আওতায় পড়ে। এটাই মানুষের মাছ ধরার আদিমতম হাতিয়ার। কখনো কখনো একদল মানুষ হাত দিয়ে জলাশয়ের পানি সেচ দিয়ে হাতের সাহায্যে মাছ ধরে থাকে। কখনো কখনো খালে-বিলে বা নদীতে দল বেঁধে হাতের সাহায্যে মাছ ধরতে দেখা যায়। হাতের সাহায্যে সাধারণত কাদার মধ্যে অবস্থানরত কিংবা পানির তলদেশের মধ্যকার মাছ ধরা হয়ে থাকে। তাছাড়া কখনো কখনো ১.৫-২ ফুট পানিতে দাঁড়িয়ে দুই পায়ের মাঝখানে প্রায় ৬ ইঞ্চি গর্ত করে তার উপরে দুই হাতের সাহায্যে পানি টেনে স্রোতের সৃষ্টি করা হয়। এতে মাছ গর্তে জমা হয় এবং কয়েক মিনিট পর পর গর্ত থেকে হাত দিয়ে মাছ ধরা হয়। সাধারণত শুষ্ক মৌসূমে (নভেম্বর-এপ্রিল) এই পদ্ধতিতে মাছ ধরা হয়।

**যে মাছ ধরা পড়েঃ** হাতের সাহায্যে পানির তলদেশে বা কাদার মধ্যে অবস্থানরত বিভিন্ন প্রজাতির ছোট মাছ যেমন- পুঁটি, টাকি, গুচি বাইম, শিং, কই, বেলে প্রভৃতি মাছ ধরা হয়ে থাকে।

**Description:**

Hand is also a fishing instrument. This is the earliest instrument of human. Sometimes fishing is done by a group of people while irrigating the water by hands. Normally fish in the mud or bottom water is caught by hands. Sometimes during standing 1.5-2 feet water a 6 inch long hole is made in between two feet, water is pushed to the hole by the help of hand. Due to this a current is formed and fish are gathered in the hole and fishes are collected within few minutes interval. Normally fishing is done with this during dry season (November to April).

**Species caught:** By using hand fishes present at the bottom or mud are collected and the fishes are barb, spotted snakehead, barred spiny eel, stinging catfish, climbing perch, tank goby etc.

# Section - 2
## Fishing Gears of different types of Nets
## মাছ ধরার বিভিন্ন ধরনের জাল

### ১। ঠেলা জাল (Push Net)

**১ (১) দলীয় (গ্রুপ) নাম ঃ** টানা জাল (ড্র্যাগ্)
**ইরেজী নাম ঃ** পুশ্ নেট।
**হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ** ঠেলা জাল/ ফেলুন জাল।
**তৈরীর উপকরণ ঃ** জাল, নাইলন সুতা ও বাঁশ।



**জালের বর্ণনাঃ** ত্রিভুজাকার; এ জালের ফাঁস সাধারণত ০.২৫-০.৫ ইঞ্চি হয়ে থাকে। এ জালের ভূমিসংলগ্ন ২ বাহুর প্রতিটির দৈর্ঘ্য ৬-৭.৫ ফুট এবং আনভূমিক বাহুটির দৈর্ঘ্য ৪.৫-৬ ফুট বিশিষ্ট হয়ে থাকে। ৩ টুকরা সরু বাঁশের সমান দুই বাহুর মুক্ত প্রান্ত একে অন্যের সাথে ত্রিভুজাকারে বাঁধা হয় যার পশ্চাতভাগে ধরার জন্য হাতল থাকে। বাঁশের টুকরার মাপ অনুযায়ী জাল আয়তাকারে কাটা হয়। জালের আনুভূমিক পার্শ্বের বিপরীত পার্শ্ব ভাঁজ করে পরস্পরের প্রান্ত্মদেশে সেলাই করা হয় এবং প্রত্যেক পার্শ্ব হেম করা হয়। অতপর, জালের প্রান্তগুলি কাঠামোর সাথে বাঁধা হয়।



**জালের ব্যবহারঃ** অগভীর পানিতে (সর্বোচ্চ গভীরতা ৪.৫-৭.৫ ফুট) অর্থাৎ বর্ষা মৌসূমের শুরুতে এবং শুস্ক মৌসূমের পূর্বে এই জালের ব্যবহার বেশী দেখা যায়। এ জালটি পানির মধ্যে ডুবিয়ে সামনের দিকে ঠেলে নিয়ে কিছুক্ষণ পর (প্রায় ৫-১০ মিনিট) উপরে ভাসিয়ে তোলা হয়। তবে হাওড় অঞ্চলে কাঁদা-পানিতেও এ জালের ব্যবহার রয়েছে।

**এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ** বিভিন্ন প্রজাতির মাছের পোনা এই জালে বেশি ধরা পড়ে। অন্যান্য মাছের মধ্যে পুঁটি, চেলা, ইচা, চান্দা, গুচি বাইম, তারা বাইম ইত্যাদি ধরা পড়ে।

### 1(1) Push Net/Thela Jal
**Group name:** Dragged Net.
**English name:** Push Net.
**Local name in haor area:** Thela Jal/ Felun.
**Materials used:** Net, nylon rope and bamboo.

**Description:** Triangular; its mesh size varies between 0.25-0.5 inches. Both of the 2 ground adjoined arms are 6-7.5 feet long and ground arm is 4.5-6 feet in dimension. 3 pieces of narrow bamboo sticks are tied with each other in the edge keeping about 12-18 inches extra bamboo sticks behind the gear for handling. Net is cut off as a rectangle according to the shape of the structure. The opposite edge of ground arm is sewed with each other's edge after being folded and is hemmed with nylon rope in each edge. Hereafter, two of the three edges are tied with the bamboo structure.

**Mode and place of Operation:** It is used mainly in the shallow water (maximum depth is 4.5-7.5 feet) during starts of rainy season and before dry season. It is immersed under the water and pushed forward for a while (about 5-10 minutes) and then is pulled up from water. But it is also used in the muddy water in haor region.

**Species caught:** Large amount of juveniles of different species are caught. Barbs, large razorbelly minnow, gora-chela, prawn, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet, barred spiny eel, lesser spiny eel etc are mostly entrapped in this gear.

**১ (২) দলীয় (গ্রুপ) নাম ঃ** টানা জাল (ড্র্যাগ্)
**ইরেজী নাম ঃ** পুশ্ নেট।
**হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ** ওচু জাল।
**তৈরীর উপকরণঃ** নাইলন সুতা, জাল ও সরু বাঁশ।

**জালের বর্ণনাঃ** ইহা একটি ত্রিভুজাকৃতির জাল। এ জালের ফাঁস ০.২৫-০.৫ ইঞ্চি হয়ে থাকে। একটি ত্রিভূজাকৃতির জালের অংশ দিয়ে এ গিয়ার তৈরী করা হয়। এ জালের ভূমি সংলগ্ন ২ বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য ৭.৫-৯ ফুট এবং ভূমি বাহুর দৈর্ঘ্য ৬-৭.৫ ফুট বিশিষ্ট হয়ে থাকে। ৩ টুকরা সরু বাঁশ ত্রিভূজাকারে একে অন্যের সাথে এমনভাবে বাঁধা হয় যাতে কাঠামোটির পশ্চাতে ধরার মত লম্বা হাতল থাকে। অতপর ২ টুকরা বাঁশের ফালি নেয়া হয়, ১টি টুকরা ধনুকাকৃতির করে ভূমি বাহুর মাঝখানে এক প্রান্ত শক্ত করে বাঁধা হয় এবং অপর প্রান্ত হাতলের সংযোগ স্থলে বাঁধা হয়। অপর টুকরাটির উভয়প্রান্ত একই আকৃতি রেখে ভূমি সংলগ্ন বাহু দু'টির মাঝখানে শক্ত করে বেঁধে দেয়া হয়। এবার ত্রিভূজাকার জালটি দিয়ে কাঠামোটিকে আচ্ছাদন দেয়া হয় এবং সুতা দিয়ে প্রয়োজনীয় স্থানে বেঁধে দেয়া হয়। জালটি পূর্ণাঙ্গ রূপ পেলে দেখতে অনেকটা সিংগাড়ার মত হয়। সুনামগঞ্জ থেকে জাল ক্রয় করে এটি তৈরী করা যায়।



**জালের ব্যবহারঃ** এ জালটি ব্যবহারের জন্য একটি ছোট আকারের নৌকা এবং একটি লোহার তৈরী ৪৫-৬০ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট শিকলের প্রয়োজন হয়, এছাড়া ৩ জন লোকের প্রয়োজন হয়। একজন জাল পানিতে রেখে নৌকার উপর দাড়িয়ে অবস্থান নেয় এবং অপর ২ জন পানির মধ্যে মাটির উপর দিয়ে প্রায় ৭৫ ফুট দুর থেকে শিকল টেনে নৌকার সামনে আসলেই নৌকা থেকে খাড়াভাবে পানির মধ্যে ডুবিয়ে সামনের দিকে ঠেলে নিয়ে কিছুক্ষণ পর উপরে ভাসিয়ে তোলা হয়। অগভীর পানিতে (সর্বোচ্চ গভীরতা ৪.৫-৭.৫ ফুট) অর্থাৎ বর্ষা মৌসূমের শুরুতে এবং শুস্ক মৌসূমের পূর্বে এই জালের ব্যবহার বেশী দেখা যায়।



**এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ** মূলত গুচি বাইম, তারা বাইম, শাল বাইম, গুতুম এই জালে ধরা পড়ে।

### 1(2) Push Net/Ochu Jal
**Group name :** Dragged Net.
**English name :** Push Net.
**Local name in haor area :** Ochu Jal/ Ucha.
**Materials used :** Nylon rope, Nylon net and Narrow Bamboo.

**Description:** It is a triangular shaped gear. Its mesh size is between 0.25-0.5 inches. This gear is prepared with a triangular shaped net. Both of the 2 ground adjoined arms are 7.5-9 feet long and the ground arm is 6-7.5 feet in dimension. 3 pieces of narrow bamboo sticks are bent with each other in triangular shape so that an elongated handle is created behind the structure. Hereafter, 2 bamboo slices are taken, one edge of a slice is bent with its earthen arm and the other edge is bent with the point of the handle as a bow. Two edges of the other slice are also bent as a bow shape with the earth adjoint arms in the middle point. Now the structure is covered with a triangular shape net and also is bent to necessary places with twine. A completed net structure is similar to a samosa. It can be prepared by purchasing net from Sunamganj.

**Mode and place of Operation:** A small size boat and an iron-made chain with 45-60 feet long are needed during operation of the net. Three persons are also needed to operate it. One take place on the boat with net and another two persons come near the net by maintaining a distance about 75 feet hauling the chain over the bottom and then the net holder pushes the net and lifts up in a hurry after a while. It is used mainly in the shallow water (maximum depth is 4.5-7.5 feet) during starts of rainy season and before dry season.

**Species caught:** Mainly barred spiny eel, lesser spiny eel, zig-zag eel and loach are caught by this gear.

## ২। বেড় জাল (Seine Net)



**২ (১) দলীয় (গ্রুপ) নাম ঃ** বেড় জাল
**ইরেজী নাম ঃ** সারাউন্ডিং নেট।
**হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ** কোনা জাল/ বেড় জাল।
**তৈরীর উপকরণঃ** নাইলন সুতার জাল, নাইলন বা প্লাস্টিকের সুতা, ভাসন্ত বস্তু (floats), নিমজ্জক (sinkers)।

**জালের বর্ণনাঃ** চতুর্ভূজাকৃতির; দৈর্ঘ্য সর্বোচ্চ ৮২৫ ফুট এবং প্রস্থ ৫২ ফুট হয়ে থাকে। এ জালের ফাঁস সাধারণত ০.১-০.২ ইঞ্চি হয়ে থাকে। কয়েকটি বড় আকারের জালের এক প্রান্ত অন্য প্রান্তের সাথে সেলাই করে জালের দৈর্ঘ্য ও প্রস্থ বড় করা হয়। জালের পার্শ্বগুলি মোটা নাইলন বা প্লাস্টিকের সুতা সংযুক্ত করে সেলাই করে দেয়া হয়। জাল সহজে টেনে আনার জন্য জালের চারিপার্শ্বে মোটা লম্বা দড়ি বাঁধা থাকে। জালটির উপরের বর্ডার যাতে পানিতে ভেসে থাকে তজ্জন্য জালের উক্ত বর্ডারে ভাসক (প্লাষ্টিকের বল, কর্কসিট) সংযুক্ত করা হয়। জালের নীচ প্রান্ত যাতে পানিতে ডুবে থাকে এবং মাটির সংস্পর্শে আসে তজ্জন্য একইভাবে ভারী বস্তু বা ডুবক উক্ত বর্ডারে সংযুক্ত করা হয়। সুনামগঞ্জ, সিলেট ও ঢাকা থেকে এ জাল সংগ্রহ করা যায়।

**জালের ব্যবহারঃ** বর্ষা মৌসুমে যখন পানি বেশি থাকে (নদী ও হাওড়ে গভীর পানিতে) তখন এই জালের ব্যবহার বেশি দেখা যায়। ইহা পানির মধ্যে খাঁড়াভাবে ধরে রেখে ধীরে ধীরে টেনে দুই প্রস্থ প্রান্ত এক জায়গায় আনা হয়। এ সময় পানিতে জালটি কিছুটা গোলাকার দেখায়। টানার স্থানে নিচের দিক থেকে মাছ যাতে বেরিয়ে যেতে না পারে তজ্জন্য জালের ভিতরে গিয়ে একজন লোক উহার নীচ বর্ডার চেপে ধরে রাখে। এ জাল ব্যবহারের জন্য ৬ থেকে ১০ জন লোকের প্রয়োজন হয়।

**এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ** সবচেয়ে বেশি প্রজাতির মাছ এই জালে ধরা পড়ে। মলা, চান্দা, টাকি, শোল, গজার, বেলে, গুচি বাইম, ভেদা, গুতুম, দারকিনা, ঢেলা, টেংরা, পুঁটি, খলিশা এবং রুই, কাতলা, মৃগেল, কালিবাউশ ইত্যাদি উল্লেখযোগ্য।



### 2(1) Seine Net/Kona Jal

**Group name :** Seine Net.
**English name :** Surrounding Net.
**Local name in haor area :** Kona Jal/ Ber Jal.
**Materials used :** Nylon or Plastic rope, Nylon net, Floating and Sinker.

**Description:** Rectangular, it is 825 feet long and 52 feet wide (Maximum). Its mesh size varies between 0.1-0.2 inches. Numbers of big pieces of nets are attached with each other by sewing to enlarge its length and width. Thick ropes are attached with its four border lines by hemming and extra large ropes are also kept for dragging the net easily. Floats (plastic, cork sheet) are enclosed with its upper border line to keep it in floating condition. Sinkers are also enclosed with its lower border line to sink the border in the water and make contacts with the bottom. Net can be collected from Sunamganj, Sylhet and Dhaka.

**Mode and place of Operation:** It is used more in rainy season when water level is high (deep water in river and haor). Its two wide ends are brought together slowly in drifting condition by dragging it in the water. It looks a little bit round when it is dragged. One person gives mild pressure on the lower border line so that fish can't escape out of the net. About 6-10 persons are needed to operate this net.

**Species caught:** The species which are caught mostly by this gear are mola carplet, spotted snakehead, snakehead murrel, great snakehead, tang goby, barred spiny eel, gangetic leaffish, loach, flying barb, cotio, kerala mystus, barb, dwarf gourami, banded gourami and rohu, catla, mrigal, orange fin labeo etc which are worth-mentioning.

২ (২) দলীয় (গ্রুপ) নাম ঃ বেড় জাল
ইংরেজী নামঃ সারাউন্ডিং নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ গোন জাল/ গন জাল/ ঘুরাইনা জাল।
তৈরীর উপকরণ ঃ নাইলন সুতার জাল, নাইলন সুতা, মোটা দড়ি, ভাসক (ফ্লোটিং), নিমজ্জক (সিঙ্কার/লোহার তৈরী ওয়েট)।



জালের বর্ণনাঃ জালটি আয়তাকার; এবং লম্বায় ২২৫-১০৫০ ফুট এবং উচচতা ২২.৫০-৩৩ ফুট পর্যন্ত হয়ে থাকে। সাধারনত খন্ডাকৃতির জাল একাধিক জাল জোড়া দিয়ে এ জাল তৈরী করা হয়। ইহার ফাঁস ০.১২-০.৩ ইঞ্চি হয়ে থাকে। জালের উপরের বর্ডার লাইনে ভাসক এবং নীচের বর্ডার লাইনে নিমজ্জক সংযুক্ত করা হয়। ভাসক ও ডুবক সংযুক্ত রশির দুই প্রান্তে টানার জন্য মোটা রশি যুক্ত রাখা হয়। জালটি টানার জন্য ৩/৪ জন লোকের প্রয়োজন হয় এবং জাল ব্যবহারের সময় মাঝারী বা বড় আকারের নৌকার প্রয়োজন হয়। সুনামগঞ্জ, সিলেট এবং ঢাকা থেকে এই জাল সংগ্রহ করা যায়।

জালের ব্যবহারঃ নৌকা থেকে প্রথমে জালের এক প্রান্ত পানিতে ফেলা হয় এবং সে প্রান্ত একজন লোক ধরে দাড়িয়ে থাকে বা সামনের দিকে এগিয়ে যেতে থাকে, জালের অবশিষ্টাংশ নৌকাতে থাকে যা গোলাকারভাবে ফেলতে ফেলতে দু'প্রান্ত একই স্থানে এসে মিলিত হয়। এসময় জালের আকার প্রায় বৃত্তাকার হয়ে থাকে। অতপর জাল টেনে নৌকাতে উঠানো হয়। একজন লোক পানিতে নেমে পা দিয়ে জালের নীচ প্রান্ত মাটির সাথে আলতোভাবে চেপে রাখে, এসময় সে নৌকা ধরে রেখে নিজেকে ভারসাম্যাবস্থায় রাখে। একটি মাছ আহরণ চক্র সম্পন্ন করতে প্রায় ৪০-৫০ মিনিট সময় লাগে। ১.৫ থেকে ২২.৫০ ফুট পর্যন্ত পানির গভীরতায় এই জাল ব্যবহার করে মাছ ধরা যায়। জুলাই থেকে নভেম্বর মাস পর্যন্ত হাওড়ে এবং অক্টোবর থেকে এপ্রিল মাস পর্যন্ত নদীতে এই জাল ব্যবহৃত হয়ে থাকে।

এ জালে ধরা পড়া প্রজাতি সমূহঃ হাওড়ে- মূলত গুচি বাইম, তারা বাইম, শাল বাইম, গুতুম, রানী, খলিশা, টাকি, শোল, গজার, ইছা, গুড়া ইছা, টেংরা, বজুরি, কাকিলা, ভেদা ও চান্দা মাছ এই জালে ধরা পড়ে। নদীতে- মূলত আইড়, গুলশা, বোয়াল, শাল বাইম, টেংরা ও ইছা এই জালে ধরা পড়ে।

### 2(2) Seine Net/Gon Jal

**Group name :** Seine Net.
**English name :** Surrounding Net.
**Local name in haor area :** Gon Jal/ Gan Jal/ Ghuraina Jal.
**Materials :** Nylon net, Nylon rope, Thick rope, Floating, Sinker (Iron made weight).

**Description:** Rectangular; it is 225-1050 feet long and 22.50-33 feet wide in dimension. It is made by the attachment of several pieces of nets. Its mesh size varies between 0.12-0.3 inches. Floats are attached to upper border line and sinkers are attached to its lower border line (foot line). Thick ropes are kept from both of the floats and sinkers edges for pulling the net. Floats are attached closely so that the net is not to be sunk or be in immersed condition. 3/4 persons and a medium size boat are needed for operating the gear. Net is collected from Sunamganj, Sylhet and Dhaka.

**Operation:** One edge of the net is placed in the water first, one person grips that edge and either he stands there or goes forward with net; rest of the net is placed in water slowly by the help of the boat as rounded and both edges get close. At that moment the net gains circular shape. Hereafter, it is hauled up on the boat. Another person creates mild pressure on the net to keep it on the bottom surface; and he grips the boat to keep him in balance. About 40-50 minutes need to complete a fishing cycle. It can be operated in a range of 1.5-22.5 feet depth. It is used from Ashar to Ashwin in haor and up to month of Kartik in the river. It is used in July to November.

**Species caught:** Barred spiny eel, lesser sping eel, zig-zag eel, loach, bengal loach, dwarf gourami, banded gourami, spotted snakehead, snakehead murrel, great snakehead, prawn, small prawn, kerala mystus, stripped dwarf cat fish, freshwater garfish, gangetic leaffish and highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet are caught in haor and long-whiskered catfish, giant river-catfish, day's mystus, wallago, zig-zag eel, kerala mystus and prawns are caught in the river water.



২ (৩) দলীয় (গ্রুপ) নাম ঃ বেড় জাল
ইংরেজী নাম ঃ সারাউন্ডিং নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ গড়গড়ি জাল/ খুন্টি জাল।
তৈরীর উপকরণ ঃ নাইলন সুতার জাল, মোটা নাইলন সুতা, নৌকা ১টি।

জালের বর্ণনাঃ ইহা একটি আয়তাকার জাল এবং ইহার ফাঁস ০.৫-১.০ ইঞ্চি হয়ে থাকে। ইহার দৈর্ঘ্য ২২৫-৭৫০ ফুট ও প্রস্থ ১৫-৩০ ফুট। ইহার উপরের বর্ডারে মোটা সুতা হেম করা থাকে এবং উহার সাথে ফ্লোট সংযুক্ত করা হয়। জালের নীচ প্রান্তে ১.৫-২ ফুট উচ্চতাবিশিষ্ট অসংখ্য গাই তৈরী করা হয় এবং উহার সাথে লোহার গুলি সংযুক্ত করা হয়। প্রতিটি গাইয়ে ১৩টি ফাঁস থাকে এবং ৯টি করে লোহার গুলি সংযুক্ত করা হয়। জালের আকারভেদে লোহার গুলির ওজন ৪৫-১০০ কেজি পর্যন্ত হয়ে থাকে যাতে জলাশয়ে প্রতিস্থাপনের পর গাই সহজে পানির তলদেশের মাটির সংস্পর্শে থাকতে পারে। সুনামগঞ্জ, সিলেট, ভৈরব, কিশোরগঞ্জ এবং ঢাকা থেকে এই জাল সংগ্রহ করা যায়।

জালের ব্যবহারঃ জালটি পরিচালনা করতে মাঝারী আকারের ১টি নৌকা ও ৪জন লোকের প্রয়োজন হয়। প্রথমে নদীর পাড়ের নির্দিষ্ট স্থানে একজন লোক জালের একপ্রান্তের কাছি ধরে দাড়িয়ে থাকে, অপর ৩ জন নৌকার উপর জালের অবশিষ্টাংশ নিয়ে পানিতে জাল ফেলতে ফেলতে পাড়ের সমান্তরালে সামনের দিকে এগিয়ে যায় এবং জাল ফেলা সম্পন্ন হলে জালের এই প্রান্ত নিয়ে পাড়ে দাড়িয়ে থাকে। ১০ মিনিট পর উভয় প্রান্তের জাল টেনে তুলতে তুলতে উভয়ই জালের মাঝ বরাবর স্থানে একত্রিত হয় এবং জালের গাই থেকে মাছ সংগ্রহ করে। একবার জাল প্রতিস্থাপন ও মাছ সংগ্রহ চক্র সম্পন্ন করতে প্রায় ২০-৩০ মিনিট সময় লাগে। যখন নদীর পাড় দৃশ্যমান হয় তখন থেকে শুরু করে পানির গভীরতা সর্বনিম্ন ১ ফুট থাকা অবস্থায় এ জাল ব্যবহৃত হয়ে থাকে।

এ জালে ধরা পড়া প্রজাতি সমূহঃ বোয়াল, ঘনিয়া, আইড়, রায়েক, রুই, কাতলা, মৃগেল, কালিবাউশসহ সকল প্রজাতির মাছ এই জালে ধরা পড়ে।

### 2(3) Seine Net/Gorgori Jal

**Group name :** Seine Net.
**English name :** Surrounding Net.
**Local name in haor area :** Gorgori Jal/ Khunti Jal.
**Materials :** Nylon net, thick Nylon ropes, Floats, Sinkers (Iron made weights) and 1-Boat.

**Description:** It is a rectangular shaped net and its mesh size varies between 0.5-1.0 inch. It is 225-750 feet long and 15-30 feet wide. Thick rope is hemmed in its upper borderline and floats are attached with it. Numbers of pockets (gai) are prepared of its foot end which is about 1.5-2 feet high (space of height) and weights are enclosed with the border of the pockets. Thirteen (13) meshes are remained in each pocket and nine pieces of weights are contained in each pocket. About 45-100 kilograms weights are enclosed on the net sizes so that the pockets may contact with the bottom easily after placing the net in the body of water. Net is collected from Sunamganj, Sylhet, Bhairabh, Kishoreganj and Dhaka.

**Mode and place of Operation:** A medium size boat and 4 operators are needed to operate it. In the beginning of the operating process, one operator stands on the bank of the body of water holding the ropes of its one edge and rest of the three persons going ahead by placing the net in the body of water which maintains a distance from the bank and one operator stands on the bank holding the other edge of the net after placing the net completely. Both of the two operators pull the net by hauling and collect fish from the pockets after 10:00 minutes interval. About 20:00-30:00 minutes are needed for completing a fishing cycle. It is used when the dykes are appeared and it continues up to minimum a water depth of 1 foot.

**Species caught:** All species including wallago, kuria labeo, long-whiskered catfish, giant river-catfish, reba, rohu, catla, mrigal and orange fin labeo.

## ৩। লিফ্‌ট নেট (Lift Net)

### ৩ (১) দলীয় (গ্রুপ) নাম ঃ উত্তোলন জাল
ইংরেজী নাম ঃ হ্যান্ড লিফ্‌ট নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ টাক জাল, শিব জাল, ধর্ম জাল।
তৈরীর উপকরণ ঃ জাল, নাইল সুতা ও সরু বাঁশ ।





**জালের বর্ণনাঃ** জালটি বর্গাকৃতির; ইহার প্রত্যেকটি বাহু ১২-২১ ফুট পর্যন্ত হয়ে থাকে। ইহার ফাঁস সাধারণত ০.৫-১.০ ইঞ্চি হয়ে থাকে। বাঁকানো যায় এমন ৪টি সরু নমনীয় বাঁশের টুকরার প্রয়োজন হয়। প্রথমে ২টি টুকরার গোড়ার দিক পরস্পরের সহিত সুতা দ্বারা বাঁধা হয়, একইভাবে আপর ২টিও বাঁধা হয়; ফলে মোট ৪টি টুকরা ২টি টুকরায় রূপ নেয়। অতঃপর টুকরা ২টি একটির উপর অপরটি যোগ চিহ্নের ন্যায় ('+') রেখে মাঝখানে সুতা দিয়ে বাঁধা হয়। এক্ষেত্রে বাঁশের ৪টি মুক্ত প্রান্ত তৈরী হয়। এ মুক্ত প্রান্তগুলো চারকোণা জালের চার প্রান্তে সুতা দিয়ে বেঁধে দিতে হয়। বাঁশের একটি লম্বা হাতলের একপ্রান্ত যোগ চিহ্ন স্থানে বাঁধা হয় এবং অপর প্রান্ত ধরে জালটি প্ররিচালনা করা হয়।

**জালের ব্যবহারঃ** বর্ষা মৌসূমের শুরুতে এবং শুষ্ক মৌসূমের পূর্বে অগভীর ও স্বল্প স্রোতশীল পানিতে এই জালের ব্যবহার বেশি দেখা যায়। ইহা পরিচালনা করতে ১জন লোকের প্রয়োজন হয়। হাতল ধরে জালটি পানির মধ্যে স্থাপন করা হয়। মাছ তার গতিপথে চলাচলের সময় জালের মধ্যে ঢুকে পড়ে; কিছুক্ষণ পর বাঁশের হাতল ধরে টেনে উত্তোলন করে মাছ সংগ্রহ করা হয়। এ জালটি জলাশয়ের পাড়ে দাড়িয়ে, পাড়ের অদূরে তৈরীকৃত মাচাতে দাড়িয়ে অথবা লম্বা রশির মাধ্যমেও এ জালটি পরিচালনা করা হয়। মাছ সংগ্রহের জন্য ১টি খালই ঐ ব্যক্তির কোমরের সাথে বাঁধা থাকে অথবা পানিতে মাছ রাখার ভাসমান পাত্রও থাকতে পারে।

**এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ** বিভিন্ন প্রজাতির ছোট মাছ এই জালে বেশী ধরা পড়ে। যেমন- পুঁটি, চেলা, মলা, কাকিলা, দারকিনা, ঢেলা, চান্দা ইত্যাদি।

### 3(1) Lift Net/ Dharma Jal
**Group name :** Lift Net.
**English name:** Hand Lift Net.
**Local name in haor area :** Tak Jal, Shib Jal, Dharma Jal.
**Materials:** Net, Nylon rope and Narrow Bamboo.

**Description:** It is square shaped; each arm is about 12-21 feet long. Its mesh size varies between 0.5-1.0 inches. Four flexible sticks are needed. At first, two sticks are tied with each other in its foot edges and rest of the two sticks is also tied as the same scheme; as a result four sticks are converted into two sticks. Hereafter, these two sticks are kept as plus direction ('+') and tied with each other by twine in the center. Thus, four free edges are created. Four edges of square shaped net are tied with the free edges by twine. One edge of a bamboo which makes the long handle is bent with the plus point and another end is used as the handle for the operation of net.

**Mode and place of Operation:** It is mainly used in shallow water having low current in the starts of rainy season and before dry season. One person is needed to operate it. The gear is placed in the water by gripping the handle. Fishes come upon in the net during movement of its route; after a while, it is pulled up from water by handle and collects fish. It can be operated standing on a bank, platform near the shore or by using long ropes. A fish creel is attached with his waist or a floating pot is reserved for keeping fish.

**Species caught:** Small fish species are caught, such as barb, large razorbelly minnow, gora-chela, mola carplet, freshwater garfish, flying barb, cotio, highfin glassy perchlet, indian glassy fish, indian glass-perchlet etc.

৩ (২) দলীয় (গ্রুপ) নাম ঃ উত্তোলন জাল
ইংরেজী নামঃ ফিক্সড লিফ্ট নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ ভেল জাল/ টাক জাল/ ভেসাল জাল/ খরা জাল।
তৈরীর উপকরণ ঃ প্রয়োজনীয় সংখ্যক বাঁশ (১৫-২০ খানা বাঁশের টুকরা), জাল, নাইলন সূতা বা দড়ি।



জালের বর্ণনাঃ পুর্ণাঙ্গ জালের অবকাঠামোটি ত্রিভুজাকৃতির। একটি চতুর্ভূজাকৃতির জাল দিয়ে এ অবকাঠামোটি তৈরী করা হয় এবং ইহার ফাঁস সাধারণত ০.৫-১.৫ ইঞ্চি হয়ে থাকে। দৈর্ঘ্য সর্বোচ্চ ৫২.৫ ফুট এবং চওড়া (আনুভূমিক পার্শ্ব বা বাহু) ৩৭.৫ ফুট পর্যন্ত হয়ে থাকে। ২ টুকরা বাঁশের গোড়ার অংশ একত্রে শক্ত করে বাঁধা হয়। বাঁশের অপর প্রান্তদ্বয় ত্রিভূজের আকার নেয় এমন ফাঁকা করে উভয় পার্শ্বে বাঁশের দুই-তৃতীয়াংশ নীচে মাটিতে খাঁড়াভাবে পুঁতে রাখা অপর দু'টি বাঁশের অবকাঠামোর সাথে পানির ৩ ফুট উপরে এমনভাবে বেঁধে দেয়া হয় যাতে জালের অবকাঠোমোটির সন্মুখভাগ পানির মধ্যে সহজে ডুবানো ও উত্তোলন করা যায়। জালের চারিপর্শ্বে মোটা নাইলন সুতা হেম করে দেয়া হয় এবং জালের অগ্রপান্তের কোণা দু'টি মূল বাঁশের অগ্রপ্রান্তদ্বয়ের সাথে বেঁধে দেয়া হয় এবং জালের অপর প্রান্তদ্বয় একত্রে বেঁধে বাঁশদ্বয়ের সংযোগস্থলে বেঁধে দেয়া হয়। জালের পিছন পার্শ্বে একটি পাটফর্ম তৈরী করা হয়।

জালের ব্যবহারঃ জাল অবকাঠামোটির পিছনের দিকে দু'টি বাঁশের সংযোগস্থলে পায়ের সাহায্যে চাপ দিয়ে এ জাল পরিচালনা করা হয়। ইহা পরিচালনার সময় সাথে একটি নৌকা রাখা হয় এবং মাছ রাখার জন্য বাঁশের তৈরী ট্র্যাপ বা পাত্র রাখা হয়। স্রোতশীল অগভীর পানিতে স্রোতের বিপরীতে এই জাল প্রতিস্থাপন করা হয়। বর্ষা মৌসুমের শুরু থেকে শুস্ক মৌসূমের পূর্ব পর্যন্ত এই জালের ব্যবহার দেখা যায়। একজনে ইহা পরিচালনা করতে পারে। এ জালটির সন্মুখভাগ পানির মধ্যে ডুবিয়ে রেখে ৫-১০ মিনিট পর উপরে ভাসিয়ে তোলা হয়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ বিভিন্ন প্রজাতির ছোট মাছ ও মাছের পোনা এই জালে বেশি ধরা পড়ে। যেমনঃ পুঁটি, চেলা, ঢেলা, চাপিলা, ইচা, শাল বাইম, তারা বাইম ইত্যাদি।

### 3(2) Lift Net/ Veshal Jal

**Group name:** Lift Net.
**English name:** Fixed Lift Net.
**Local name in haor area:** Vel Jal/ Tak Jal/ Veshal Jal/ Khora Jal .
**Materials:** Bamboo, Net, Rope or Nylon rope.

**Description:** A complete veshal structure is triangular. It is prepared with a rectangular net and its mesh size varies between 0.5-1.5 inches. It is 52.50 feet long and 37.50 feet wide (earthen arm) in dimension. Its mesh size varies between 0.3-0.6 inches. Two pieces of bamboo are tied with each other at the foot edges. Other parts of the bamboos are tied at 3 feet (1.5 m) above the water surface as 2:3 ratios with the bamboo poles of both sides of the structure so that it can be possible to dip in and lift up from water, the frontal edge of the veshal structure easily. Thick nylon ropes are attached by hemming with its entire sides; two frontal corners of the net are tied with the frontal edges of the bamboo and opposite edges are closed together and tied with the joint of the mentioned two bamboos. A platform is built with its back side.

**Mode and place of Operation:** It is operated by creating pressure on foot on its pointed edge of the structure. A boat is kept during its operation and a bamboo made trap is reserved to keep fishes. It is set in the shallow water against gentle current. It is used in the starts of rainy season and continues before dry season. One person can operate it. Its frontal portion is immersed in the water for about 5-10 minutes and lift up from water by creating pressure on its pointed edge.

**Species caught:** Small fish species and juveniles of different species are entrapped, such as barb, large razorbelly minnow, gora-chela, cotio, indian river shad, prawn, zig-zag eel, lesser spiny eel etc.

### ৩ (৩) দলীয় (গ্রুপ) নামঃ উত্তোলন জাল

ইংরেজী নামঃ লিফ্ট নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ চটা জাল/ চড়া জাল।
তৈরীর উপকরণঃ নাইলন সুতার জাল, মোটা নাইলন সুতা, নৌকা ৪টি ।



জালের বর্ণনাঃ ইহা একটি বর্গাকৃতির জাল এবং ইহার ফাঁস ২.০-২.৫ ইঞ্চি হয়ে থাকে। ইহার চারি বর্ডারে মোটা সুতা হেম করা থাকে এবং চারিকোণায় ৭৫-৯০ ফুট লম্বা মোটা সুতা বাঁধা থাকে। চারিকেণায় ১.৫-২ কেজি ওজনের পাথর বেঁধে দেয়া হয় যাতে জাল সহজে পানির তলদেশে পৌঁছাতে পারে এবং মাটির সংস্পর্শে থাকে। জালটি ব্যবহার করতে ৪টি নৌকায় ২জন করে মোট ৮জন লোকের প্রয়োজন হয়। সুনামগঞ্জ, সিলেট, ভৈরব, কিশোরগঞ্জ এবং ঢাকা থেকে এই জাল সংগ্রহ করা যায়।

জালের ব্যবহারঃ প্রত্যেক নৌকার দু'জনের একজন নৌকা পরিচালনা করে ও অপরজন জাল প্রতিস্থাপনের কাজ করে। প্রথমে জাল নিয়ে চারটি নৌকা পরস্পরের মুখোমুখি অবস্থান নেয়, জালের চারকোণার দড়ি চারটি নিয়ে নৌকা ৪টি প্রত্যেকে পিছনের দিকে দড়ির সমান দূরত্ব অতিক্রম করে। জালটি প্রতিস্থাপন সম্পন্ন হলে নৌকা ৪টি থেকে সম-গতিতে দড়ি টেনে পরস্পরের সন্নিকটে আসে এবং জালটি নৌকার উপর তুলে এনে মাছ সংগ্রহ করে। জাল ব্যবহারকারী প্রয়োজন মাফিক তাদের অবস্থান পরিবর্তন করে জাল পরিচালনা করে থাকে। একবার জাল প্রতিস্থাপন ও মাছ সংগ্রহ চক্র সম্পন্ন করতে প্রায় ৩০-৪৫ মিনিট সময় লাগে।

এ জালে ধরা পড়া প্রজাতি সমূহঃ বোয়াল, ঘনিয়া, আইড়, রায়েক, রুই, কাতলা, মৃগেল, কালিবাউশ ধরা পড়ে।

### 3(3) Lift Net/ Chata Jal

**Group name:** Lift Net.
**English name:** Lift Net.
**Local name in haor area:** Chata Jal/ Chada Jal.
**Materials:** Nylon net, thick Nylon ropes and 4 boats.

**Description:** It is a rectangular shaped net and its mesh size varies between 2.0-2.5 inches. Thick ropes are hemmed in its both the 4 border lines and about 75-90 feet long thick ropes are tied in each corner of the edge. About 1.5-2 kilograms stone is enclosed in each corner so that the net can easily sink in the water and may contact with the bottom. 8 operators are needed to use the net in which two operators are in each boat. Net is collected from Sunamganj, Sylhet, Bhairabh, Kishoreganj and Dhaka.

**Mode and place of Operation:** One of the two persons operates the boat and other one operates the gear. First of all, 4 boats are closed together in face to face, 4 boats go beyond with the ropes of its full length. The 4 boats come forward with an equal motion and close up face to face after completed placing the net; pull up the net on boat and collect fish. The net operators change the fishing places as they like and catch fish. About 30-45 minutes are needed to complete a fishing cycle.

**Species caught:** All species including wallago, kuria labeo, long-whiskered catfish, giant river-catfish, reba, rohu, catla, mrigal and orange fin labeo.

## ৪। ফাঁস জাল (Gill Net)



### ৪ (১) দলীয় (গ্রুপ) নামঃ ফাঁস জাল (গিল/ ফুলকা জাল)

ইংরেজী নামঃ গিল নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ কারেন্ট জাল।
তৈরীর উপকরণঃ একতন্তু সুতা দ্বারা তৈরী জাল, নাইলন সুতা, পোড়া মাটির তৈরী কয়েন আকৃতির নিমজ্জক এবং সরু বাঁশের খুঁটি।

জালের বর্ণনাঃ ইহা একটি চতুর্ভূজাকৃতির জাল; দৈর্ঘ্য সর্বোচ্চ ৭৫-১৫০০ ফুট এবং প্রস্থ বা উচ্চতা সাধারণত ৪.৫ থেকে ৯ ফুট পর্যন্ত হয়ে থাকে। জালের ফাঁস সাধারণত ০.৫-০.৬ ইঞ্চি। এ জালটি হাতে বুনা যায়না, কারখানায় বুনা হয়। সাধারণত এক তন্তু বিশিষ্ট কৃত্রিম সুতা দ্বারা এই জাল তৈরী করা হয়। জালটির উপর এবং নীচের বর্ডার লাইনে মোটা সুতা হেম করা থাকে। উপর বর্ডার লাইনের সাথে ভাসক (কুচুরিপানা দ্বারা তৈরী ভাসক বা কর্ক ) এবং নীচ বর্ডার লাইনের সাথে নিমজ্জক (মাটির তৈরী কয়েন আকারের নিমজ্জক) সাধারণত ৬-৮ ইঞ্চি পর পর বাঁধা থাকে যা জালটিকে পানিতে স্থিতাবস্থায় থাকতে সাহায্য করে।

জালের ব্যবহারঃ হাওড় অঞ্চলের গভীর ও অগভীর উভয় পানিতে অর্থাৎ বর্ষা মৌসুমের শুরু থেকে শুষ্ক মৌসুমের পূর্ব পর্যন্ত এই জাল ব্যবহৃত হয়ে থাকে। জালের দুই প্রান্ত মাটিতে পুঁতে রাখা ২টি খুঁটির সাথে বেঁধে রাখা হয় যাতে জালটির উপর বর্ডার লাইন পানির উপরি স্তরের সমতলে থেকে টান টান অবস্থায় থাকে। এ জালটি পানিতে সন্ধ্যায় প্রতিস্থাপন করা হয় এবং পরদিন সকালে উত্তোলন করে মাছ সংগ্রহ করা হয়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ বিভিন্ন প্রজাতির ছোট মাছ এই জালে বেশি ধরা পড়ে, যেমনঃ পুঁটি, টেংরা, শিং, কই, খলিশা, গুচি বাইম ও শাল বাইম ধরা পড়ে।

### 4(1) Gill Net/ Current Jal

**Group name:** Gill Net.
**English name:** Gill Net.
**Local name in haor area:** Current Jal.
**Materials:** Mono-filament synthetic fibre net, Nylon rope, Floats, Coin shape soil-made Sinker (weight), Pieces of narrow bamboo poles.

**Description:** It is a rectangular shaped gear; it is 75-1500 feet long and 4.5-9 feet wide (Maximum). Its mesh size varies between 0.5-0.6 Inches. It is not possible to weave it by hands, it is woven in factories. Mainly it is prepared by mono-filament synthetic twine. Both of the upper and lower border lines are attached with thick ropes by hemming. Floats (which are made of hyacinth or cork) are attached with its upper border line and sinkers (which are made of soil and coin shape) are enclosed with its lower border line maintaining a distance about 6-8 inches so that the net be kept in straight and drift in the water column.

**Mode and place of Operation:** It is used both in the shallow and deep water of haor region from starts of rainy season and continues until dry season. Its two edges are tied with two fixed bamboo poles so that its upper border line keeps in water surface and net remains straight in the water. It is set in the evening and lift up at dawn of the next day and collects fish.

**Species caught:** Small fish species are entrapped, such as barb, kerala mystus, stinging catfish, climbing perch, dwarf gourami, banded gourami, barred spiny eel and zig-zag eel.



৪ (২) দলীয় (গ্রুপ) নাম ঃ ফাঁস জাল (গিল/ ফুলকা জাল)
ইংরেজী নামঃ গিল নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নাম ঃ কই জাল, কইয়া জাল।
তৈরীর উপকরণ ঃ একতন্তু সুতা দ্বারা তৈরী জাল, নাইলন সুতা, পোড়া মাটির তৈরী কয়েন আকৃতির নিমজ্জক এবং সরু বাঁশের খুঁটি।

জালের বর্ণনাঃ কই জাল আয়তাকার হয়ে থাকে। দৈর্ঘ্য ৭৫-১৫০০ ফুট এবং প্রস্থ বা উচ্চতা সাধারণত ৪.৫-৯ ফুট পর্যন্ত হয়ে থাকে। জলাশয়ের আয়তনের উপর ভিত্তি করে জেলেরা দৈর্ঘ্য হ্রাস-বৃদ্ধি করে থাকে। জালের ফাঁস ০.৭৫-২.৪ ইঞ্চি হয়ে থাকে। ইহা এক তন্তুবিশিষ্ট কৃত্রিম সুতা দ্বারা কারখানায় বুনা হয় এবং জেলেরা বাজার থেকে ইহা ক্রয় করে। জালের উপরের প্রান্তে ফ্লোটিং হিসেবে কুচুরিপানা বা অন্য কোন ভাসক ব্যবহার করা হয় এবং জালের নিম্ন প্রান্তে কয়েন আকৃতির মাটির তৈরী নিমজ্জক বস্তু সাধারণত ৬-৮ ইঞ্চি ব্যবধানে সংযুক্ত থাকে যা জালটিকে পানিতে স্থিতাবস্থায় থাকতে সাহায্য করে। প্রজনন মৌসুমে কই মাছ এ জালে বেশী ধরা পড়ে বলে একে কই জাল বলা হয়।

জালের ব্যবহারঃ হাওড় অঞ্চলের গভীর ও অগভীর উভয় পানিতে অর্থাৎ বর্ষা মৌসুমের শুরু থেকে শুস্ক মৌসুমের পূর্ব পর্যন্ত এই জাল ব্যবহৃত হয়ে থাকে। জালের দুই প্রান্ত মাটিতে পুঁতে রাখা ২টি খুঁটির সাথে বেঁধে রাখা হয় যাতে জালটির উপর বর্ডার লাইন পানির উপরি স্তরের সমতলে থেকে টান টান অবস্থায় থাকে। এ জালটি পানিতে সন্ধ্যায় প্রতিস্থাপন করা হয় এবং পরদিন সকালে উত্তোলন করে মাছ সংগ্রহ করা হয়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ প্রধানত কই মাছ ধরার জন্য এই জাল ব্যবহৃত হয়। অন্যান্য মাছের মধ্যে রয়েছে খলিশা, জাত পুঁটি, ভেদা, গুচি বাইম, শাল বাইম, শিং ও মাগুর।

### 4(2) Gill Net/ Koi Jal

**Group name:** Gill Net
**English name:** Gill Net
**Local name in haor area:** Koi Jal/ Koiya jal
**Materials:** Mono-filament synthetic fibre net, Nylon rope, Floats, Coin shape soil-made Sinker (weight), Pieces of narrow bamboo poles.

**Description:** Climbing perch net (Koi net) is a rectangular shaped gear. It is 75-1500 feet long and 4.5-9 feet wide. Fishers enlarge or shorten its length according to area of the waterbody. Its mesh size varies between .75- 2.4 inches. It is woven with mono-filament synthetic twine in the factory and fishers purchase it from market. Floats (which are made of hyacinth or cork) are attached with its upper border line and sinkers (which are made of soil and coin shape) are enclosed with its lower border line maintaining a distance about 6-8 inches which help the net keeping stand-still in water. It is called Climbing perch net (Koi net) as huge number of Climbing perch (Koi) is entrapped with this net during spawning season.

**Mode and place of Operation:** It is used both in the shallow and deep water of haor region from starts of rainy season and continues until dry season. Its two edges are tied with two fixed bamboo poles so that its upper border line keeps in water surface and net remains straight in the water. It is set in the evening and lift up at the dawn of the next day and collects fish.

**Species caught:** Mostly climbing perch is trapped in this gear. Other species are dwarf gourami, banded gourami, pool barb, gangetic leaffish, barred spiny eel, zig-zag eel and walking catfish.

৪ (৩) দলীয় (গ্রুপ) নামঃ ফাঁস জাল (গিল/ ফুলকা জাল)
ইংরেজী নামঃ গিল নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ চ্যালা জাল।
তৈরীর উপকরণ ঃ একতন্তু সুতা দ্বারা তৈরীকৃত জাল, নাইলন সুতা, স্পঞ্জ দ্বারা তৈরী ভাসক, কয়েন আকৃতির/ ঢোল আকৃতির পোড়া মাটির তৈরী নিমজ্জক এবং সরু বাঁশের টুকরা।



জালের বর্ণনাঃ ইহা একটি চতুর্ভূজাকৃতির জাল; দৈর্ঘ্য ৭৫-১৫০০ ফুট এবং উচ্চতা সাধারণত ২.২৫ -৩ ফুট পর্যন্ত হয়ে থাকে। জালের ফাঁস সাধারণত ০.৬ ইঞ্চি হয়ে থাকে। এ জালটি হাতে বুনা যায় না, মূলত জালটি একতন্তু বিশিষ্ট কৃত্রিম সুতা দ্বারা কারখানায় বুনা হয় এবং প্রয়োজনীয় মাপ অনুযায়ী জেলেরা বাজার থেকে ক্রয় করে থাকে। জালটিকে ভাসমান রাখার জন্য উপরের অংশে স্পঞ্জ দ্বারা তৈরী ভাসক ব্যবহার করা হয় এবং নীচ প্রান্তে মাটির তৈরী নিমজ্জক পদার্থ সাধারণত ১২-১৮ ইঞ্চি পর পর সংযুক্ত করা হয় যা জালটিকে পানিতে স্থিতাবস্থায় রাখে।

জালের ব্যবহারঃ গভীর বা অগভীর পানিতে অর্থাৎ বর্ষা মৌসুমের শুরু থেকে শুস্ক মৌসুমের পূর্ব পর্যন্ত এই জাল ব্যবহৃত হয়ে থাকে। জালের দুই প্রান্ত মাটিতে পুঁতে রাখা ২টি খুঁটির সাথে বেঁধে রাখা হয় যাতে জালটির উপর বর্ডার লাইন পানির উপরি স্তরের সমতলে থেকে টান টান অবস্থায় থাকে। এ জালটি পানিতে সন্ধ্যায় প্রতিস্থাপন করা হয় এবং পরদিন সকালে উত্তোলন করে মাছ সংগ্রহ করা হয়। সাধারণত প্রতি ৩ ঘন্টা পর পর মাছ সংগ্রহ করা যায়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ প্রধানত চেলা মাছ ধরার জন্য এই জাল ব্যবহৃত হয়।



### 4(3) Gill Net/ Chela Jal

**Group name:** Gill Net.
**English name:** Gill net.
**Local name in haor area:** Chela Jal.
**Materials:** Mono-filament synthetic fibre net, Nylon rope, Sponge made floats and soil-made weight.

**Description:** It is a rectangular shaped gear; it is 75-1500 feet long and 2.5-3 feet wide. Its mesh size is about 0.6 inches. It is not possible to weave this net by hand, it is woven with mono-filament synthetic twine in the factory and fishers purchase it from market according to their need. Floats are attached with the upper border line to keep it drift and soil-made weight is enclosed with the lower border line maintaining a distance about 12-18 inches which help the net keeping stand-still in water.

**Mode and place of Operation:** It is used both in the shallow and deep water during starts of rainy season and it will continue until dry season. Its two edges are tied with two fixed bamboo poles so that its upper border line keeps in water surface and net remains straight in the water. It is set in the evening and lift up at the dawn of the next day to collect fish. However, fish can be collected after 3 hour intervals.

**Species caught:** Mainly large razorbelly minnow, gora-chela is entrapped by this gear.

৪ (৪) দলীয় (গ্রুপ) নামঃ ফাঁস জাল (গিল/ ফুলকা জাল)
ইংরেজী নামঃ গিল নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ বাটা জাল।
তৈরীর উপকরণ ঃ একতন্তু সুতা দ্বারা তৈরীকৃত জাল, নাইলন সুতা, কচুরিপানার ডগা দ্বারা তৈরী ভাসক, নিমজ্জক (ইটের বা পাথরের টুকরা দ্বারা তৈরী) এবং একটি ছোট নৌকা।



জালের বর্ণনাঃ ইহা একটি চতুর্ভূজাকৃতির জাল; ইহার দৈর্ঘ্য ১৫০-১৫০০ ফুট এবং উচ্চতা সাধারণত ৪.৫-৭.৫ ফুট পর্যন্ত হয়ে থাকে। এ জালটি হাতে বুনা যায়না, মূল জালটি কারখানায় সাধারণত এক তন্তু বিশিষ্ট কৃত্রিম সুতা দ্বারা বুনা হয় এবং জেলেরা প্রয়োজনীয় মাপ অনুযায়ী বাজার থেকে ক্রয় করে থাকে। জালের উভয় বর্ডারে মোটা নাইলনের সুতা হেম করে সংযুক্ত করা হয়। জালটিকে ভাসমান রাখার জন্য উপরের অংশে কচুরীপানার ডগার গোড়ার প্রান্ত বেঁধে দেয়া হয় এবং জালের নীচের অংশে নিমজ্জক পদার্থ হিসেবে ইটের বা পাথরের টুকরা বেঁধে দেয়া হয় যাতে জালটি পানিতে নিলম্বিত অবস্থায় থাকে।

জালের ব্যবহারঃ গভীর ও মধ্যম গভীর পানিতে অর্থাৎ বর্ষা মৌসুমের শুরু থেকে শুস্ক মৌসুম শুরুর পূর্ব পর্যন্ত এই জাল ব্যবহৃত হয়ে থাকে। জালটি ব্যবহারের জন্য একটি নৌকার প্রয়োজন হয়। জালটি নৌকার উপর সাজানো থাকে, জলাশয়ের একটি নির্দিষ্ট স্থান থেকে জালটি পানিতে ছাড়তে ছাড়তে একটি বৈঠার সাহায্যে পিছনের দিকে ধাবিত হতে হয়। সমগ্র জালটি প্রতিস্থাপন করার ৫-১০ মিনিট পর নৌকার সাথে বাঁধা অংশ ধরে টেনে টেনে নৌকার উপর তুলে আনা হয় এবং জাল থেকে মাছ সংগ্রহ করা হয়। মাছ ধরার একটি চক্র সম্পন্ন করতে প্রায় ২০-৩০ মিনিট সময় লাগে।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ প্রধানত কালিবাউশ বেশি ধরা পড়ে, তবে মাঝারি আকারের রুই, কাতলা, ঘনিয়াও এই জালে ধরা পড়ে।

### 4(4) Gill Net/ Bata Jal

**Group name:** Gill Net.
**English name:** Gill Net.
**Local name in haor area:** Bata Jal.
**Materials:** Mono-filament synthetic fibre net, Nylon rope, Hyachinth lip-made floats and Sinkers (brikes or stones- made).

**Description:** It is a rectangular shaped gear; it is 150-1500 feet long and 4.5-7.5 feet wide. Its mesh size varies between 0.5-5 inches. It is not woven by hand, original net is woven in the factory with mono-filament synthetic twine and fishers purchase it from market according to their need. Thick nylon ropes are attached with both the ends by hemming. Hyacinth lip-made float is attached with its upper border line to keep it afloat and pieces of bricks or stones are enclosed with its lower border line to keep it suspended in the water.

**Mode and place of Operation:** It is used both in the deep and medium shallow water during start of rainy season and continues before the start to the dry season. A boat is needed to operate it. It is arranged layer-wise on boat and goes backward releasing the net from a distinct place by the help of a scull. It is pulled up on boat after an interval of 5-10 minutes when the net is completed to set up in the water by the edge which is bent with the boat and fish is collected. About 20-30 minute is needed to complete a fishing cycle.

**Species caught:** Mainly orange fin labeo is caught by this gear, but medium size of rohu, catla, kuria labeo are also caught by this gear.



৪ (৫) দলীয় (গ্রুপ) নামঃ ফাঁস জাল (গিল/ ফুলকা জাল)
ইংরেজী নামঃ গিল নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ সুতি জাল।
তৈরীর উপকরণঃ কটন সুতা বা কটন সুতার জাল, নাইলন সুতা, কয়েন আকৃতির পোড়া মাটির তৈরী নিমজ্জক (weight) এবং সরু বাঁশের টুকরা।

জালের বর্ণনাঃ ইহা একটি চতুর্ভূজাকৃতির জাল; ইহার দৈর্ঘ্য ৭৫-১৫০০ ফুট এবং উচ্চতা সাধারণত ৪.৫-৯ ফুট পর্যন্ত হয়ে থাকে। জালের ফাঁস সাধারণত ০.৫-০.৬ ইঞ্চি হয়ে থাকে। এ জালটি হাতে বুনা যায় এবং কারখানায়ও প্রস্তুত করা হয়। সাধারণত কটন সুতা দ্বারা এই জাল তৈরী করা হয়। সুতরাং জেলেরা জালটি প্রয়োজন অনুযায়ী হাতে বুনে নেয় অথবা বাজার থেকে ক্রয় করে থাকে। জালটির উপর এবং নীচের বর্ডার লাইনে মোটা সুতা হেম করা থাকে। উপর বর্ডার লইনের সাথে ভাসক এবং নীচ বর্ডার লইনের সাথে নিমজ্জক সাধারণত ৬-৮ ইঞ্চি পর পর সংযুক্ত থাকে যা জালটিকে পানিতে স্থিতাবস্থায় থাকতে সাহায্য করে।

জালের ব্যবহারঃ হাওড় অঞ্চলে অগভীর ও গভীর পানিতে অর্থাৎ বর্ষা মৌসূমের শুরু থেকে শুস্ক মৌসূম শুরুর পূর্ব পর্যন্ত এই জাল ব্যবহৃত হয়ে থাকে। জালের দুই প্রান্ত মাটিতে পুঁতে রাখা ২টি খুঁটির সাথে বেঁধে রাখা হয় যাতে জালটির উপর বর্ডার লাইন পানির উপরি স্তরের সমতলে থেকে টান টান অবস্থায় থাকে। এ জালটি পানিতে সন্ধ্যায় প্রতিস্থাপন করা হয় এবং পরদিন সকালে উত্তোলন করে মাছ সংগ্রহ করা হয়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ বিভিন্ন প্রজাতির ছোট মাছ এই জালে বেশি ধরা পড়ে, যেমনঃ পুঁটি, টেংরা, শিং, কই, খলিশা, গুচি বাইম ও শাল বাইম ধরা পড়ে।

### 4(5) Gill Net/ Suti Jal

**Group name:** Gill Net.
**English nam :** Gill Net.
**Local name in haor area:** Suti Jal.
**Mesh size:** About 0.5-0.6 Inches.
**Materials:** Mono-filament synthetic net, Nylon rope, Coin shape soil made Sinker (weight), Pieces of narrow bamboo sticks.

**Description:** It is a rectangular shaped net; it is 75-1500 feet long and generally 4.5-9 feet wide. Its mesh size varies between 0.5-0.6 inches. It is both woven by hands and in factory. It is prepared mainly from cotton twine. So fishers weave or buy it from market as their need. Both of upper and lower border lines are attached with thick ropes by hemming. Floats are attached with the upper border line and sinkers are attached with its lower border line maintaining a distance of 6-8 inches so that the net be kept in straight and drift in the water.

**Mode and place of Operation:** It is used both in the shallow and deep water of haor region from starts of rainy season and continues until dry season in haor region. Its two edges are tied with two fixed bamboo poles so that its upper border line keeps in water surface and the net remains straight in the water. It is set in the evening and lift up at the dawn of the next day to collect fish.

**Species caught:** Small fish species are entrapped, such as kerala mystus, stinging catfish, climbing perch, dwarf gourami, banded gourami, barred spiny eel and zig-zag eel.

## ৫। ঝাঁকি জাল (Cast Net)

### ৫ (১) দলীয় (গ্রুপ) নামঃ পতনশীল জাল

ইংরেজী নামঃ ক্যাস্ট নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ কনি জাল, উড়াল জাল, ঝাঁকি জাল।
তৈরীর উপকরণঃ নাইলন বা কৃত্রিম সুতা, মোটা রশি, নিমজ্জক (লোহা দ্বারা তৈরী যার স্থানীয় নাম গুলি)।



জালের বর্ণনাঃ আকৃতিগত দিক থেকে এ জালের মুখ বৃত্তাকার। মুখ থেকে জালের অবশিষ্ট্যাংশ একটি কেন্দ্রবিন্দুতে একত্রিত হয়। ইহার ফাঁস সাধরণত ০.৫-০.৬ ইঞ্চি হয়। কেন্দ্রবিন্দুতে ১০.৫০-১৫ ফুট পরিমাণ একটি শক্ত মোটা রশি লাগানো থাকে। মূলত এ রশির মাধ্যমেই জালকে জলাশয়ে নিক্ষেপ করা হয়। জালের দৈর্ঘ্য ১১ ফুট থেকে ১৬ ফুট পর্যন্ত হয়ে থাকে। এ জালের নীচের দিকে পরিধি সংলগ্ন স্থানে বহু-সংখ্যক ছোট ছোট থলি থাকে যার স্থানীয় নাম গাই। পকেটের চারিদিকে ক্ষুদ্রাকৃতির নিমজ্জক পদার্থ মালাকারে সংযুক্ত থাকে যাতে সহজেই জাল পানির গভীরে যেতে পারে।

জালের ব্যবহারঃ সারা বছরই এ জাল ব্যবহৃত হয়ে থাকে। জাল ব্যবহারের সময় এক হাতে রশিটি ধরা হয় এবং দুই হাতের সাহায্যে পানিতে জালটি নিক্ষেপ করা হয়। জাল যখন পানিতে সম্পূর্ণ নিমজ্জিত হয় ওয়েটগুলি তলদেশে পৌঁছায় এবং জালের তলে মাছ আটকা পড়ে, তখন রশির সাহায্যে জাল টেনে উত্তোলন করা হয়। সাধারনত পাড় থেকে কম পানিতে বা নৌকা থেকে গভীর পানিতেও এ জাল নিক্ষেপ করে মাছ ধরা যায়। ১ জন লোক এ জাল ব্যবহার করতে পারে।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ অধিকাংশ ছোট প্রজাতির মাছ বেশী ধরা পড়ে, যেমনঃ পুঁটি, টেংরা, মলা, ইচা, শিং, মাগুর, খলিশা, গুচি বাইম, তারা বাইম, শাল বাইম ইত্যাদি।

### 5(1) Cast Net/ Jhaki Jal

**Group name:** Falling Net.
**English name:** Cast Net.
**Local name in haor area:** Koni Jal/ Jhaki Jal.
**Materials:** Nylon or Synthetic rope, Thick rope, Sinkers (weight).

**Description:** Its opening is circular in dimension. Other part of the net is closed together centering a point. Its mesh size varies between 0.5-0.6 inches. Strong and thick rope about 10.50-15 feet long is bent in the center. The net is thrown in the waterbody mainly by the help of this rope. Its length is about 11 feet to 16 feet. Remaining numbers of pockets in its foot edge which is locally called gai. Sinkers are attached around the gai as a series so that the net can goes deepen in the water.

**Mode and place of Operation:** It is used all the year round. During operation, the rope is kept in one hand and the net is thrown with the help of both hands. When the net sinks completely, the sinkers reach to the bottom and the fishes beneath the net get trapped. Then the net is hauled up by pulling the rope. It is operated mainly in the shallow water standing on the bank of waterbody or in deep water standing upon a boat. One person can operate this gear.

**Species caught:** Most of the small fish species are caught, such as barb, kerala mystus, mola carplet, prawns, stinging catfish, walking catfish, dwarf gourami, banded gourami, barred spiny eel, lesser spiny eel, zig-zag eel.



৫ (২) দলীয় (গ্রুপ) নাম ঃ পতনশীল জাল
ইংরেজী নামঃ ক্যাস্ট নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ বাছুরী জাল/ একনাইয়া জাল/ বিছানী জাল।
তৈরীর উপকরণঃ নাইলন সুতা, মোটা দড়ি ও নিমজ্জক (লোহার তৈরী)।

জালের বর্ণনাঃ প্রকৃতপক্ষে এটি একটি বৃহদাকার কনি জাল। এ জালের ফাঁস সাধারণত ১.২৫ ইঞ্চি হয়ে থাকে। আকৃতিগত দিক থেকে এ জালের মুখ বৃত্তাকার। এ জালের মুখ থেকে জালের অবশিষ্ট্যাংশ ক্রমান্বয়ে সরু হয়ে একটি কেন্দ্রবিন্দুতে একত্রিত হয়। জালের দৈর্ঘ্য ৩৭ থেকে ৪৫ ফুট পর্যন্ত হয়ে থাকে এবং জালের মুখের ব্যাস দৈর্ঘ্যের দ্বিগুণ হয়ে থাকে। প্রধানত জালের ৩টি অংশ থাকে। এ জালের মুখের দিকে বহু সংখ্যক ছোট ছোট থলি থাকে যার স্থানীয় নাম গাই। গাই থেকে ক্রমান্বয়ে পিছনের অংশের নাম জাঙ্গা ও মাইল্না; এবং জালের কেন্দ্রবিন্দুতে ৩৭ ফুট দৈর্ঘ্যের একটি কাছি লাগানো থাকে। গাই ৬ ফুট উচ্চতার হয় এবং ইহার ব্যাসও সর্বাপেক্ষা। গাই তৈরীতে তুলনামূলক মোটা সুতা ব্যবহৃত হয়, কারণ মাটির সাথে জালের এই অংশের সবচেয়ে বেশী ঘর্ষণ হয়। গাইয়ের চারিদিকে প্রায় ২৫-২৮ কেজি ক্ষুদ্রাকৃতির নিমজ্জক (লোহার তৈরী গুলি) মালাকারে সংযুক্ত থাকে যাতে জাল দ্রুত পানির গভীরে যেতে পারে এবং তলদেশের সংস্পর্শে আসতে পারে।

জালের ব্যবহারঃ এই জাল ব্যবহার করতে কমপক্ষে ২ জন লোক ও একটি বড় আকারের নৌকা প্রয়োজন হয়। এটি সাধারণত পানিতে ধীরে ধীরে ফেলা হয় ও স্রোতের বিপরীতে ২টি বৈঠার সাহায্যে ধাবিত হতে হয় এবং ১০- ২০ মিনিট পর কাছির সাহায্যে টেনে নৌকার উপর তুলে আনা হয়। জুলাই থেকে নভেম্বর পর্যন্ত এই জালের সাহায্যে মাছ ধরা হয়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ সাধারণত বড় প্রজাতির মাছ এই জালের সাহায্যে ধরা হয়, যেমনঃ রুই, কাতলা, কালিবাউশ, বোয়াল, আইড়, মৃগেল, ঘনিয়া, বাচা, গুলশা, বেলে, শাল বাইম, রানী, চাপিলা, লম্বা চাঁন্দা ও জাত পুঁটি।

### 5(2) Cast Net/ Bachuri Jal

**Group name:** Falling Net.
**English name:** Cast Net.
**Local name in haor area:** Bachuri Jal/ Eknaia Jal/ Bichani Jal.
**Materials:** Nylon twine, Thick rope and Sinker (Iron made weight).

**Description:** It is actually a bigger cast net. Its mesh size is about 1.25 inches. Its opening diameter is circular. It becomes progressively narrow from its opening and gets together in a center point. It is 37-45 feet long and opening diameter is double the size. It has mainly three parts. It has a large number of pockets in its opening which is locally called gai. Hereafter, gradually the next parts are janga and mailna; and a 37 feet long thick rope is tied with its center point. Pockets (gai) are 6 feet high and its diameter is highest also. Comparatively thick rope is used to make pockets than other parts of the net, because more rubbing is occurred on bottom with this part of the net. About 25-28 kilograms small pieces of iron made sinkers (iron made weights) are enclosed with the pockets so that the net can reach under water quickly and make contact with the bottom. Net is collected from Sunamganj, Sylhet and Dhaka.

**Mode and place of Operation:** At least two persons and a large size boat are needed to operate it. It is placed slowly in the water and goes backward against current by the help of 2 sculls and the net is hauled up on the boat by the help of the thick rope after 10-15 minutes later. Generally this net is used from July to November.

**Species caught:** Generally rohu, catla, orange fin labeo, wallago, long-whiskered catfish, giant river-catfish, mrigal, kuria labeo, river catfish, day's mystus, tank goby, zig-zag eel, begal loach, indian river shad, elogate glass-perchlet and pool barb.

৫ (৩) দলীয় (গ্রুপ) নামঃ পতনশীল জাল
ইংরেজী নামঃ ক্যাস্ট নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ উতার জাল, গাইট্টা উতার, নাইয়া উতার।
তৈরীর উপকরণঃ নাইলন সুতার জাল, নাইলন সুতা, মোটা দড়ি, নিমজ্জক (লোহার তৈরী সিঙ্কার বা ওয়েট), ২টি নৌকা ও ১টি মাচা।



জালের বর্ণনাঃ এটি একটি বৃহদাকার কনি জাল, ফাঁস সাধারণত ১.৫ ইঞ্চি হয়ে থাকে, এ জালের মুখ বৃত্তাকার। জালের মুখ থেকে জালের অবশিষ্ট অংশ ক্রমান্বয়ে সরু হয়ে একটি কেন্দ্রবিন্দুতে একত্রিত হয়। জালের দৈর্ঘ্য ৬৭ থেকে ৯০ ফুট এবং জালের মুখের ব্যাস সাধারণত দৈর্ঘ্যের দ্বিগুণ হয়ে থাকে। প্রধানত জালের ৩টি অংশ থাকে। এ জালের মুখের দিকে বহু সংখ্যক ছোট ছোট থলি থাকে যার স্থানীয় নাম গাই। গাই থেকে ক্রমান্বয়ে পিছনের অংশের নাম জাঙ্গা ও মাইল্না; এবং জালের কেন্দ্রবিন্দুতে ৯০-১০৫ ফুট দৈর্ঘ্যের একটি কাছি লাগানো থাকে। গাই ৬.৭৫ ফুট উচ্চতার হয় এবং ইহার ব্যাসও সর্বাপেক্ষা। গাই তৈরীতে তুলনামূলক মোটা সুতা ব্যবহৃত হয়, কারণ মাটির সাথে জালের এই অংশের সবচেয়ে বেশী ঘর্ষণ হয়। গাইয়ের চারিদিকে প্রায় ৩০ কেজি ক্ষুদ্রাকৃতির নিমজ্জক (লোহার তৈরী গুলি) মালাকারে সংযুক্ত থাকে যাতে জাল দ্রুত পানির গভীরে যেতে পারে এবং তলদেশের সংস্পর্শে আসতে পারে। সুনামগঞ্জ, সিলেট এবং ঢাকা থেকে এই জাল সংগ্রহ করা হয়।

জালের ব্যবহারঃ এই জাল ব্যবহার করতে কমপক্ষে ৪ জন লোকের প্রয়োজন হয়। সাধারনত দু'টি মাঝারী আকারের নৌকা পরস্পরের (দৈর্ঘ্য বরাবর) পার্শ্বে প্রায় ২ ফুট ফাঁকা রেখে অপর একটি কাঠামো যার স্থানীয় নাম চালি বা হাবুম দ্বারা নৌকা দু'টিকে শক্ত করে বাঁধা হয়। নৌকা দু'টি সংযুক্ত আবস্থায় এটির মোট দৈর্ঘ্য দাড়ায় প্রায় ৬০-৭৫ ফুট। পানিতে ধীরে ধীরে ফেলা হয় ও স্রোতের বিপরীতে ২টি বৈঠার সাহয্যে ধাবিত হতে হয়। ১০-১৫ মিনিট পর টেনে নৌকার উপর তুলে আনা হয়। জুলাই থেকে নভেম্বর পর্যন্ত এই জালের সাহায্যে মাছ ধরা হয়।



এ জালে ধরা পড়া প্রজাতি সমূহঃ প্রধানত বড় প্রজাতির মাছ এই জালের সাহায্যে ধরা হয়, যেমনঃ রুই, কাতলা, কালিবাউশ, বোয়াল, আইড়, মৃগেল, ঘনিয়া, সিলভার কার্প ইত্যাদি।

### 5(3) Cast Net/ Utar Jal

**Group name:** Falling Net.
**English name:** Cast Net.
**Local name in haor area:** Utar Jal, Gaitya Utar, Naia Utar.
**Materials:** Nylon net, Nylon rope, Thick ropes, Sinker (Iron made weight), 2 Boats and 1 Machan.

**Description:** It is actually a bigger cast net, mesh size is about 1.5 inches, and opening diameter is circular. It becomes narrow from its opening and gets together in a center point. It is 67-90 feet long and opening diameter is double the figure. It has mainly three parts. It has a large number of pockets in its opening which is locally called gai, next parts are janga and mailna; and a 90-105 feet long thick rope is tied with center point. Pockets (gai) are 6.75 feet high and its diameter is highest also. Comparatively thick rope is used to make pockets, because more rubbing is occurred on bottom with this part of the net. About 30 kilograms small pieces of iron made sinkers (iron made weights) are enclosed with the pockets so that the net can reach under water quickly on to the bottom. Net is collected from Sunamganj, Sylhet and Dhaka.

**Mode and place of Operation:** Four persons are needed to operate this net. Two medium size boats are attached (its length direction) with each other maintaining a distance of about 2 feet by a machan which is locally called habum. It becomes about 60-75 feet long after attachment of two boats. It is placed slowly in the water and goes backward against current by the help of 2 sculls. The net is pulled up on the boat about 10-15 minutes later after placing the net. Generally this net is used from July to November.

৬। দলীয় গ্রুপ) নামঃ পতনশীল জাল
ইংরেজী নামঃ ল্যান্টার্ন নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ ঝাঁপ জাল/ চাবি জাল।
তৈরীর উপকরণঃ নাইলন সূতার জাল, নাইলন সূঁতা এবং বাঁশ।



জালের বর্ণনাঃ ইহা একটি ফানেল আকৃতির গিয়ার। জালের ফাঁস ০.৬ ইঞ্চি হয়ে থাকে এবং উচ্চতা প্রায় ৯-১২ ফুট হয়। প্রথমে বাঁশের ফালি দিয়ে একটি গোলাকার ফ্রেম তৈরী করা হয় যার মুখের ব্যাস ৪.৫-৬ ফুট হয়ে থাকে। ৯-১০.৫০ ফুট বিশিষ্ট সরু একটি বাঁশের টুকরার গোড়ার দিকের অর্ধেক পরিমাণ অংশ ৪ ফালি করা হয় এবং তা মসৃণ করা হয়। গোলাকার ফ্রেম এর সাথে ফালি ৪টির অগ্রভাগ বেঁধে কনিক্যাল আকৃতির কাঠামো তৈরী করা হয়। কনিক্যাল'র ভিতর পার্শ্বে জাল দ্বারা ঘেরা দেয়া হয় এবং জালের অপর প্রান্তে সুতা দ্বারা ফাঁস তৈরী করা হয় যার সাহায্যে মাছ সংগ্রহ করা হয়।

জালের ব্যবহারঃ নৌকার উপর থেকে এ জালটি পরিচালনা করা হয়। প্রধানত স্বল্প গভীরতার পানিতে এ জাল ব্যবহার করা হয়। জালের উপরিভাগের হাতল ধরে পানিতে নিক্ষেপ করা হয় তবে নিক্ষেপণের সময় হাতলটি হাতে ধরাই থাকে। এটি পরিচালনা করতে একজন লোকের প্রয়োজন হয়, তবে দু'জন হলে জাল পরিচালনায় সুবিধা হয়। মাছ জালে আটকা পড়লে উপরের প্রান্ত থেকে হাত ঢুকিয়ে মাছ সংগ্রহ করা হয়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ সাধারনত বড় আকৃতির মাছ এ জালে ধরা পড়ে। যেমনঃ রুই, কাতলা, মৃগেল, কালিবাউশ, বোয়াল, শোল, গজার ইত্যাদি।



### 6. Lantern Net/ Chabi Jal

**Group name:** Falling Net.
**English name:** Lantern Net.
**Local name in haor area:** Jhap Jal, Chabi Jal.
**Materials:** Nylon net, Nylon rope and Bamboo.

**Description:** It is a funnel shaped gear. Its mesh size is about 0.6 inches and its height is about 9-12 feet. A circular frame is formulated with a piece of bamboo slice of which the opening diameter is 4.5-6 feet. A piece of 9-10.5 feet long narrow bamboo pole is taken and about half of its lower portion is sliced into 4 arms and made smooth. A conical structure is formulated by bending these 4 arms at edges with the circular shape. Net is surrounded in the inner part of the conical shape. And a slip-knot is created on the other edge of the net with rope from where the fish is collected.

**Mode and place of Operation:** It is operated upon the boat. It is operated mainly in the shallow water. It is thrown by gripping its handle but the handle is on holding during it is thrown in the water. One person is needed to operate it, but advantage is added if two persons operate it.

**Species caught:** Generally big species are caught by it, such as rohu, catla, mrigal, orange fin labeo, wallago, snakehead murrel, giant snakehead etc.

## ৭। টানা জাল (**Drag Net**)

### ৭ (১) দলীয় (গ্রুপ) নামঃ টানা জাল (ড্র্যাগ্)

ইংরেজী নামঃ ড্র্যাগ নেট/ড্রেজ্ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ টানা জাল।
তৈরীর উপকরণঃ জাল, লাইলন/পাষ্টিকের সুতা ও বাঁশ।



জালের বর্ণনাঃ চতুর্ভূজাকৃতির; সাধারণত দৈর্ঘ্য সর্বোচ্চ ১২ ফুট এবং উচ্চচতা ৭.৫ ফুট পর্যন্ত হয়ে থাকে। এ জালের ফাঁস সাধারণত ০.১-০.৫ ইঞ্চি হয়ে থাকে। জালের পার্শ্বগুলি মোটা সুতার সাথে হেম করা থাকে। ৭.৫ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট ২টি বাঁশের টুকরার প্রান্তভাগে জালের চারিকোণ আলাদাভাবে সুতা দিয়ে বেঁধে দিতে হয়। এ জাল অবকাঠামোটি দেখতে অনেকটা ফুটবল মাঠের গোল পোষ্টের মত হয়।

জালের ব্যবহারঃ অগভীর পানিতে অর্থাৎ বর্ষা মৌসুমের শুরুতে এবং শুস্ক মৌসুমের পূর্বে পানি যখন কম থাকে তখন এই জালের ব্যবহার বেশি দেখা যায়। এ জাল ব্যবহার করতে দু'জন লোকের প্রয়োজন হয়। তারা জালের দু'টি বাঁশ আলাদাভাবে ধরে পানির মধ্যে খাঁড়াভাবে ডুবিয়ে সামনের দিকে টেনে নিয়ে যায় এবং কিছুক্ষণ (প্রায় ৫-১০ মিনিট) পর ভাসিয়ে তুলে মাছ সংগ্রহ করা হয়। এসময় বাঁশ দু'টি পানিতে তির্যকভাবে অবস্থান করে।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ বিভিন্ন প্রজাতির ছোট মাছ এই জালে বেশি ধরা পড়ে, যেমনঃ পুঁটি, চেলা, মলা, ঢেলা, চান্দা, ইচা ইত্যাদি।

### 7(1) Drag Net/ Tana Jal

**Group name:** Dragged Net.
**English name:** Drag Net/Dredge Net.
**Local name in haor area:** Tana Jal.
**Materials used:** Net, Nylon/Plastic rope and Bamboo.

**Description:** Rectangular; it is 12 feet long and 7.5 feet high (Maximum). Its mesh size varies between 0.1-0.5 inches. Thick ropes are attached with its four border lines by hemming. Four corners of net are tied at edges of 7.5 feet long two bamboo sticks separately by ropes. This net structure is seen as a goal post of a football field.

**Mode and place of Operation:** It is used mainly in the shallow water during starts of rainy season and beginning of dry season. Two persons are needed to operate this net. They grip these 2 bamboos separately at a time, immerse under the water vertically and haul forward for a while (about 5-10 minutes) and then pull up from water and fish is collected. It stays slanting during operation.

**Species caught:** Small fish species are entrapped, such as barb, large razorbelly minnow, gora-chela, mola carplet, cotio, highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet shrimps etc.

### ৭ (২) দলীয় (গ্রুপ) নামঃ টানা জাল (ড্র্যাগ্)

ইংরেজী নামঃ ড্র্যাগ নেট/ড্রেজ্ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ ইচার জাল, রাম জাল।
তৈরীর উপকরণঃ নাইলন সুতার জাল, নাইলন সুতা, বাঁশ, ২টি আস্তত্ম ইট বা পাথর এবং ৩০০ ফুট পরিমান কাছি।



জালের বর্ণনাঃ ইহা ত্রিভুজাকৃতির, ০.০২৪ ইঞ্চি ফাঁস বিশিষ্ট একটি জাল। জালের পার্শ্বগুলির সাথে মোটা সুতা হেম করা থাকে। ইহার ভূমি সংলগ্ন বাহুদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য ৬-৭.৫ ফুট এবং ভূমি সংলগ্ন বাহুর দৈর্ঘ্য ৫.২৫-৬ ফুট বিশিষ্ট হয়ে থাকে। ৩ টুকরা সরু বাঁশ ত্রিভূজাকারে একে অন্যের সাথে এমনভাবে বাঁধা হয় যাতে কাঠামোটির পশ্চাতে ছোট হাতল থাকে। এবার জালের প্রাত্মগুলি ত্রিভুজাকৃত্রির কাঠামোর সাথে সুতা দিয়ে ভালভাবে বেঁধে দেয়া হয়। সম-ওজনের ২টি পাথর বা ২টি আস্তত্ম ইট আনুভূমিক বাহু সংলগ্ন বাহু দু'টির নীচ থেকে ১ফুট উপরে সুতা দ্বারা বাঁধা হয়। ভূমি থেকে ১ফুট উপরে পার্শ্ব বাহুদ্বয়ের সাথে ৬ ফুট লম্বা এবং পার্শ্ব বাহুর সংযোগস্থলে ৮ ফুট লম্বা সুতা শক্ত করে বাঁধা হয় এবং সুতা ৩ টির অপর প্রাত্মগুলি একসাথে বাঁধা হয়। এবার ৩০০ ফুট বিশিষ্ট মোটা নাইলনের রশি ৩টি রশির সংযোগস্থলে বাঁধা হয় এবং রশিটির মুক্ত প্রাত্ম নৌকার সাথে বাঁধা থাকে। পূর্ণাঙ্গ জালটি দেখতে অনেকটা ঠেলা জালের মত হয়। সুনামগঞ্জ থেকে জাল সংগ্রহ করে এটি তৈরী করা যায়।

জালের ব্যবহারঃ এই জাল ব্যবহারের জন্য ২জন লোকের প্রয়োজন হয়। প্রথমে একটি নির্দিষ্ট স্থানে পানির তলদেশে মাটিতে পুঁতে রাখা ১টি বাঁশের সাথে কাছির একপ্রাত্ম বাঁধা হয়। অতপর নৌকা বেঁয়ে কাছির সমপরিমাণ দূরত্ব অতিক্রম করে জালটি আস্তেত্ম আস্তে নৌকা থেকে পানিতে ফেলা হয় এবং বৈঠার সাহায্যে ক্রমান্বয়ে পিছন দিকে ধাবিত হয়ে পুণরায় বাঁশের নিকট আসা হয়। ডুবক সংযুক্ত করার দরুণ জালের ভূমি বাহু তলদেশে পৌছায়। একজন লোক জাল পানিতে ফেলার পর টেনে নৌকার উপর তুলে আনে এবং অপরজন বৈঠার সাহায্যে নৌকার ভারসাম্য বজায় রাখে। সাধরণত হাওড় অঞ্চলে সর্বোচ্চ জলসীমা পর্যন্তএই জাল ব্যবহার করা যায়। বর্ষা মৌসূমের শুরু থেকে শুস্ক মৌসূমের পূর্ব পর্যন্ত এই জাল ব্যবহৃত হয়ে থাকে।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ মূলত ইচা এই জালে ধরা পড়ে। আন্যান্য মাছের মধ্যে রয়েছে গোল চান্দা ও লম্বা চান্দা।

### 7(2) Drag Net/ Ichar Jal

**Group name:** Dragged Net.
**English name:** Drag Net/Dredge Net.
**Local name in haor area:** Ichar Jal/ Ram Jal.
**Materials:** Nylon net, Nylon rope, Bamboo, 2 pieces of Brikey or Stone and 300 feet long thick ropes.

**Description:** It is a triangular net with 0.024 inches mesh is used to prepare this net. Both edges are hemmed with thick ropes. Both of 2 ground adjoin arms are 6-7.5 feet long and ground arm is 5.25-6 feet in dimension. 3 pieces of narrow bamboo sticks are bent with each other as triangular shape so that an elongated handle is created behind the structure. Edges of net are bent with the triangular shape structure using nylon twine. 2 pieces of same weight stones or bricks are tied with the ground adjoin arms maintaining a distance of about 1 foot from ground. Two pieces of ropes about 6 feet long are tied with the ground adjoint arms at 1 foot high from the ground and about 8 feet long rope is tied with the top corner of the two side sticks and finally 3 free edges are tied together. One edge of a 300 feet long thick nylon rope is tied at the joint of the three ropes and other edge is tied with the boat. The completed net shape looks like a push net. It can be prepared by collecting net from Sunamganj.

**Mode and place of Operation:** Two persons are needed to operate this net. One edge of a thick rope is tied with a bamboo pole which is fixed on bottom under the water. Hereafter, the net is placed slowly in the water after chasing the total length of the thick ropes and go back again at the starting point with the help of scull. Due to attachment of sinkers (weights), its ground arm reaches to the bottom. One person pull up the net on the boat by dragging and other person keeps the boat in balance by the help of scull. Generally it can be operated at the maximum water depth; it is operated from the starts of rainy season and continues up to starts of dry season.

**Species caught:** Mainly prawn is caught by this gear. Other species are indian glassy fish and elongate glass-perchlet.

### ৭(৩) দলীয় (গ্রুপ) নামঃ টানা জাল (ড্র্যাগ্)

ইংরেজী নামঃ ড্র্যাগ নেট/ড্রেজ্ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ কডি জাল, কটি জাল, প্যারা জাল, হরহরি জাল, হরহইরা জাল।
তৈরীর উপকরণঃ নাইলন সুতার জাল, নাইলন সুতা, মোটা দড়ি, ভাসক (স্পঞ্জ বা পাষ্টিকের), নিমজ্জক (লোহার তৈরী), প্রয়োজনীয় মাপের বাঁশের টুকরা।



জালের বর্ণনাঃ আকৃতিগত দিক থেকে এ জালটি রম্বস-এর ন্যায়, ফাঁস ০.৫-০.৫৫ ইঞ্চি, দৈর্ঘ্য ২২ ফুট ও প্রস্থ ১২ ফুট। অনেকগুলো জাল একসাথে জোড়া দিয়ে এজাল তৈরী করা হয়, উপর ও নীচ বর্ডারে মোটা নাইলন সূতা সংযুক্ত থাকে যার সাথে যথাক্রমে ভাসক ও ডুবক সংযুক্ত করা হয়। ভাসক প্রায় ৩ ফুট দুরে দুরে সংযুক্ত করা হয় এবং ২কেজি পরিমাণ ডুবক খুব ঘন ঘন অবস্থানে সংযুক্ত করা হয়। জালের রশিদ্বয়ের গোড়ায় ১.৫ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট ২টি বাঁশের টুকরা বেঁধে দেয়া হয় যাতে জালের মুখ ফাঁকা থাকে। জালের মুখের দুই প্রান্তে ৩০০ ফুট পরিমাণ মোটা কাছি বাঁধা থাকে। এছাড়া ৪.৫-৬ ফুট পরিমাণ আরও দু'টি বাঁশের টুকরার এক প্রান্ত জালের কাছি সংযুক্ত স্থান থেকে ৭.৫ ফুট দুরত্বে সংযুক্ত করা হয় যা জালটিকে পানিতে ভারসাম্যাবস্থায় রাখতে সাহায্য করে। জালের পিছনের অংশ ক্রমান্বয়ে সামান্য সরু হয়ে থাকে।



জালের ব্যবহারঃ জাল পরিচালনার জন্য ১টি নৌকার প্রয়োজন হয়। প্রথমে একটি নির্দিষ্ট স্থানে পানির তলদেশে মাটিতে পুঁতে রাখা ১টি বাঁশের সাথে কাছির একপ্রান্ত বাঁধা হয়, অতপর নৌকা বেঁয়ে কাছির সমপরিমাণ দূরত্বে গিয়ে সমগ্র জালটি আস্তে আস্তে নৌকা থেকে পানিতে ফেলা হয় এবং বৈঠার সাহায্যে ক্রমান্বয়ে পিছন দিকে ধাবিত হয়ে পুণরায় বাঁশের নিকট আসা হয়। সম্পুর্ণ জালটি পানিতে প্রতিস্থাপন শেষ হলে ডুবকের প্রান্ত মাটির সংস্পর্শে আসে এবং ভাসক প্রান্ত পানিতে নিলম্বিত অবস্থায় থাকে। এ পর্যায়ে নৌকার দুই প্রান্ত থেকে দু'জন লোক রশি ধরে টেনে নৌকার উপর তুলে এবং জাল থেকে মাছ সংগ্রহ করে। জুলাই থেকে অক্টোবর পর্যন্ত হাওড়ে এবং এপ্রিল পর্যন্ত নদীতে ৭.৫ ফুট থেকে ৪৫ ফুট পর্যন্ত গভীরতায় এ জাল ব্যবহৃত হয়ে থাকে। সাধারণত ভোর থেকে দুপুর ১২টা পর্যন্ত এই জাল দিয়ে মাছ ধরা হয়।

জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ হাওড়ে- মূলত গুচি বাইম, তারা বাইম, শাল বাইম, গুতুম, রানী, খলিশা, গজার, শোল, টাকি, ইছা, গুড়া ইছা, টেংরা, বজুরি, কাকিলা, ভেদা ও চান্দা নদীতে- মূলত আইড়, গুলশা, বোয়াল, শাল বাইম, টেংরা ও ইছা।

### 7(3) Drag Net/ Para Jal

**Group name:** Dragged Net.
**English name:** Drag Net/Dredge Net.
**Local name in haor area:** Kodi Jal, Koti Jal, Para Jal, Horhori Jal, Horhoira Jal.
**Materials:** Nylon net, Nylon rope, Thick rope, Floating (made of sponge or plastic), Sinker (iron made weight), Pieces of bamboo.

**Description:** It is a rhombus shaped gear, mesh size varies between 0.5-0.55 inches, rectangular opening is 22 feet long and 12 feet wide. It is prepared attaching pieces of nets, upper and lower borders are tide with thick ropes, floats and sinkers (weights) are attached with its upper and lower border respectively. Floats are attached with 3 feet distance in each and sinkers of about 2 kilograms are attached closely. Two pieces of 1.5 feet long bamboo sticks are tied with the basement of two border lines to maintain a gap between the mentioned border lines. About 300 feet long thick ropes are bent with both the two corners of the net. Besides this, two pieces of 4.5-6 feet long bamboo pieces are tied of its one edge with both the thick ropes maintaining a distance of about 7.5 feet which helps keeping the balance the net..

**Mode and place of Operation:** A boat is needed to operate; thick rope is tied with a bamboo pole which is fixed on bottom under water. The whole net is placed slowly into the water after chasing the total length of thick ropes and going back from the starting point with the help of scull. Weights consisting border line reaches the bottom and floats remain submersed when whole net is placed into water. Hereafter, two persons pull up the net on the boat by dragging and collect fish. It is operated during July-October in haor area; and up to April in the river in a depth of about 7.5-45 feet. Generally it is operated from dawn to 12:00 pm to catch fishes.

**Species caught:** Barred spiny eel, lesser spiny eel, zig-zag eel, loach, bengal loach, dwarf gourami, banded gourami, giant snakehead, snakehead murrel, spotted snakehead, prawn, tiny prawn, kerala mystus, stripped dwarf cat fish, freshwater garfish, gangetic leaffish and highfin glassy perchlet, indian glassy fish, elongate glass-perchlet are caught in the beel and haor. Long-whiskered catfish, giant river catfish, day's mystus, wallago, zig-zag eel, kerala mystus and prawn are caught in the river.

## ৮। ব্যাগ নেট (Set bag net)



৮ (১) দলীয় (গ্রুপ) নামঃ স্থির বা স্থিরীকৃত জাল।
ইংরেজী নামঃ ফিক্সড সেট ব্যাগ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ ভর জাল/বোর জাল।
তৈরীর উপকরণঃ নাইলনের জাল, মোটা নাইলন সুতা, এবং বাঁশ।

জালের বর্ণনাঃ ইহা একটি বর্গাকৃতির জাল এবং ইহার ফাঁস ০.৬- ১.৫ ইঞ্চি হয়ে থাকে। ইহার মুখের বিপরীত দুই প্রান্তে মোটা নাইলনের বা পাষ্টিকের সুতা সেলাই করে সংযুক্ত করা হয় এবং সুতার উভয়প্রান্তে বাঁশের খুঁটির সাথে বাঁধার জন্য অতিরিক্ত সুতা রাখা হয়। এই দুই প্রান্তকে ১২-১৫ ফুট ফাঁকা রেখে মাটিতে পুঁতে রাখা ৪টি বাঁশের খুঁটির সাথে পানির উপরিতল থেকে ৩-৪.৫ ফুট উপরে বাঁধা হয়। সন্মুখভাগে জালের কোণ সংলগ্ন দুই প্রান্তে ১৫ ফুট পরিমাণ ২টি সরু বাঁশের টুকরার একপ্রান্ত বাঁধা থাকে যার স্থানীয় নাম ক্ষার। জালের দুই পার্শ্বে ২টি মাচা (স্থানীয় নাম হাবুম) তৈরী করা হয়, মূলত এই মাচার উপর অবস্থান করে ক্ষারের সাহায্যে জাল পানিতে প্রতিস্থাপন করা হয়। জালের পার্শ্ব দুইপ্রান্তেও মোটা সুতা সেলাইয়ের মাধ্যমে সংযুক্ত থাকে যার উভয় প্রান্তে অতিরিক্ত সুতা রাখা হয়, তবে এই সুতা এমনভাবে সেলাই করে দেয়া হয় যার সাহায্যে প্রয়োজন অনুযায়ী জালের পার্শ্ব প্রান্তের আকার ছোট বা বড় করা যায়। জালটির দৈর্ঘ্য মূলত ৬০-৭০ ফুট হয়ে থাকে, তবে জালটি প্রতিস্থাপন অবস্থায় সন্মুখভাগ দৈর্ঘ্যে ৬০-৭০ ফুটই থাকে এবং প্রস্থ অর্ধেকে নেমে আসে। জালটি পূর্ণাঙ্গ রূপ পেলে দেখতে অনেকটা থলের মত হয়। সুনামগঞ্জ, সিলেট এবং ঢাকা থেকে এই জাল সংগ্রহ করা যায়।

জালের ব্যবহারঃ জালটি শুধুমাত্র স্রোতের বিপরীতে প্রতিস্থাপন করা যায়। এটি ব্যবহার করতে ন্যুনতম ৩ জন লোক এবং ১-২টি নৌকার প্রয়োজন হয়। ক্ষারের পশ্চাৎভাগ ধরে জালটি পানির মধ্যে জলাশয়ের তলদেশে লাগিয়ে রাখা হয় এবং ১০-১৫ মিনিট পর ক্ষারের সাহায্যে পানির উপর তুলে এনে মাছ সংগ্রহ করা হয়।

এ জালে ধরা পড়া প্রজাতি সমূহঃ প্রধানত ঘনিয়া মাছ, এছাড়া রায়েক, রুই, মৃগেল, কালিবাউশ, বোয়াল, কাতলাও ধরা পড়ে।

### 8(1) Set Bag Net/ Bhar Jal

**Group name:** Fixed Net.
**English name:** Fixed Set Bag Net.
**Local name in haor area:** Bhar Jal/ Bor Jal.
**Materials:** Nylon net, thick Nylon rope and Bamboo.

**Description:** It is a rectangular shaped net and its mesh varies between 0.6-1.5 inches. Thick rope is hemmed with both the two opposite border lines which are considered as front part of the net and extra rope is set aside also with those 2 ropes to tie with the bamboo poles. These two edges are tied with the four bamboo poles above water surface for 3-4.5 feet maintaining a distance of about 12-15 feet from each other. Another two pieces of bamboo, 15 feet long are tied with the frontal edge-rope near each angle of the net which is locally called khar. Two platforms (locally called habum or machan) are made at both sides of the net structure. Net is operated by the help of khar standing upon these platforms. Thick ropes are also hemmed with each edge of other two sides which are flexible so that these two sides can be narrow as required. The length dimension of front side remains 60-70 feet and width becomes in half of total length in setting condition. A complete net shape is similar to a bag. Net is collected from local market of Sunamganj and Sylhet and Dhaka also.

**Mode and place of Operation:** It is used against current only. Three persons and 1-2 boats are needed to operate the gear. Net is placed in the waterbody on bottom contact holding it's behind the khar and it is pulled up on boat by the help of the khar after 10-15 minutes.

**Species caught:** Especially kuria labeo; reba, rohu, mrigal, orange fin labeo, wallago, catla are entrapped also by this gear.

### ৮ (২) দলীয় (গ্রুপ) নামঃ স্থির বা স্থিরীকৃত জাল

ইংরেজী নামঃ ফিক্সড সেট ব্যাগ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ গোর জাল।
তৈরীর উপকরণঃ মোটা নাইলন সুতা, আনেকগুলি বাঁশের টুকরা, ২টি পাটি/পাটা, পলিথিন, ১টি নৌকা।



জালের বর্ণনাঃ ইহা একটি আয়তাকার জাল; জালের ফাঁস ০.৫ ইঞ্চি, দৈর্ঘ্য ২২-৩০ফুট এবং প্রস্থ ১২-২৭ফুট পর্যন্ত হয়ে থাকে। জলাশয়ের অবস্থানের (নালার আকার) উপর ভিত্তি করে জেলেরা এর দৈর্ঘ্য হ্রাস-বৃদ্ধি করে থাকে। জালের চারিপার্শ্বের বর্ডার বরাবর মোটা নাইলনের সুতা সেলাই করে বেঁধে দেয়া হয় এবং বাঁশের অবকাঠামোর সাথে বাঁধার জন্য জালের প্রত্যেক কোণে অতিরিক্ত সুতা রাখা হয়। বিলের পানি নির্গমণ স্থানে (নালা) প্রথমে সর্বোচ্চ ১ফুট ফাঁকা রেখে দু'টি বাঁশের খুঁটি মাটিতে পুঁতে দেয়া হয় এবং ক্রমান্বয়ে উহার উভয় দিকের পশ্চাতে ৪.৫ফুট পরিমাণ দূরত্বে জালের মাপ অনুযায়ী আরও কয়েকটি খুঁটি সারিবদ্ধভাবে পুঁতে দেয়া হয় যার আকার ক্রমান্বয়ে প্রশস্ত হয়ে থাকে। পানি থেকে ৪.৫ফুট উপরে খুঁটিগুলির সাথে আনুভূমিকভাবে বাঁশের মাচা তৈরী করা হয় যা জাল পরিচালনার জন্য ব্যবহৃত হয়ে থাকে; তবে কোনও কোনও স্থানে মাচা থাকেনা। এবার কাঠামোর ভিতরে মাচা বরাবর স্থানে জালের চারি-পার্শ্ব বর্ডার বাঁধা হয়, এর ফলে জালের তলদেশ জলাশয়ের তলদেশে পৌঁছায়, জালের সন্মুখভাগ মাটির সাথে লেগে থাকে এবং মাছ চলাচলের পথ তৈরী হয়। শুধুমাত্র জালের মুখ দিয়ে পানির প্রবাহ নিশ্চিত করার জন্য সন্মুখ প্রান্তে পুঁতে রাখা খুঁটি থেকে ২টি পাটি/পাটা স্থাপন করা হয় যা (V) এর ন্যায় আকার ধারণ করে। সম্পূর্ণ পানির প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে অনেকে পাটার ভিতরের পার্শ্বে পলিথিন ব্যবহার করে থাকে। মাছ রাখার জন্য জালের কাঠামোর পশ্চাতে একটি ছোট আকারের নৌকা বেঁধে রাখা হয়।

জালের ব্যবহারঃ ডিসেম্বর-মার্চ মাস পর্যন্ত সময়কালে বিলের পানি খাল দিয়ে নির্গমণের স্থানে স্রোতের বিপরীতে জালটি প্রতিস্থাপন করা হয়। পানি নির্গমণের সময় উৎপন্ন স্রোতের সাথে মাছ জালের ফাঁদে আটকা পড়ে এবং জেলেরা তখন মাচা ব্যবহার করে আগে থেকে জালের নীচে রাখা সুতার সাহায্যে জাল উত্তোলন করে মাছ সংগ্রহ করে। এ জাল পরিচালনা করতে কমপক্ষে দু'জন লোকের প্রয়োজন হয়।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ স্রোতের সাথে আসা সকল প্রকার মাছ এ জালে আটকা পড়ে।



Backward view

### 8(2) Set Bag Net/ Gor Jal

**Group name :** Fixed Net.
**English name :** Fixed Set Bag Net.
**Local name in haor area :** Gor Jal.
**Materials :** Nylon rope, Numbers of bamboo pieces, 2 pieces of bana, Plastic papers and a boat.

**Description:** It is a rectangular shaped gear; its mesh size is about 0.5 inches, its maximum length and width is about 22-30 feet and 12-27 feet in dimension. Fishers enlarge or shorten its length according to the situation (size of canal) of the waterbody. Thick ropes are attached with its four border lines by hemming and extra ropes are set aside in its four corners to tie with bamboo structure. Two bamboo poles are fixed in the earth to maintain a maximum distance about 1 foot at the both sides of canal and numbers of bamboo poles are fixed behind the two fixed poles in two rows maintaining a distance about 4.5 feet of which the breadth is gradually increased. Platform is made on its both sides about 4.5 feet above of water surface which is used as net operation place; but this platform is absent in some structures. Hereafter, four borders of the net are tied with the bamboo structure to platform direction inner side of the structure, as a result bottom of the net reaches on the bottom of the waterbody, frontal border makes contact with earth and a path is created for movement of fish. To ensure the water flow through the opening of net, two banas are fixed in front of the structure as ('V') shape. Some persons use plastic papers to ensure the whole water flow. A small size boat is reserved with its back side to keep in the caught fishes.

**Mode and place of Operation:** It is fixed in the mouth of the beel adjoin canal during December-March against current when water goes back through the canal. Fishes are entrapped in the net during created a current when water goes to the down stream from the beel and fishers collect fishes from the net by hauling up the rope which was kept under the net in the water. At least two persons are needed to operate this net.

**Species caught:** All species which come through the current are caught.

### ৮ (৩) দলীয় (গ্রুপ) নামঃ স্থির বা স্থিরীকৃত জাল

ইংরেজী নামঃ ফিক্সড সেট ব্যাগ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ বান্দর জাল/ শয়তাল জাল।
তৈরীর উপকরণঃ নাইলন সুতার জাল, মোটা নাইলন সুতা, বাঁশের খুঁটি ৬-১০টি, নৌকা ২টি ।



**জালের বর্ণনাঃ** ইহা একটি আয়তাকার জাল এবং ইহার ফাঁস ২.০- ২.৫ ইঞ্চি হয়ে থাকে। ইহার চারি বর্ডারে মোটা নাইলনের বা পাষ্টিকের কাছি সেলাই করে সংযুক্ত করা হয় এবং সুতার উভয় প্রান্তে বাঁশের খুঁটির সাথে বাঁধার জন্য অতিরিক্ত সুতা রাখা হয়। জালটি মূলত নদীতে আঁড়াআঁড়িভাবে সেট বা প্রতিস্থাপন করা হয়। জালটি সেট করার জন্য প্রথমত নদীর দুই পার্শ্বে স্থান নির্বাচন করা হয়, নদীর এক পার্শ্বে পাশাপাশি দুটি মজবুত খুঁটি পুঁতে রাখা হয় যার সাথে মূল জালটির দু'কোনা রশির সাহায্যে বেঁধে দেয়া এবং জালের অপর কোনাদ্বয় মুক্ত অবস্থায় থাকে। জালটি যাতে সমতলভাবে পানির তলদেশে মাটির সংস্পর্শে থাকতে পারে তজ্জন্য জালের উভয় পার্শ্বের দৈর্ঘ্য বরাবর বর্ডারে নির্দিষ্ট দুরত্বে ৫০০ গ্রাম ওজনের ৮-১০টি পাথর টুকরা সংযুক্ত করা হয়। সুনামগঞ্জ, সিলেট, ভৈরব, কিশোরগঞ্জ এবং ঢাকা থেকে এই জাল সংগ্রহ করা যায়।

**জালের ব্যবহারঃ** জালটি স্থির অথবা মৃদু স্রোতশীল নদীতে প্রতিস্থাপন করা হয়। এটি ব্যবহার করতে ন্যুনতম ৮জন লোক এবং ২টি নৌকার প্রয়োজন হয়। জালের মুক্তপ্রান্তদ্বয় ঢিলা করে পানিতে প্রতিস্থাপন করা হয় এবং কাছি টানের মাধ্যমে পানির উপর তুলে এনে নৌকার সাহায্যে মাছ সংগ্রহ করা হয়। একবার জাল প্রতিস্থাপন ও মাছ সংগ্রহ কার্য সম্পন্ন করতে প্রায় ১ ঘন্টা সময় লাগে। ১৫ ফুট ও ততোধিক গভীরতার পানিতে এই জাল প্রতিস্থাপন করা সম্ভব।

**এ জালে ধরা পড়া প্রজাতি সমূহঃ** প্রধানত বোয়াল, ঘনিয়া, আইড়, রায়েক, রুই, কাতলা, মৃগেল ও কালিবাউশ ধরা পড়ে।



### 8(3) Set Bag Net/ Bandor Jal

**Group name:** Fixed Net.
**English name:** Fixed Set Bag Net.
**Local name in haor area:** Bandor Jal/ Saitan Jal.
**Materials:** Nylon net, thick Nylon ropes, 6-10 pieces of Bamboo poles and 2 boats.

**Description:** It is a rectangular shaped net and its mesh size varies from 2.0 to 2.5 inches. Both of its four border lines are hemmed with thick nylon or plastic ropes and additional ropes are also kept to bend with the bamboo poles. The net is set across the river. First of all, sites are selected, two bamboo poles are fixed in one bank of the river and the ropes of the two corners are bent with the poles and other corners are kept in free. 8-10 pieces of 500 gram size stones are also enclosed with its both lengths border lines to sink the net in the water and makes contact with bottom as horizontal line. Net is collected from Sunamganj, Sylhet, Bhairabh, Kishoreganj and Dhaka.

**Mode and place of Operation:** The net is set in calm or slight current water. At least 8 persons and 2 boats are needed to operate the gear. The net is placed in the water by making loose and pull it up by hauling and fish is collected. About 1 hour is needed to complete a fishing task. It is possible to operate in 15 feet and more depth.

**Species caught:** Mostly wallago, kuria labeo, long whiskered catfish, giant river-catfish, reba, rohu, catla, mrigal and orange fin labeo.

৮ (৪) দলীয় (গ্রুপ) নামঃ স্থির বা স্থিরীকৃত জাল
ইংরেজী নামঃ ফিক্সড সেট ব্যাগ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ বস্তা জাল (সাভার জাল)।
তৈরীর উপকরণঃ নাইলন সুতার জাল, মোটা কাছি, ২টি বাঁশের টুকরা, নৌকা ১টি।



জালের বর্ণনাঃ এটি একটি কনিক্যাল আকৃতির জাল। কিন্তু প্রতিস্থাপন করলে এটির মুখ ষড়ভূজের আকারপ্রাপ্ত হয় এবং এটির মুখ খোলা রাখার জন্য দু'টি উলম্ব বাঁশের টুকরা ব্যবহার করা হয়। একটি কটন সুতার ব্যাগ অথবা নাইলন সুতার জাল দ্বারা তৈরী ব্যাগ জালের পশ্চাতভাগে সংযুক্ত থাকে যেখান থেকে মাছ সংগ্রহ করা হয়। মুখদেশ থেকে ব্যাগ পর্যন্ত জালের ফাঁসের আকার ভিন্নতর হয়। মুখদেশে জালের ফাঁস বৃহত্তর (১-১.৫ ইঞ্চি) হয় এবং ক্রমান্বয়ে ব্যাগ পর্যন্ত তা সরু (০.২-০.৪) হয়ে থাকে। জালটির মুখের ব্যাস (৪০-১২০) ফুট এবং দৈর্ঘ্য (৭৫-১২০) ফুট পর্যন্ত হয়। সুনামগঞ্জ, সিলেট, ভৈরব, কিশোরগঞ্জ এবং ঢাকা থেকে এই জাল সংগ্রহ করা যায়।

জালের ব্যবহারঃ জালটি নদীতে পাড়ের সন্নিকটে অথবা নদীর সাথে সংযুক্ত খালে (স্থানীয় নাম খাড়া) নিলম্বিত অবস্থানে স্রোতের বিপরীতে প্রতিস্থাপন করা হয়। জালের মুখে দু'টি বাঁশ খাড়াভাবে বাঁধা হয়। জালটিকে স্রোতের তীব্রতা থেকে সঠিক অবস্থানে রাখতে আরও পাঁচের অধিক বাঁশের খুঁটি ব্যবহার করা হয়। মাছ স্রোত প্রবাহের সাথে জালের ভিতর প্রবেশ করে এবং পিছনের ব্যাগের ভিতর জড়ো হয়; জাল ব্যবহারকারী তখন জাল থেকে মাছ সংগ্রহ করে। উলেখ্য যে, নদীতে ব্যবহৃত হয় এমন জালে কটন বা নাইলনের ব্যাগ সেট করা থাকে এবং খালে (খাড়া) ব্যবহৃত হয় এমন জালে ব্যাগ সেট করা থাকেনা। জালটি প্রতিস্থাপন অবস্থায় সাধারণত দেখা যায় না, তবে পানির উপরিতল থেকে শুধুমাত্র জালের উপরের বর্ডারের মোটা কাছি দৃশ্যমান থাকে।

এ জালে ধরা পড়া প্রজাতি সমূহঃ সকল প্রজাতির মাছ এজালে আটকা পড়ে।



### 8(4) Set Bag Net/ Basta Jal

**Group name:** Fixed Net.
**English name:** Fixed Set Bag Net.
**Local name in haor area:** Basta Jal (Shavar jal).
**Materials:** Nylon net, thick Nylon ropes, 2 Bamboo plates, numbers of Bamboo poles and 1 Boat

**Description:** More or less conical shaped net. Its mouth is rectangular but it becomes hexagonal when it is set and two vertical bamboo plates help to keep it open. A cotton bag or nylon bag is connected loosely at the end of the net from where fish is collected. Its mesh size varies from its opening to the bag area. Mesh sizes are bigger (1-1.5 inch) of its opening and become smaller progressively to the bag area (0.2-0.4 inch). Opening diameter varies from 40-120 ft and length is also 75-120 ft. Net is collected from Sunamganj, Sylhet, Bhairabh, Kishoreganj and Dhaka.

**Mode and place of operation:** The net is set in submersed against the current near the bank of a river or in the canal (locally called khara) which is connected with the river where water flow is present. Two bamboo plates are tied vertically with its mouth. Another 5 more bamboo poles are also used to keep safe from the intensity of current. Fishes come in favor of water flow and enter into the net and gather in cotton bag or net (fine mesh size zone) in the back edge; then the operator collects them. It is mentioned that cotton or nylon made bag is used in the net which is set in the river and bag is absent for which is used in the canal (locally called khara) in haor area. This net is not seen when it is set but its thick rope is sighted only from the water surface.

**Species Caught:** All the species are entrapped in the net.

৮ (৫) দলীয় (গ্রুপ) নামঃ স্থির বা স্থিরীকৃত জাল
ইংরেজী নামঃ ফিক্সড সেট ব্যাগ নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ ডেরা জাল, লাফ জাল।
তৈরীর উপকরণঃ জাল, মোটা লাইলন সুতা ও বাঁশ।



জালের বর্ণনাঃ আয়তাকার; সাধারণত দৈর্ঘ্য সর্বোচ্চ ৩০-৭৫ ফুট এবং চওড়া ৬-৯ ফুট পর্যন্ত হয়ে থাকে। ইহার ফাঁস সাধারণত ০.৩-০.৬ ইঞ্চি হয়ে থাকে। জালের পার্শ্বগুলি মোটা সুতার সাথে হেম করা থাকে। বাঁশের ফালি বা বাঁশের সরু খুঁটি পানির তলদেশে মাটিতে এমনভাবে দুই সারিতে সমান্তরালে পুঁতে দিতে হয় যেন দুই সারির মধ্যবর্তী দূরত্ব ৪-৬ ফুট হয়। প্রতি সারির খুঁটির দূরত্ব ৩-৪ ফুট হয়ে থাকে; সাধারণত খুঁটির উচ্চতা নির্ভর করে পানির গভীরতার উপর, তবে সাধারণত ৪-৬ ফুট বিশিষ্ট হয়। জালটি দৈর্ঘ্য বরাবর খুঁটির দুই সারির উপর এমনভাবে প্রতিস্থাপন করা হয় যেন জালটি কার্ভ আকারে পানির উপরিতলের সন্নিকটে পৌঁছায়।

জালের ব্যবহারঃ জালের নীচে পানির তলদেশে কিঞ্চিত প্রতিবন্ধক স্থাপন করা হয় যাতে মাছের স্বাভাবিক চলাচলের গতিতে বাঁধাগ্রস্ত হলে লাফিয়ে ওঠে এবং জালের ফাঁদের উপর গিয়ে পড়ে। কিছুক্ষণ পর পর উক্ত ফাঁদের ওপর থেকে মাছ সংগ্রহ করা হয়। এই জাল প্রতিস্থাপন করতে একজনই যথেষ্ট।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ বিভিন্ন প্রজাতির পুঁটি, চেং/টাকি, চেলা ও ঢেলা অন্যতম।

### 8(5) Set Bag Net/ Dera Jal

**Group name:** Fixed Net.
**English name:** Fixed Set Bag Net.
**Local name in haor area:** Dera Jal, Laf Jal.
**Materials:** Net, Thick nylon rope and Bamboo.

**Description:** Rectangular; it is 30-75 feet long and 6-9 feet wide (Maximum). Its mesh size varies between 0.3-0.6 inches. Thick ropes are attached with its four border lines by hemming. Bamboo slices or narrow bamboo poles are fixed laterally on the bottom of water between two series of rows maintaining a distance about 4-6 feet. Distance between two poles in a row is 3-4 feet; Height of every slice is 4-6 feet; height of the poles depends on the depth of water; however it is usually about 4-6 feet. Hereafter, net is placed on the top of the two series of poles for gaining curve shape between the two series of rows and the curve shape reaches near water bed.

**Mode and place of Operation:** Some minor obstacles are fixed under the net in the water with the intention that fish will jump on their normal movement and will drop on the net. After a while fishes are collected from the trap. 1 person is enough to operate the net.

**Species caught:** Different types of barb, walking snakehead, large razorbelly minnow, gora-chela and cotio.



৯। স্কিমিং নেট
দলীয় (গ্রুপ) নামঃ আঁকড়া জাল।
ইংরেজী নামঃ স্কিমিং নেট।
হাওড় অঞ্চলে প্রচলিত নামঃ লেওয়া জাল।
তৈরীর উপকরণঃ নাইলন সুতার জাল, মোটা নাইলন সুতা, ২টি বাঁশের গোলাকার ফালি, ১/২টি অর্ধেক ইটের টুকরা এবং ১টি নৌকা।

জালের বর্ণনাঃ উপবৃত্তাকার; জালের ফাঁস সাধারণত ১.৫ ইঞ্চি হয়, জালের মুখের উপর ও নীচের প্রান্তের বর্ডারে জালের ফাঁসের ভিতর দিয়ে ১৫-১৭ ফুট লম্বা দু'টি বাঁশের ফালি গেঁথে দেয়া হয় এবং ফালি দু'টির উভয় প্রান্ত পরস্পর থেকে ৪ ইঞ্চি ফাঁকা রেখে সুতা দ্বারা বেঁধে দেয়া হয়। নীচ প্রন্তের মাঝখানে সুতা দ্বারা ১/২ খন্ড অর্ধেক ইটের টুকরা সংযুক্ত করা হয় যাতে জালটি পানির গভীরে যেতে পারে এবং মাটির সংস্পর্শে আসতে পারে। ইটের সংযোগ স্থলে একটি লম্বা সুতা বাঁধা হয়।

জালের ব্যবহারঃ অক্টোবর- নভেম্বর মাসে নদীতে যখন স্রোত থাকে তখন এই জাল ব্যবহার করা হয়। সাধারণত একজন ব্যবহারকারী জালটি নিয়ে নৌকার এক প্রান্তে স্রোতের প্রতিকুলে অবস্থান নেয়; জালটির ওজন সংযুক্ত প্রান্ত পানিতে ফেলে এবং সুতাসহ অপর প্রান্ত হাতে ধরে রাখে এবং অপরজন বৈঠার সাহায্যে স্রোতের অনুকুলে ধাবিত হতে থাকে। এসময় মাছ স্রোতের বিপরীতে গমণের সময় জালে আটকা পড়ে এবং পালাবার চেষ্টা করলে জাল ব্যবহারকারীর হাতে থাকা সুতায় টান পড়ে। জাল ব্যবহারকারী তৎক্ষণাত সুতা টেনে জালের দুই মুখ একত্র করে এবং নৌকার উপর তুলে এনে মাছ সংগ্রহ করে।

এ জালে ধরা পড়া প্রজাতিসমূহঃ ধরা পড়া মাছের মধ্যে মূলত শতকরা ৯৯ ভাগই কালিবাউশ; অন্যান্য মাছের মধ্যে রয়েছে আইড়, বোয়াল ও ঘনিয়া।



**9. Skimming Net/ Lewa Jal**
**Group name:** Clasp Net.
**English name:** Skimming Net.
**Local name in haor area:** Lewa Jal.
**Materials:** Nylon net, thick Nylon rope, 2 pieces of bamboo slice, 1/2 pieces of half-brike and a boat.

**Description:** Perpendicular, mesh size about 1.5 inches, 15-17 feet long two bamboo slices are penetrated through the upper and lower mouth borders completely and both of two edges of slices are closely tied with ropes maintaining a 4 inches gape between both ends. 1/2 pieces of half a brick are enclosed with the middle of the lower border line to sink it in the water and make contact with the bottom. A long rope is also attached with where bricks are enclosed. Net is collected from the market of Derai and Patharia in Sunamganj District.

**Mode and place of Operation:** It is used in October-November when current is there in the river. Gear user stands upon the edge of boat against current; weight enclosed border line is immersed in the water and grips the other border line with rope and other person goes forward by the help of a scull. Fish are entrapped during movement against current and gear user feels a tension through the rope when fish tries to escape from this. The gear user closes the two mouth border lines by pulling the rope and lift up instantly on the boat and collects fish.

**Species caught:** Mainly 99% orange fin labeo is caught and other species are long whiskered catfish, giant river-catfish, wallago and kuria labeo.

## Building material of fishing gear, trap etc.

Different types of instruments in different areas are used for fishing all over Bangladesh. Name of these instruments as well as their building material differ with different area. Earlier different types of natural material like bamboo, wood, cane, katha (fibre of coconut tree) fibre of palm tree branches, date tree root, jute fibre is used as building material of fishing trap and gear. But, now, different artificial material is available and is used for making fishing instrument. Sunamganj area which is full of haor, baor, beel have different types of fishing instrument. Descriptions of some of the building material of these instruments are given bellow:

### মাছ ধরার সরঞ্জাম তৈরির উপকরণঃ


মাছ ধরার জন্য অনাদিকাল থেকে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বিভিন্ন ধরনের সরঞ্জাম ব্যবহৃত হয়ে আসছে। অঞ্চলভেদে এইসব সরঞ্জামের প্রকারভেদে যেমন রয়েছে বৈচিত্র্যতা, তেমনি একই সরঞ্জামের অঞ্চলভেদে রয়েছে বিভিন্ন নাম। আবার একই সরঞ্জামের তৈরি উপকরণও অঞ্চলভেদে আলাদা। পূর্বে মাছ ধরার জন্য বিভিন্ন ধরনের প্রাকৃতিক উপকরণ যেমন, বাঁশ, কাঠ, বেত, কাতা (নারকেলের ছোবড়া দ্বারা তৈরি সুতা), তাল গাছের ডগার আঁশ, খেঁজুর গাছের শিকড়, পাটের সূতা প্রভৃতির ব্যবহার দেখা যায় কিন্তু এখন কৃত্রিম বিভিন্ন উপকরণের সহজলভ্যতার দরুণ এইসব উপকরণ বিভিন্ন সরঞ্জাম তৈরিতে ব্যবহার করতে দেখা যায়। হাওড়-বাওড়-বিল পরিবেষ্টিত সুনামগঞ্জ অঞ্চলে মাছ ধরার সরঞ্জামের রয়েছে বৈচিত্র্যপূর্ণ সম্ভার। এই সব সরঞ্জাম তৈরিতে যেসব উপকরণ ব্যবহৃত হয় তার কিছু চিত্র নিচে উপস্থাপন করা হলঃ


Thick Nylon rope


Nylon twine


Thick Plastic rope


Mosquito net


Mosquito net


Cane slice

# References

Bishnu Das & Aparesh Bandayapaddaya Joisthya/June 2000. Matshya Sangraha Projukti (Fish Harvesting Technology) vol. II.

www.fishbase.org





Community Based Resource Management Project
Local Government Engineering Department
LGED Bhaban (level 11), Agargaon, Shere-E- Banglanagar,
Dhaka 1207
Tel: 8802 8151387, 8802 8155581
Email: mohsin300964@yahoo.com

WorldFish-Bangladesh & South Asia Office
House 22B, Road 7, Block F, Banani
Dhaka-1213, Bangladesh
Phone : (+880-2) 8813250, (+880-2) 8814624, (+880-2) 8817300
Web : www.worldfishcenter.org